



ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com






JAGARAN ■ 70 Years ■ Issue-325 ■ 2 September, 2024 ■ আগরতলা ২ সেপ্টেম্বর, ২০২৪ ইং ■ ১৬ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### মুখ্যমন্ত্রী ডা: সাহার ধন্যবাদ ও কৃতজ্ঞতা

## রাজ্যের বন্যাত্রানে আসাম সরকারের ৫ কোটি টাকা আর্থিক সহায়তা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর ।।** বন্যা পরবর্তী পরিস্থিতিতে ত্রিপুরা রাজ্যের পাশে দাঁড়াতে এবার মানবিক মুখ নিয়ে এগিয়ে এল আসাম সরকার। রবিবার সকালেই মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহার হাতে আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা ও আসাম সরকারের পক্ষ থেকে ৫ কোটি টাকার অর্থরাশি তুলে দিলেন সেই রাজ্যের পর্যটন মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া।

সামাজিক যোগাযোগ মাধ্যমে এক বার্তায় মুখ্যমন্ত্রী ডাঃ সাহা এই খবর জানান।

মুখ্যমন্ত্রী জানান, রাজ্যের বন্যায় ক্ষতিগ্রস্থদের ত্রাণ সহায়তায় এগিয়ে আসার জন্য আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা ও আসাম সরকারের প্রতি আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

আজ আমার সরকারি বাসভবনে আসাম সরকারের পক্ষে সম্মানিত পর্যটন মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া ৫ কোটি টাকার অর্থরাশি বন্যাদূর্গতদের প্রদান করেন। এজন্য আমি শ্রী মল্ল বড়ুয়াকেও অশেষ ধন্যবাদ জানাই।

উল্লেখ্য, ত্রিপুরার বন্যা ত্রাণ কাজে গতি আনতে উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, অরুণাচল প্রদেশ সহ একাধিক রাজ্যের মুখ্যমন্ত্রীগণ আর্থিক সহায়তার হাত বাড়িয়ে দিয়েছেন। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারও আর্থিক প্যাকেজ ঘোষণা করেছে।

## মনিপুরের ইম্ফলে নতুন করে হিংসা হত মহিলা, জখম শিশু সহ তিন



**ইমফল, ১ সেপ্টেম্বর (হি.স.) ।।** মণিপুরের ইমফল পশ্চিম জেলার অন্তর্গত কাংচুপ অঞ্চলের কাউতরুক গ্রামে সংগঠিত গোলাগুলির ঘটনায় রাজ্যে আবারও উত্তেজনার সৃষ্টি হয়েছে। রাজ্য পুলিশের সদর দফতরের জনৈক আধিকারিক-সূত্রে জানা গেছে, আজ রবিবার বেলা প্রায় দুটা নাগাদ ইমফল পশ্চিম জেলার অন্তর্গত কাংচুপ অঞ্চলের কাউতরু গ্রামে সন্দেহভাজন কুকি জঙ্গিরা গুলি হামলা চালায়। এতে একজন অসামরিক মহিলা নাগরিক সুরবালা এনগাংবাম (৩১), তাঁর ১২ বছরের শিশু এবং একজন সাধারণ নাগরিক গুলিবিদ্ধ হন। তাঁদের ল্যাংফেলে 'আঞ্চলিক ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস'-এ নিয়ে যাওয়া হলে সুরবালা এনগাংবামকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক। বাকিদের হাসপাতালে ভরতি করে চিকিৎসা চলছে। এছাড়া দুই পুলিশ কর্মীও গুলিবিদ্ধ হয়েছেন।

সূত্রটি জানিয়েছে, ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে সশস্ত্র পুলিশ বাহিনী যায়। জঙ্গি এবং পুলিশের মধ্যে শুরু হয় গোলাগুলি। এতে দুই পুলিশ কর্মী আহত হয়েছেন। আহত পুলিশ কর্মীদের চিকিৎসার জন্য ইমফলের 'রাজ মেডিসিটি'তে নিয়ে যাওয়া হয়েছে। এ খবর লেখা পর্যন্ত গোলাগুলি চলছে বলে জানান সূত্রটি।

## কড়ইমুড়ায় হঠাৎ বাঁধ ভেঙ্গে বাড়ি ঘরে জল, আতঙ্ক এলাকায়

**নিজস্ব প্রতিনিধি, বিশ্রামগঞ্জ, ১ সেপ্টেম্বর ।।** হঠাৎ করে বাড়িঘরে জল প্রবেশ করায় আতঙ্ক সৃষ্টি হয়েছে বিশ্রামগঞ্জ আমতলী কড়ইমুড়া এলাকায়। জানা গেছে উক্ত এলাকার রেল রাস্তার একটি বাঁধ আচমকা ভেঙ্গে পড়ায় এই পরিস্থিতির সৃষ্টি হয়।

শনিবার হঠাৎ করে গ্রামের বাড়ি ঘরে এক হাঁটু জল প্রবেশ করায় আতঙ্ক ছড়িয়ে পড়ে বিশ্রামগঞ্জ থানার অন্তর্গত আমতলী এডিসি ভিলেজের চার নং ওয়ার্ডের কড়ইমুড়া পাড়ায়। জানা গেছে শনিবারদিন সন্ধ্যায় গ্রামের মানুষ যে যার কাজে ব্যস্ত ছিলেন। হঠাৎ করে গ্রামের প্রায় ছয় থেকে সাতটি বাড়িতে প্রবেশ করে এক হাঁটু জল। সঙ্গে সঙ্গে শুরু হয় চিৎকার চেচামেচি। প্রতিবেশীরা একে অপরের ঘরে দৌড়তে থাকে। এই জলে গ্রামের প্রায় ছয় থেকে সাতটি বাড়ি ঘরের শুকর হাঁস মোরগ জলের নিচে পড়ে মারা যায়। এবং বিনা রানী দেববর্মা নামে এক মহিলা জল দেখে চিৎকার করে ঘর থেকে বের হওয়ার সময় পা পিছলে পড়ে ফেটে যায় মাথা।

এই ঘটনায় গোটা গ্রামে ছড়িয়ে পড়ে আতঙ্ক। এবং গ্রামবাসী গিয়ে ওঠেন রেল রাস্তায়। গ্রামের মানুষ জানিয়েছে বিশ্রামগঞ্জ আমতলী কড়ইমুড়া পাড়া এলাকায় রেল রাস্তার একটি বাঁধ ভেঙ্গে ৬ থেকে সাতটি বাড়িতে প্রবেশ করায় এই দুর্ভোগ সৃষ্টি হয়েছে।

## ৬ বাংলাদেশি নাগরিক ধৃত

**নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ১ সেপ্টেম্বর।।** এবার অবৈধভাবে অনুপ্রবেশের সময় সীমান্ত জওয়ানের হাতে আটকা পড়ল ৬ জন বাংলাদেশী নাগরিক। রবিবার কমলপুরের বাঘাইছড়ি সীমান্ত এলাকা থেকে। পরবর্তী সময়ে ধৃতদের কমলপুর থানায় তুলে দেয় বিএসএফ।

এবার অবৈধভাবে ভারতে প্রবেশ করার সময় কমলপুরের বাঘাইছড়ি শ্রীমন্ত এলাকা থেকে ৬জন বাংলাদেশে নাগরিককে আটক করল বিএসএফ। এ বিষয়ে কমলপুর পুলিশ আধিকারিক আয়ুষ শ্রীবাস্তব জানান, শনিবার রাতে কমলপুর-বাংলাদেশ সীমান্তের কাঁটাতারের বেড়া পেরিয়ে কমলপুরের বাঘাইছড়ি গ্রামে আসে ৬ বাংলাদেশী নাগরিক। সেইসময় পাহড়ারত বাঘাইছড়ি সীমান্তে ১০৫ নং ব্যাটেলিয়ান বিএসএফের জোয়ানরা

☞ ৬ এর পাতায় দেখুন

## রাজধানীতে বিরল প্রজাতির প্রাণী উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** আগরতলার পুরাতন জেল এলাকা থেকে একটি বিরল প্রজাতির প্রাণী উদ্ধার করল পুলিশ। রবিবার বনদপ্তরের কর্মীরা এই প্রাণীটিকে পুলিশের হাত থেকে নিয়ে সিপাহীজলা অভয়ারণ্যে ছেড়ে দেন।

জানা গেছে গতকাল রাতে পেট্রলিং করার সময় পুরাতন আগরতলা জেলের সন্নিকটে প্রাণীটিকে দেখতে পান বিজয় দেববর্মা নামে এক কনস্টেবল। পরবর্তী সময়ে স্থানীয় মানুষের সহযোগিতায় প্রাণীটিকে উদ্ধার করে নিয়ে আসা হয় পূর্ব আগরতলা থানায়। বিরল প্রজাতির এই প্রাণীটিকে লেপার্ড ক্যাট হিসেবে

☞ ৬ এর পাতায় দেখুন

### আন্তর্জাতিক যুদ্ধ বিরোধী দিবসে

## যুদ্ধবাজদের বিরুদ্ধে সমবেত লড়াইয়ের আহ্বান জানালেন মানিক সরকার




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** যুদ্ধ নয়, শান্তি চাই বলে ক্ষান্ত থাকলে হবেনা, এর মূল লক্ষ্য কি সেটি খুঁজে বের করতে হবে। যুদ্ধবাজ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে লড়াই সংঘটিত করতে হবে, সেটাই মূল লক্ষ্য। রবিবার সিআইটিইউ রাজ্য কার্যালয়ে আলোচনা সভায় কথা বলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার।

প্যালেস্তাইনে গণহত্যা বন্ধ কর এ স্লোগান কে সামনে রেখে যুদ্ধবাজ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে শান্তির বার্তা নিয়ে রবিবার সিআইটিইউ রাজ্য দপ্তরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই আলোচনায় সভায় প্যালেস্তাইনে যুদ্ধের প্রসঙ্গ নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন মানিক সরকার। তিনি বলেন, বিগত সময়গুলিতে যুদ্ধ ছিলনা তা বললে ভুল হবে। যুদ্ধ তখনও ছিল, রাজন্য আমলে। তখন রাষ্ট্র দখলের জন্য যুদ্ধ সংঘটিত হতো। কিন্তু বর্তমানে পুঁজিবাদ সাম্রাজ্যবাদকে আরো শক্ত করার জন্য এই যুদ্ধ সংঘটিত হচ্ছে। এর বিরুদ্ধে গোটা বিশ্বকে রুখে দাঁড়াতে হবে। তিনি বলেন, গণতন্ত্র রক্ষা করে যুদ্ধবাজ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ লড়াই করে তোলাই বর্তমানে মূল লক্ষ্য হওয়া প্রয়োজন।

## মুখোমুখি সংঘর্ষে আহত রিক্সা আরোহী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** দুটি মোটর চালিত রিক্সার মুখোমুখি সংঘর্ষে আহত হয়েছেন এক রিক্সা আরোহী। রিক্সায় থাকা মহিলা মাটিতে পরে যান। ঘটনাটি ঘটেছে রবিবার দুর্গাবাড়ি সংলগ্ন এলাকায়।

ঘটনা সম্পর্কে বলতে গিয়ে, প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন রিক্সা চালক মদমত্ত অবস্থায় ছিল। তার কারনেই নিয়ন্ত্রণ হারিয়ে এই দুর্ঘটনাটি ঘটেছে। ঘটনার খবর পেয়ে

☞ ৬ এর পাতায় দেখুন

## নিমন্ত্রন বাড়িতে দুষ্কৃতি হামলায় আহত ৫ মামলা, তদন্তে পুলিশ



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** রাতের আঁধারে হঠাৎ নিমন্ত্রণ বাড়িতে আক্রমণ চালালো দুষ্কৃতিকারীরা। বাড়িতে থাকা অতিথিরা ঘটনায় গুরুতর আহত হয়েছেন। ঘটনাটি ঘটে শনিবার রাত প্রায় বারোটা নাগাদ এনসিসি থানার অন্তর্গত কুমারী টিলা এলাকায়। ঘটনার পরিপ্রেক্ষিতে থানার মামলা দায়ের করেছেন জয়ন্ত চক্রবর্তী।

ঘটনার বিবরণে জানা যায়, শনিবারে রাতে সমীরন কর্মকারের বাড়িতে নিমন্ত্রণ খেতে গিয়েছিলেন আইনজীবী রকি মুড়া সিং, ভিকি মুরাসিং,

☞ ৬ এর পাতায় দেখুন

## তেলেঙ্গানা থেকে ত্রান সামগ্রী বোঝাই লরি রাজ্যে আসছে ঃ রাজ্যপাল জিষ্ণু




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** ত্রিপুরায় বন্যা কবলিত সাধারণ মানুষের জন্য ত্রাণ সামগ্রী নিয়ে তেলেঙ্গানা থেকে রওনা দিল ট্রাক। রবিবার পতাকা নেড়ে ট্রাকের যাত্রা শুরু করলেন তেলেঙ্গানা রাজ্যপাল তথা ত্রিপুরার প্রাক্তন উপমুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মা।

বন্যায় ক্ষতিগ্রস্ত এক হাজার পরিবারের জন্য শিশুর খাবার, পোশাক, মশারি, জরুরী ওষুধ এবং অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী নিয়ে ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটি তেলেঙ্গানা স্ট্রীট ব্রাঞ্চের উদ্যোগে একটি ট্রাক ত্রিপুরার উদ্দেশ্যে আজ রওনা দিয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলেঙ্গানা রাজ্যপাল জিষ্ণু দেববর্মা।

এই বিষয়ে নিজ সামাজিক মাধ্যমে তিনি লেখেন, 'বিপর্যয় সময়ে সাধারণ মানুষের সাহায্যে সব সময় রেডক্রস সোসাইটি এগিয়ে আসে।

☞ ৬ এর পাতায় দেখুন

## এমবিবি বিমানবন্দরে শুরু হল এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস চলাচল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** আগরতলা বিমানবন্দরে রবিবার থেকে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস নামে আরো একটি বিমান নতুনভাবে যাত্রা শুরু করলো। এদিন আগরতলা থেকে কলকাতার উদ্দেশ্যে ১৪০ জন প্যাসেঞ্জার নিয়ে প্রথম যাত্রা শুরু হয় এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস এর। এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা বিমানবন্দরের অধিকর্তা কে সি মিনা।

আগরতলা এম বি বি বিমানবন্দর থেকে রবিবার ১৪০ জন প্যাসেঞ্জার নিয়ে প্রথম যাত্রা শুরু করলো এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস। নতুন আরেকটি এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস নামে বিমানের যাত্রা শুরু হওয়াতে উপকৃত হবেন যাত্রী সাধারণ। রবিবার আগরতলা বিমানবন্দরে এই উপলক্ষে এক উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। এদিনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন

☞ ৬ এর পাতায় দেখুন




জাগরণ আগরতলা ২ সেপ্টেম্বর২০২৪ ইং
১৬ ভাদ্র, সোমবার, ১৪৩১ বঙ্গাব্দ

# অপুষ্টি- মৃত্যুহার বাড়াইতেছে

কান পাতিলেই শোনা যায়, ইন্ডিয়া 'ডিজিটাল' হইতেছে। দেশ প্রযুক্তিতে দারুণ উন্নতি করিতেছে। কৃষি, শিল্প সব ক্ষেত্রেই উন্নত প্রযুক্তি আসিতছে, ফসল উৎপাদনের নিত্য নতুন পদ্ধতিও আবিষ্কার হইতেছে। কম সময়ে বেশি উৎপাদন করারও নানা উপায় আসিয়াছে। অথচ দারিদ্র-অপুষ্টি-অনাহার বাড়িতেছে। ক্রমশ ক্ষুধাতালিকায় নিচের দিকে নামিতেছে দেশ। এমনকি শিশুরাও প্রয়োজনীয় পুষ্টিকর খাবারটুকু পাইতেছে না। বাড়িতেছে শিশুমৃত্যুর হার, শিশুর অপুষ্টি। এসব কেন ঘটিতেছে, প্রশ্ন তুলিলেই এক দল ধুরন্ধর বলেন, আরে মশাই ওসব বলে লাভ নাই। পপুলেশন না কমিলে কিছুই করা যাইবে না। এত মানুষ যাইবে কোথায়, এতজনের খাবার, চাকরি জোগাইবে কে? তাঁহাদের মতে, জনসংখ্যাই হইতেছে যত নষ্টের গোড়া। সমাজের যাবতীয় সংকট, বেকারি, অপুষ্টি ইত্যাদির জন্য দায়ী নাকি ওই 'পপুলেশন'। তাহাদের মতে, জনসংখ্যা দিন দিন বাড়িতেছে বলিয়াই সবার খাদ্য মিলিতেছে না, সবার কাজ জুটিতেছে না।গভীরে ভাবিলে বোঝা যায়, এই প্রচার কতখানি ফাঁপা। সত্যিই কি সবার জন্য খাদ্য নাই? বাজারে, শপিং মলে গেলে থরে থরে সাজানো খাদ্যপণ্য। বাজারে খাবারের অভাব কি আদৌ দেখা যায়? এ ছাড়া অপুষ্টিতে ভুগছে কাহারা? কখনও শোনা গেছে, আম্বানি-আদানির মতো শিল্পপতি বা তাহাদের পরিবারের কারও খাবার বা কাজ বা অন্য কোনও কিছুর অভাব হইয়াছে? এ সমাজে একটা ছোট শিশুও জানে, যত অনাহার ,যত বেকারি ,যত অভাব-অনটন সব শুধু নিচের তলার খাটিয়া খাওয়া মানুষের জন্য। শুধু তাই নয়, সাধারণ মানুষের দুর্দশা যতই বাড়িতেছে, মুষ্টিমেয় এক শ্রেণির সম্পদও ততই ফুলিয়া ফাপিয়া উঠিতেছে।বিগত দুই বছরের করোনা অতিমারির কথাই যদি ধরি, আমাদের দেশে হঠাৎ ঘোষিত লকডাউনে যখন গোটা দেশের পরিবহন অবরুদ্ধ, পরিযায়ী শ্রমিকরা মাইলের পর মাইল হাটিয়া বাড়ি ফিরিয়াছেন, পথশ্রমে অনাহারে অসুস্থতায় মারা যাইতেছেন, লক্ষ মানুষের কাজ চলিয়া যাইতেছে, হাসপাতালের বেডে অক্সিজেনের অভাবে মানুষ ছটফট করিতে করিতে মারা যাইতেছে।সেই সময়ই কিন্তু আম্বানি আদানি সহ দেশের বড় বড় শিল্পপতিরা একশো গুণ দুশো গুণ মুনাফা বাড়াইয়াছেন। বিশ্বের ধনকুবেরদের তালিকায় ভারতের অনেক পুঁজিমালিক নতুন করিয়া স্থান পাইয়াছে। গোটা দেশের টালমাটাল অর্থনীতির আঁচটুকুও তাহাদের গায়ে লাগেনি। সুতরাং, দেশে সম্পদ নাই, খাদ্য নাই এমন নয়। টন টন খাবার গুদামে পচিয়া নষ্ট হইতেছে। দাম না পাইয়া অসহায় চাষিরা নিজের শ্রম নিংড়ে ফলানো ফসল জ্বালাইয়া দিতেছে। তাহা সত্ত্বেও দারিদ্র-অভাব এর কথা উঠিলেই জনসংখ্যা কমানোর প্রশ্ন তোলা হয় কেন?আসলে এ কথা যাঁহারা বলেন, তাঁহাদের অনেকেরই এটা নিজস্ব মত নয়। বাজারচলতি মিডিয়া, ফেসবুক হোয়াটসঅ্যাপের মতো মাধ্যম মূলত এমনটাই প্রচার করিয়া থাকে। এমনকি স্কুল-কলেজের বইতেও দারিদ্রের কারণ হিসাবে 'জনসংখ্যা বৃদ্ধি'কেই একটা প্রধান গুরুত্বপূর্ণ কারণ হিসাবে দেখানো হয়। এর তীব্রতা বোঝাইতে কেতাবি নাম দেওয়া হয় 'জনবিস্ফোরণ'। প্রচার এমনভাবে চলে যে, বেশিরভাগ মানুষেরই তলিয়ে ভাবা বা তথ্য-পরিসংখ্যান মিলাইয়া দেখিবার কথা মনে থাকে না। ওয়ার্ল ব্যাঙ্ক, ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ড এর মতো আন্তর্জাতিক সংস্থা, বেশিরভাগ দেশের সরকার-প্রশাসন এবং তাদের টাকায় চলা নানা প্রতিষ্ঠান এই প্রচারে একেবারে সামনের সারিতে থাকে। আমাদের দেশেও যে সরকারই ক্ষমতায় থাক, তাহারা মাঝে মাঝেই জনসংখ্যা বৃদ্ধি নিয়া ভয়ানক উদ্বিগ্ন হইয়া পড়ে। সাধারণ মানুষের ভোটে জিতিয়া ক্ষমতায় বসা সরকারগুলোর মানুষের প্রতি দায়িত্ব, নাগরিকের অন্ন-বস্ত্র-বাসস্থান এর অধিকার সব পিছনে চলিয়া যায়, সামনে আসে শুধু ওই জনসংখ্যা। ভাবখানা এমন, যেন মানুষ হইয়া পৃথিবীতে আসিয়াই এই সাধারণ মানুষগুলো মহা অপরাধ করিয়া ফেলিয়াছে, প্রবল সদিচ্ছা সত্বেও এতগুলো মুখে অন্ন তুলিয়া দিতে অপারগ হইতেছে।

## বাইকে বিস্ফোরক বহনের সময় বিস্ফোরণ, বাঁকুড়ায় মৃত্যু এক ব্যক্তির

বাঁকুড়া, ৩১ আগস্ট (হি.স.): বাঁকুড়া জেলার শালতোড়া থানা এলাকায় বাইকে ডিটনেটর জাতীয় বিস্ফোরক বহন করার সময় তা ফেটে গিয়ে মৃত্যু হল এক ব্যক্তির। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শালতোড়া থানা এলাকায় বেশ কিছু বেআইনি পাথর খাদান রয়েছে। সেইসব খাদানে পাথরের চাঁই ভাঙার জন্য ডিটোনেটর, ডিনামাইট, জিলেটিন স্টিক প্রভৃতি ব্যবহার করা হয়। ওইসব বিস্ফোরক সামগ্রী চোরাপথে আমদানির পর গোপন ডেরায় মজুত করা হয়। পরে তা রাতের অন্ধকারে খাদানে নিয়ে যাওয়া হয়। শুক্রবার রাতে ওই বাইক আরোহী একটি ব্যাগে ওই জাতীয় সামগ্রী নিয়ে যাচ্ছিল। সম্ভবত, অন্ধকারে কোনওভাবে বাইকটি উল্টে যায়। ব্যাগের উপর চাপ পড়ার ফলে বিস্ফোরণ ঘটে। মৃত্যু হয় তাঁর। পুলিশ এই ঘটনার তদন্ত শুরু করেছে। মৃতের নাম ও পরিচয় জানার চেষ্টা করছে পুলিশ।

## দেশ গঠনে প্রণব মুখোপাধ্যায়ের অবদান অনুপ্রেরণা হয়ে থাকবে : অমিত শাহ

নয়াদিল্লি, ৩১ আগস্ট (হি.স.): পুণ্যতিথিতে প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়কে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শোকবার্তায় অমিত শাহ লিখেছেন, দেশ গঠনে প্রণব মুখোপাধ্যায়ের অবদান অনুপ্রেরণা হয়ে থাকবে। ২০২০ সালের ৩১ আগস্ট প্রয়াত হয়েছিলেন প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়। শনিবার সকালে এক শোকবার্তায় অমিত শাহ লিখেছেন, 'ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ প্রণব মুখোপাধ্যায়কে তাঁর পুণ্যতিথিতে আমার আন্তরিক শ্রদ্ধাঞ্জলি। একজন রাজনৈতিক দৃঢ়চেতা, পণ্ডিত ও খ্যাতিমান প্রশাসক, মুখার্জিজির জীবনযাত্রা পশ্চিমবঙ্গের একটি নম্র গ্রাম থেকে দেশের সর্বোচ্চ পদে আলোকিত হয়েছিল, সমস্ত উপায়ে শাসনকে শক্তিশালী করেছিল। তাঁর অবদান দেশ গঠনে অনুপ্রেরণা হয়ে থাকবে।'

# পল ডিরাক: পদার্থবিজ্ঞানের অদ্ভুত মানুষ

প্রদীপ দেব

বিংশ শতাব্দীর তত্ত্বীয় পদার্থবিজ্ঞানের সবচেয়ে বড় আবিষ্কার কোয়ান্টাম মেকানিকস। শতাব্দী প্রাচীন ক্ল্যাসিক্যাল মেকানিকস পরমাণু ও পরমাণুর চেয়ে ছোট অতিপারমাণবিক কণার গতিপ্রকৃতি সঠিকভাবে ব্যাখ্যা করার জন্য যথেষ্ট শক্তিশালী নয়। পরমাণুর গঠন ও গতিপ্রকৃতি সম্পর্কে নতুন নতুন ধারণা তৈরি হবার সঙ্গে সঙ্গে সেগুলোকে সঠিকভাবে ব্যাখ্যা করার জন্য একটা নতুন গাণিতিক প্রক্রিয়ার যে ভীষণ দরকার, তা বিংশ শতাব্দীর শুরুতেই বুঝতে পেরেছিলেন বিজ্ঞানীরা। ম্যাক্স প্ল্যাংক, ম্যাক্স বর্ন, নীলস বোরসহ যে কজন বিজ্ঞানীর হাতে কোয়ান্টাম মেকানিকসের জন্ম ও বেড়ে ওঠা, পল ডিরাক তাঁদের অন্যতম।

কোয়ান্টাম মেকানিকসের দুটো প্রধান সমীকরণের একটি হলো শ্রোডিঙ্গার সমীকরণ এবং অন্যটি ডিরাক সমীকরণ। কোয়ান্টাম মেকানিকসে আইনস্টাইনের থিওরি অব রিলেটিভিটির প্রয়োগ করে রিলেটিভিস্টিক কোয়ান্টাম মেকানিকসের ভিত্তি প্রতিষ্ঠা করেন পল ডিরাক। কোয়ান্টাম ইলেকট্রোডায়নামিকসের সূচনা হয় ডিরাকের হাতে। পরে রিচার্ড ফাইনম্যান ইলেকট্রোডায়নামিকসের সম্প্রসারণ করেন। পদার্থবিজ্ঞানে অ্যান্টিম্যাটার বা প্রতি-পদার্থের ধারণা ডিরাকের সমীকরণ থেকে উদ্ভূত। ১৯২৮ সালে ডিরাকই প্রথম পজিট্রন কণার অস্তিত্বের ধারণা দেন। পরে ১৯৩২ সালে পরীক্ষাগারে এই পজিট্রন আবিষ্কার করেন বিজ্ঞানী কার্ল অ্যান্ডারসন। ১৯৩০ সালে প্রকাশিত পল ডিরাকের বই প্রিন্সিপলস অব কোয়ান্টাম মেকানিকসকে আধুনিক পদার্থবিজ্ঞানের 'বাইবেল' মনে করা হয়। কারণ ওটাই কোয়ান্টাম মেকানিকসের প্রথম সার্থক বই। কোয়ান্টাম মেকানিকসের গাণিতিক ভিত্তির স্বীকৃতি স্বরূপ ১৯৩৩ সালে পদার্থবিজ্ঞানের নোবেল পুরস্কার দেয়া হয় আরউইর শ্রোডিঙ্গার ও পল ডিরাককে। পল ডিরাকের বয়স তখন মাত্র ৩১ বছর। নোবেল পুরস্কারের ইতিহাসে সবচেয়ে কমবয়সী নোবেলবিজয়ী তাত্ত্বিক পদার্থবিজ্ঞানী হলেন পল ডিরাক। আধুনিক পদার্থবিজ্ঞানের গাণিতিক ভিত্তিরচনায় পল ডিরাকের ভূমিকা অনস্বীকার্য। স্ট্যান্ডার্ড মডেল অনুযায়ী মৌলিক কণাগুলোকে দুভাগে ভাগ করা যায়বোসন আর ফার্মিয়ন। বোসন কণাগুলো সত্যেন বসু ও আলবার্ট আইনস্টাইনের 'বোস-আইনস্টাইন পরিসংখ্যান' মেনে চলে, আর ফার্মিয়ন কণাগুলো মেনে চলে এনরিকো ফার্মি ও পল ডিরাকের 'ফার্মি-ডিরাক পরিসংখ্যান'।

ত্রিশ বছর বয়স হবার আগেই ডিরাক হয়ে ওঠেন গাণিতিক পদার্থবিজ্ঞানের উজ্জ্বল নক্ষত্র। মাত্র ২৮ বছর বয়সেই রয়েল সোসাইটির ফেলো নির্বাচিত হয়েছিলেন। ১৯৩২ সালে মাত্র ত্রিশ বছর বয়সে কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে লুকাসিয়ান প্রফেসর পদে যোগ দেন। যে পদে স্যার আইজাক নিউটন অধিষ্ঠিত ছিলেন এক সময়। পরের বছর নোবেল পুরস্কার পাওয়ার পর খ্যাতির শিখরে উঠে যান পল ডিরাক। অথচ এই খ্যাতি তিনি কখনোই চাননি। কারণ তিনি ছিলেন স্মরণকালের সবচেয়ে প্রচারবিমুখ পদার্থবিজ্ঞানী। প্রয়োজনের বাইরে তিনি কারো সঙ্গে একটা কথাও বলতেন না।

### দুই

পলের বাবা চার্লস ডিরাক ছিলেন সুইজারল্যান্ডের নাগরিক। ১৮৮৮ সালে চার্লস ইংল্যান্ডে আসেন এবং ব্রিস্টলের স্কুলে ফরাসি ভাষার শিক্ষকতা শুরু করেন। পলের মা ফ্লোরেন্স হল্টেন ছিলেন ইংল্যান্ডের কর্নওয়েলের অধিবাসী। ফ্লোরেন্স তখন লাইব্রেরিয়ান হিসেবে কাজ করতেন ব্রিস্টলে। লাইব্রেরিতেই চার্লসের সঙ্গে ফ্লোরেন্সের পরিচয় হয় এবং ১৮৯৯ সালে তাঁদের বিয়ে হয়। পরের বছর ডিরাক দম্পতির প্রথম সন্তান রেগিনাল্ডের জন্ম হয়। তারপর ১৯০২ সালের ৮ই আগস্ট জন্ম নেয় তাঁদের দ্বিতীয় সন্তান পল এবং কয়েক বছর পর জন্ম হয় পলের ছোটবোন বিয়াট্রিসের।

চার্লস ডিরাক তাঁর ভাষা ও পারিবারিক সংস্কারের ব্যাপারে ছিলেন ভীষণ গোঁড়া। পরিবারের ছেলেমেয়েদের নামের অনেকগুলো অংশ। চার্লসের পুরো নাম ছিলচার্লস আঁদ্রিয়েন ল্যাডিসলাস ডিরাক। ঐতিহ্য অনুসারে তিনি বড়ছেলের নাম রাখলেন রেগিনাল্ড চার্লস ফেলিক্স ডিরাক, ছোটছেলের নাম রাখলেন পল আঁদ্রিয়েন মরিস ডিরাক, আর মেয়ের নাম রাখলেন বিয়াট্রিস ইসাবেল মার্গারিট ওয়ালা ডিরাক।

পরিবারের অধিকর্তা হিসেবে চার্লস ডিরাক ছিলেন ভীষণ কড়া। বাড়িতে তাঁর কথার বাইরে কারো কিছু করার উপায় ছিল না। ভালবেসে বিয়ে করলেও ফ্লোরেন্সের সাধ্য ছিল না চার্লসের মতের বিরুদ্ধে কিছু করেন। চার্লসের মাতৃভাষা ফরাসি। তাই তিনি ছেলেমেয়েদের ফরাসি ভাষা শেখানোর উদ্দেশ্যে বাড়িতে ফরাসি ভাষায় কথা বলা বাধ্যতামূলক করে দিলেন।

চার্লস যখন বাড়িতে থাকেন ছেলে- মেয়েরা ভয়ে ভয়ে ফরাসি ভাষায় কথা বলে, কিন্তু তাঁর অনুপস্থিতিতে চলে ইংরেজি। চার্লস ব্যাপারটা বুঝতে পারলেন। তিনি নতুন নিয়ম চালু করলেন - খাবার টেবিলে বিশুদ্ধ ফরাসি ভাষায় কথা বলতে হবে। ভাষা যতক্ষণ না শুদ্ধ হচ্ছে ততক্ষণ খেতে পাবে না।

ক'দিন পরেই ছেলে-মেয়েরা নিজেদের নিয়ম চালু করলো। তারা চার্লসের সঙ্গে ডাইনিং টেবিলে না বসে মায়ের সঙ্গে রান্নাঘরে বসে খেতে শুরু করলো। কিন্তু এরকম অবাধ্যতা চার্লস কেন সহ্য করবেন? তিনি ছেলে-মেয়েদের ধরে মার দিলেন। কিন্তু তাতেও তেমন কোনো লাভ হলো না। পল ছাড়া আর কেউই তাঁর সঙ্গে খেতে বসল না।

পল খুবই সরল ছেলে। তার শারীরিক গঠন বয়সের তুলনায় এতই ছোট যে বাড়িতে তার নামই হয়ে গেছে টাইনি। ডাক্তার যদিও সব রকমের পরীক্ষানিরীক্ষা করে বলেছেন যে পলের বড়ধরনের কোন অসুখ নেই, কিন্তু হজমশক্তি তার খুবই কম।

বাবাকে ভীষণ ভয় পেতেন পল। আর বাবাও তার ওপরই সমস্ত ভাষাজ্ঞান প্রয়োগ করতে শুরু করেন। পল কোনো ফরাসি শব্দ ঠিকমত উচ্চারণ করতে না পারলে খাবার পেতো না। ফলে প্রচন্ড মানসিক চাপে উচ্চারণ ভুল হয়ে যাবার ভয়ে কোনো কথাই বলতে পারতো না সে। ধীরে ধীরে দেখা গেলো পল প্রয়োজন না হলে কোন কথাই বলে না; আর যদিও বলে তাও মাত্র একটা বা দুটো শব্দ। ব্রিস্টলের বিশপ প্রাইমারি স্কুলে পড়ালেখা শুরু হয় পলের। স্কুলে গণিতের প্রতি ভালোবাসা এবং অসম্ভব গাণিতিক দক্ষতা দেখা দেয় তার। বারো বছর বয়সে প্রাইমারি স্কুলের পড়াশোনা শেষ করে হাইস্কুলে ভর্তি হলো পল। তখন প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়ে গেছে। স্কুলের সিনিয়র সব ছেলেরা বাধ্য হয়ে সৈন্যদলে যোগ দিয়ে যুদ্ধ করছে। ফলে স্কুলে নিচু ক্লাসের ছাত্রছাত্রীদের লাইব্রেরির উঁচুক্লাসের বই পেতে সুবিধে হলো। পল লাইব্রেরিতে গিয়ে উঁচুক্লাসের গণিত ও বিজ্ঞানের বই পড়তে শুরু করে। ১৯১৮ সালে তার স্কুলের পড়াশোনা শেষ হলো।

গণিত নিয়ে বিশ্ববিদ্যালয়ে পড়ার ইচ্ছে ছিল পলের। কিন্তু তখন গণিতে পাস করে শুধুমাত্র গণিতের শিক্ষক হওয়া ছাড়া আর কোনো সুযোগ ছিল না। পল তাঁর বাবার মতো শিক্ষক হতে চাননি কখনো, ইঞ্জিনিয়ার হওয়াও তাঁর লক্ষ্য নয়। কিন্তু তাঁর বাবার নির্দেশে ব্রিস্টল ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ভর্তি হতে বাধ্য হলেন। বাবার মতের বিরুদ্ধে যাবার মত মানসিক জোর তাঁর নেই। দুবছর আগে পলের বড়ভাই রেগিনাল্ডকেও তাঁর বাবা বাধ্য করেছেন ইঞ্জিনিয়ারিংয়ে ভর্তি হতে। ১৯২১ সালে ইঞ্জিনিয়ারিং পাস করেন পল। অনেক জায়গায় দরখাস্ত করেও কোন ভালো চাকরি পেলেন না। আবার গণিতে পড়াশোনা করার ইচ্ছে মাথাচাড়া দিলো। কিন্তু পল জানেন পড়াশোনার খরচ নিজেকেই জোগাড় করতে হবে। বাবা একটা টাকাও দেবেন না। কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের স্কলারশিপ পরীক্ষা দিলেন ১৯২১ সালে।

কেমব্রিজের সেন্ট জোন্স কলেজে গণিতে পড়াশোনা করার জন্য একটা স্কলারশিপ তিনি পেলেন। কিন্তু স্কলারশিপের টাকা দিয়ে পড়াশোনার পুরো খরচ চালানো সম্ভব নয়। বাবার সামর্থ্য থাকলেও টাকা দেবেন না। স্থানীয় সরকারের কাছ থেকে অর্থসাহায্যের জন্য দরখাস্ত করলেন পল। কিন্তু অর্থসাহায্য পাওয়া গেলো না। কারণ, তার বাবা চার্লস ডিরাক জন্মসূত্রে ব্রিটিশ নন। কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে পড়ার স্বপ্ন ভেঙে গেলো পল ডিরাকের।

ব্রিস্টল ইউনিভার্সিটিতে গণিত বিষয়ে ভর্তির সুযোগ মিললো স্কলারশিপসহ। ১৯২৩ সালে গণিতে ফার্স্ট ক্লাস অনার্স ডিগ্রি পেলেন পল ডিরাক। এবার সুযোগ এলো কেমব্রিজ ইউনিভার্সিটিতে পড়ার। কেমব্রিজের একটি রিসার্চ ফেলোশিপ পেলেন তিনি। পিএইচডির গবেষণা শুরু করলেন কেমব্রিজের সেন্ট জোন্স কলেজে।

### তিন

ডিরাক প্রথমে কাজ শুরু করেছিলেন প্রফেসর কানিংহামের অধীনে। কিন্তু কানিংহামের ছাত্রসংখ্যা ছিল অনেক। তাই ডিরাক চলে আসেন প্রফেসর রালফ ফাউলারের অধীনে। কোয়ান্টাম থিওরির ওপর কাজ শুরু করেন। দু'বছরের মধ্যে তিনি ছয়টি গবেষণাপত্র প্রকাশ করেন। এর পরের বছর আরও পাঁচটি গবেষণাপত্র প্রকাশ করেন। ১৯২৬ সালে তিনি গণিতে পিএইচডি ডিগ্রি সম্পন্ন করলেন। ডক্টরেট থিসিস সাবমিট করার আগেই তাঁর ১১টি গবেষণাপত্র প্রকাশিত হয়। যা সেই সময়ের সবচেয়ে প্রতিভাশালী পদার্থবিদদের জন্যেও খুব একটা সহজ কাজ ছিল না। ডিরাকের পিএইচডি থিসিসের শিরোনাম ছিল কোয়ান্টাম মেকানিকস।

পিএইচডির পর তিনি কোপেনহেগেনে গিয়ে নীলস বোরের সঙ্গে কাজ করেন কিছুদিন। বোর ডিরাককে কয়েকদিন দেখেই বুঝতে পারেন, ছেলেটি জানে প্রচুর, কিন্তু বলে না কিছুই। ডেনমার্ক থেকে জার্মানির গোটিংগেনে গেলেন ১৯২৭ সালের ফেব্রুয়ারি মাসে। সেখানে তিনি পরিচিত হলেন রবার্ট ওপেনহেইমার ও ম্যাক্স বর্নের সঙ্গে। সেখান থেকে ফিরে এসে যোগ দিলেন কেমব্রিজ ইউনিভার্সিটিতে সেন্ট জোনস কলেজের ফেলো হিসেবে। এসময় তিনি আইনস্টাইনের জেনারেল থিওরি অব রিলেটিভিটি সম্পর্কে আগ্রহী হয়ে ওঠেন। ১৯২৮ সালে রিলেটিভিটি ও কোয়ান্টাম মেকানিকসের সঙ্গে গাণিতিক সম্পর্ক স্থাপন করেন ডিরাক। তাঁর বিখ্যাত ডিরাক সমীকরণের জন্ম হয় এসময়। ডিরাকই প্রথম ব্যক্তি যিনি ইলেকট্রোম্যাগনেটিক ফিল্ডের ওপর কোয়ান্টাম মেকানিকস প্রয়োগ করেন। কোয়ান্টাম থিওরির এই ভিত্তিকে ডিরাক নাম দিলেন কোয়ান্টাম ইলেকট্রোডায়নামিকস। কোয়ান্টাম মেকানিকসের সিঙ্গুলার ডেল্টা ফাংশান ডিরাকের অবদান। স্টেট-ভেক্টর ও তাদের আইগেন ভ্যালু প্রকাশ করার জন্য নতুন চিহ্নের প্রচলন করলেন করলেন ডিরাক। ব্র্যাকেট ভেঙে চালু করলেন 'ব্রা' । ও 'কেট'। ফাংশান।

১৯৩০ সালে ডিরাকের প্রিন্সিপালস অব কোয়ান্টাম মেকানিকস বইটি প্রকাশিত হয়। একই বছর তিনি রয়েল সোসাইটির ফেলো নির্বাচিত হন। মাত্র আটাশ বছর বয়সে রয়েল সোসাইটির ফেলোশিপ তাঁর আগে আর কেউ পাননি। রয়েল সোসাইটির ফেলোশিপ পাবার পর কেমব্রিজ ফিলসফিক্যাল সোসাইটি'র হপকিন্স মেডেল পান ডিরাক। ১৯৩২ সালে কেমব্রিজের লুকাশিয়ান প্রফেসর পদে নিযুক্ত হন তিনি। কোয়ান্টাম মেকানিকসের প্রথম কোর্স তিনিই পড়াতে শুরু করেন। রবার্ট ওপেনহাইমার, চন্দ্রশেখর সুব্রাহ্মনিয়াম, আবদুস সালাম, ডেনিস শিয়ামা। এঁরা যারা পরে খ্যাতিমান হন। তবে ডিরাক তাঁর পিএইচডি স্টুডেন্টদের সঙ্গেও খুব একটা কথা বলতেন না। তাই তাঁর ছাত্রদের হতে হতো অনেকটাই স্ব-নিয়ন্ত্রিত। ডেনিস শিয়ামা ডিরাকের অধীনে পিএইচডি করে পরে কেমব্রিজে যোগ দেন। স্টিফেন হকিং শিয়ামার অধীনে পিএইচডি করেন। ক্লাসে ডিরাক তাঁর কোয়ান্টাম মেকানিকস বই থেকে হুবহু লাইনের পর লাইন বলে যেতেন। একটা শব্দও কম বা বেশি বলতেন না। ক্লাসের বাইরে কারো সঙ্গে কথা বলার তো প্রশ্নই ওঠে না। ডিপার্টমেন্টের সহকর্মীদের সঙ্গেও ইয়েস, নো' কিংবা আই ডোন্ট নোর বেশি কথা হয় না তাঁর। কেমব্রিজে ডিরাকের ছাত্ররা ততোদিনে ডিরাক নামে একটা নতুন একক চালু করে ফেলেছেন। কথা বলার একক। এক ডিরাক মানে এক ঘন্টায় একটি শব্দ। ১৯৩৩ সালে ডিরাকের ল্যাগ্রেঞ্জিয়ান কোয়ান্টাম মেকানিকস পেপার প্রকাশিত হয়। সেখান থেকেই অনুপ্রেরণা পেয়ে পরে রিচার্ড ফাইনম্যান তাঁর বিখ্যাত পাথ ইনটিগ্র্যাল সমীকরণ প্রতিষ্ঠা করেন।

### চার

১৯৩৩ সালে পদার্থবিজ্ঞানের নোবেল পুরস্কার পাওয়ার কথা শুনে ভীষণ অবাক হন পল ডিরাক। এরউইন শ্রোডিঙ্গার নোবেল পাবেন তা তিনি জানতেন, কিন্তু শ্রোডিঙ্গাগারের সঙ্গে নিজেও যে নোবেল পুরস্কার পাবেন, তা তিনি আশা করেননি। নোবেল পাওয়ার সঙ্গে সঙ্গে বিজ্ঞানীরা যে পাবলিক সেলিব্রেটি হয়ে যান, তা ডিরাক জানেন। ডিরাক জনসমক্ষে আসতে চান না। স্টকহোমে গিয়ে নোবেল পুরস্কার নিতে হবে, নোবেল বক্তৃতা দিতে হবে, পার্টিতে যোগ দিতে হবে এসব ভাবতেই ডিরাকের অস্বস্তি লাগতে শুরু করল। তিনি সিদ্ধান্ত নিলেন নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করবেন।

১৯০৮ সালের রসায়নে নোবেলবিজয়ী বিজ্ঞানী আর্নেস্ট রাদারফোর্ড ডিরাকের সুপারভাইজার রালফ ফাউলারের শ্বশুর। ডিরাককে খুব স্নেহ করেন রাদারফোর্ড। তিনি ডিরাককে অভিনন্দন জানালেন। জবাবে ডিরাক বললেন, "আমি নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করবো ভাবছি।"

"কেন?" "হৈচৈ ভাল লাগে না।" রাদারফোর্ড বুঝতে পারলেন ডিরাক কী বলতে চাইছেন। বললেন, "প্রত্যাখ্যান করলে তো হৈচৈ বেড়ে যাবে।" "কীভাবে?" "পুরস্কার নিলে এক বছরের মধ্যেই লোকে তোমাকে ভুলে যাবে। পরের বছর অন্য কেউ নোবেল পুরস্কার পাবে, তখন তাকে নিয়ে মেতে উঠবে। কিন্তু পুরস্কার প্রত্যাখ্যান করলে প্রত্যেক বছরই লোকে তোমাকে নিয়ে হৈচৈ করবে।"

"ইয়েস।" ডিসেম্বরে নোবেল পুরস্কার নিতে স্টকহোমে গেলেন পল ডিরাক। ডিরাক সাংবাদিকদের কাছ থেকে পালিয়ে বেড়ালেও নাছোড়বান্দা সাংবাদিকদের কিছু প্রশ্নের উত্তর দিতেই হল। "প্রফেসর ডিরাক, আপনার কোয়ান্টাম মেকানিকস মানুষের দৈনন্দিন জীবনে কী কাজে লাগবে?" "কোন কাজে লাগবে না।" "ভবিষ্যতে কি কোন কাজে লাগতে পারে?" "আমি জানি না। আমি আমার তত্ত্ব নিয়ে কাজ করছি। এই তত্ত্বকে কে কীভাবে কাজে লাগাবে তা জানা আমার কাজ নয়।" "এখন কী নিয়ে কাজ করছেন?" "পজিটিভ ইলেকট্রনের তত্ত্ব নিয়ে কাজ শুরু করেছি।" "গবেষণা ছাড়া আপনার আর কী কী বিষয়ে আগ্রহ আছে?" "মানে?" "সাহিত্য, নাটক-থিয়েটার, সংগীত?" "আমি সাহিত্য পছন্দ করি না। আমি থিয়েটার দেখতে যাই না। আমি কোন গান শুনি না। আমি আমার পারমাণবিক তত্ত্ব নিয়েই সুখে আছি।" "আপনার গবেষণার ফল কি আপনার দৈনন্দিন জীবনে কোনো প্রভাব ফেলেছে?" "না। আমি যখন ঘুমাই, বা হাঁটতে যাই, বা ভ্রমণ করি তখন আমি কোন কাজ করি না। আমার মস্তিষ্ক তখন পারমাণবিক তত্ত্ব নিয়ে ভাবে না। আমি এক সঙ্গে একাধিক কাজ করতে পারি না।"

"অদ্ভুত হলেও সত্যি যে ডিরাক এক সঙ্গে দুটো সাধারণ কাজও করতে পারতেন না। একবার রাশিয়ায় গিয়েছিলেন আমন্ত্রিত হয়ে। রিসার্চ স্টুডেন্টদের সেমিনারে। ডিরাক চুপচাপ সেমিনার বক্তাদের বক্তব্য শুনলেন এবং যথারীতি কোনো মন্তব্য করলেন না। সেমিনার শেষে অধ্যাপক আর স্টুডেন্টরা ডিরাককে জিজ্ঞেস করলেন,"প্রফেসর ডিরাক, আমাদের প্রেজেন্টেশান কেমন লাগলো আপনার?" "আমার তো এখন তা বলার সময় নেই। আমি এখন পোস্ট অফিসে যাচ্ছি।"

"স্যার, আমরাও আপনার সঙ্গে আসি। আপনি হাঁটতে হাঁটতে বলবেন।" "আমি তো একসঙ্গে দুটো কাজ করতে পারি না।"

কেমব্রিজে ডিরাকের কাজের ধরন ছিল নিয়মে বাঁধা। দিনে পাঁচ ঘণ্টার বেশি গবেষণায় বিশ্বাসী ছিলেন না তিনি। গ্রিষ্মকালে কাজের শেষে তিনি সাইকেল চালিয়ে চলে যেতেন অনেক দূরে। পথে কোন বড় গাছ দেখলে হঠাৎ সাইকেল থেকে নেমে গাছে উঠে যেতেন স্যুট, কোট, টাই সহ। (শীত-বসন্ত-গ্রীষ্ম-হেমন্ত সব ঋতুতেই তাঁর একই পোশাক। একটা কোট না ছেঁড়া পর্যন্ত তিনি অন্য কোন কোট কেনেন না।) গাছের ওপর কিছুক্ষণ সময় কাটিয়ে নেমে আসেন। ফিরে আসাসবার সময় কোনো লেকের পাশে থেমে জামা-কাপড় ছেড়ে নেমে যেতেন লেকের পানিতে। কিছুক্ষণ সাঁতার কাটতেন। নোবেল পুরস্কার পাওয়ার পরেও তাঁর রুটিনে কোনো পরিবর্তন হয়নি। গণিত ও তত্ত্বীয় পদার্থবিজ্ঞানের গবেষণার মাঝে মাঝে তিনি পরীক্ষামূলক কাজও করতেন। তিনি যে একজন ফার্স্ট ক্লাস ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়র, সেটা তিনি ভুলে যাননি। পরে নিউক্লিয়ার আইসোটোপ সেপারেশনের কাজে উৎসাহ পান ডিরাক।

### পাঁচ

জার্মানিতে তখন হিটলারের স্বৈর শাসন শুরু হয়ে গেছে। দেশ ছেড়ে চলে গেছেন আইনস্টাইনসহ অনেক জার্মান বিজ্ঞানী। ১৯৩৩ সালে আইনস্টাইন যোগ দেন প্রিন্সটনের ইনস্টিটিউট অব অ্যাডভান্সড স্টাডিজে। সেখানে এক বছর ভিজিটিং প্রফেসর হিসেবে কাটানোর জন্য আমন্ত্রণ আসে ডিরাকের কাছেও। ১৯৩৪ সালের অক্টোবরে ডিরাক প্রিন্সটনে যোগ দেন। ইনস্টিটিউট অব অ্যাডভান্সড স্টাডিজের ফাইন হলে ডিরাকের অফিস। ডিরাকের পাশের রুমেই বসেন ইউজিন উইগনার এবং তাঁর পাশের রুমে আইনস্টাইন।

ডিরাক আর আইনস্টাইনকে একই সঙ্গে প্রিন্সটনে পেয়ে বৈজ্ঞানিক মহলে একটা বিরাট আশার সঞ্চার হয়েছিল, দুই মহারথী একসঙ্গে কাজ করবেন। কিন্তু তাঁদের মধ্যে কোন রকমের বৈজ্ঞানিক সৌহার্দ গড়ে ওঠেনি। কারণ আইনস্টাইন ভালো ইংরেজি জানতেন না আর ডিরাক তাঁর স্বভাবমতো আইনস্টাইনের সঙ্গেও কথা বলতে আগ্রহী ছিলেন না। ১৯৩৭ সালের ২ জানুয়ারি সেন্ট্রাল লন্ডনের হলবর্ন রেজিস্ট্রি অফিসে গিয়ে বিয়ে করেন ডিরাক, পদার্থবিজ্ঞানী ইউজিন উইগনারের বোন মার্গিটকে। কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে হৈচৈ পড়ে যায় ডিরাকের বিয়ের সংবাদে। কেউ চিন্তাও করতে পারেননি যে ডিরাক মার্গিটের মত বিপরীত- স্বভাবের কাউকে বিয়ে করতে পারেন। রাদারফোর্ড তাঁর স্বভাবসুলভ উচ্চস্বরে বলেন, "ডিরাকের মতো লোককে সামলানোর জন্য অভিজ্ঞতাসম্পন্ন কাউকে দরকার ছিল। উইগনারের বোনের আট বছরের অভিজ্ঞতা আছে।" আসলে মার্গিটের আগে একবার বিয়ে হয়েছিল, সেখানে এক ছেলে এবং এক মেয়েও ছিল। সহকর্মী সহ- পদার্থবিজ্ঞানীদের সঙ্গে মার্গিটকে পরিচয় করিয়ে দেওয়ার সময় ডিরাক সবসময় 'উইগনারের বোন'-ই বলতেন, কখনোই 'আমার স্ত্রী' বলতেন না। কেন ? সে প্রশ্নের জবাব কখনো দেননি ডিরাক। ১৯৩৭ সালের এপ্রিলে মার্গিট ফিরে আসে কেমব্রিজে তাঁর ছেলে-মেয়েদের নিয়ে। ডিরাক মার্গিটের ছেলে-মেয়েকে আইনগতভাবে নিজের করে নেন। দুই সন্ধান গ্যাব্রিয়েল ও জুডিথ ডিরাক পদবী গ্রহণ করে। কেমব্রিজের কাছে একটা বড় বাড়ি কেনেন ডিরাক ও মার্গিট। ১৯৪০ সালের ৯ই ফেব্রুয়ারি তাঁদের প্রথম কন্যা মেরির জন্ম হয়। দু'বছর পর ১৯৪২ সালের ২৯ সেপ্টেম্বর জন্ম নেয় তাঁদের দ্বিতীয় কন্যা মনিকার।

বাবা হিসেবে নিষ্ঠার সঙ্গে সব দায়িত্ব পালন করেছেন ডিরাক। চার সন্তানের প্রতিই তিনি সমান স্নেহশীল ছিলেন। ছেলে মেয়েদের সঙ্গে কখনোই রাগ করেননি। তাদের সঙ্গে নিয়মিত খেলাধূলা করেছেন। প্রত্যেক গ্রীষ্মকালে সবাইকে নিয়ে ছুটি কাটাতে চলে যেতেন দূরে কোথাও। প্রত্যেক রবিবার সকালবেলা মেয়েদের নিয়ে সাইকেল চালাতে যেতেন। বাড়ির লনে বাগান করেছেন নিজের হাতে। প্রতি শনিবার ও রবিবার বিকেলে বাগানের কাজ করতেন। নিজেদের গাছ থেকে আপেল পেড়ে একটা একটা করে ধুয়ে মুছে গ্যারেজের দোতলায় সাজিয়ে রাখতেন অনেক যত্নে। স্কেল দিয়ে মেপে দেখতেন যেন প্রত্যেকটা আপেল পরস্পর থেকে সমান দূরত্বে থাকে। কুকুর পছন্দ করতেন না ডিরাক। কিন্তু মেয়েদের আবদারে তাদের বিড়াল কিনে দিয়েছিলেন। বিড়াল ঢোকার জন্য দরজা তৈরি করতে গিয়ে বিড়ালের গোঁফের দৈর্ঘ্য মেপে দেখতেন দরজার মাপ ঠিক করতে। গ্যাব্রিয়েল ও জুডিথ বড় হয়ে যাবার পর যে যার ইচ্ছেমত কলেজ-ইউনিভার্সিটিতে পড়েছে। মেরি আর মনিকাকে প্রতি সন্ধ্যায় নিজের হাতে গণিত আর পদার্থবিজ্ঞান শেখাতেন ডিরাক। তারা যখন জিজ্ঞেস করতো তাঁদের জীবনের লক্ষ্য কী হওয়া উচিত? ডিরাক বলতেন, "তোমার যা ভালো লাগে তাই হও। মনযোগ ও ভালোবাসা থাকলে অবশ্যই ভালো করবে।" মার্গিটের সঙ্গে ডিরাকের সম্পর্কটা ভালোভাবেই টিকে গিয়েছিল। ডিরাক বিয়ের পরও খুব একটা বদলাননি। মানুষের সঙ্গ তিনি এড়িয়ে চলেছেন বরাবরই। অপ্রয়োজনীয় কথা বলতে পছন্দ করেন না বলে কোন ধরনের দাম্পত্য-কলহ তাঁদের কখনোই হয়নি। সংসারে যা বলার একা মার্গিটই বলে গেছেন। আর ডিরাক চুপচাপ শুনেছেন। এভাবেই নীরবে সুখে কেটেছে তাঁদের ৪৭ বছরের দাম্পত্য জীবন। তবে মার্গিটের কাছ থেকে অনেক কিছু শিখেছেন ডিরাক। গান শুনতে শিখেছেন। যদিও কনসার্টে কখনো যেতেন না। কারণ সেখানে দর্শকের কাশির শব্দে নাকি তাঁর মনযোগ ব্যাহত হত। তিনি ক্লাসিক্যাল মিউজিক শুনতেন রেডিওতে, আলো নিভিয়ে, চোখ বন্ধ করে।

সারাজীবনে দুই শতাধিক গবেষণাপত্র প্রকাশিত হয়েছে তাঁর। নোবেল পুরস্কার পাওয়ার পরেও অনেক পুরস্কার পেয়েছেন। রয়েল সোসাইটির রয়েল মেডেল পেয়েছেন ১৯৩৯ সালে, ম্যাক্স প্ল্যাঙ্ক মেডেল ১৯৫২ সালে, ১৯৬৯ সালে পেয়েছেন মায়ামি ইউনিভার্সিটির ওপেনহেইমার প্রাইজ আর ১৯৭৩ সালে পেয়েছেন অর্ডার অব মেরিট। ১৯৬৯ সালে ডিরাক লুকাসিয়ান প্রফেসর পদ থেকে অবসর নেন। ১৯৭১ সালে সপরিবারে ফ্লোরিডা চলে যান। সেখানে ফ্লোরিডা স্টেট ইউনিভার্সিটিতে যোগ দেন। সেখানেই ছিলেন আমৃত্যু। ১৯৮৪ সালের ২০ অক্টোবর ৮২ বছর বয়সে মারা যান পল ডিরাক।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



রবিবার অল ত্রিপুরা বুক সেলার্সের উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরে মেয়র দীপক মজুমদার সহ অন্যান্যরা। নিজস্ব ছবি।

# কৌশিকী অমাবস্যায় তারাপীঠে প্রচুর ভক্ত সমাগমের সম্ভাবনা, নিরাপত্তায় জোর প্রশাসনের

তারাপীঠ, ১ সেপ্টেম্বর (হি.স.): সোমবার শুরু হচ্ছে কৌশিকী অমাবস্যা। আর এই বিশেষ তিথি উপলক্ষ্যে বীরভূমের তারাপীঠে লক্ষাধিক ভক্তের সমাগম ঘটতে চলেছে। প্রতি বছরই দূর-দূরান্ত থেকে ভক্তরা এই পবিত্র দিনে তারাপীঠে এসে দেবী তারার পূজার্চনা ও হোম যজ্ঞে অংশগ্রহণ করেন। এই বছরও সেই একই চিত্র দেখা যাবে বলে আশা করা হচ্ছে। তাই কোনওরকম বিশৃঙ্খলা এড়াতে প্রশাসনের তরফ থেকে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, তারাপীঠে ভক্তদের নিরাপত্তার জন্য অতিরিক্ত ২০০টি সিসিটিভি ক্যামেরা বসানো হয়েছে এবং মহিলা তীর্থযাত্রীদের জন্য থাকবে বিশেষ উইমেনস টিম। এছাড়াও ৯টি ওয়াচ টাওয়ার এবং একাধিক ড্রোন ক্যামেরার মাধ্যমে পুরো তারাপীঠ এলাকায় নজরদারি চালানো হবে। এবার ১৮০০ ফোর্স মোতায়েন করা হয়েছে, যা অতীতের চেয়ে বেশি। থাকবে অ্যান্টি ক্রাইম টিম এবং বিপর্যয় মোকাবিলা দফতরের কর্মীরা।

যাত্রীদের যাতায়াতের সুবিধার্থে ও যানজট এড়াতে তারাপীঠে প্রবেশের ক্ষেত্রে বিশেষ বিধিনিষেধ আরোপ করা হয়েছে। রবিবার বিকেল ৪টার পর থেকে শুধুমাত্র অটো ও ট্রেকার বাদে অন্যান্য যানবাহনের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে।

এছাড়া যেসব প্রাইভেট গাড়ি নির্দিষ্ট সময়ের আগে প্রবেশ করবে, তাদের হোটেলের নির্দিষ্ট পার্কিংয়ে রাখতে হবে। রাস্তার ধারে কোনো গাড়ি দাঁড় করালে প্রশাসন কঠোর ব্যবস্থা নেবে।

এছাড়াও, তারাপীঠ এলাকায় অতিরিক্ত সিসি ক্যামেরা, স্কুটিতে পুলিস টহলদারি, সাদা পোশাকের পুলিশ ভিড়ের মধ্যে মিশে থেকে চুরি ও অন্যান্য অপরাধ রুখতে নজরদারি চালাবে। গত বছরের তুলনায় এই বছর আরও বেশি ভক্তের সমাগম হতে পারে বলে আশা করা হচ্ছে। তাই, হোটেল মালিকদের সঙ্গেও মিটিং করা হয়েছে প্রশাসনের তরফে।

## উত্তর-দক্ষিণ দুই বঙ্গের একাধিক জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.): বঙ্গোপসাগরের নিম্নচাপ আপাতত দক্ষিণ ওড়িশা ও উত্তর অন্ধ্রপ্রদেশের মাঝামাঝি অবস্থিত। আশঙ্কা করা হচ্ছে, এর ফলে রবিবার বিক্ষিপ্ত বৃষ্টি হতে পারে বাংলায়।

রবিবার কলকাতায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে হাওড়া, হুগলি, দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ এবং নদিয়ায়।এছাড়া রবিবার বৃষ্টির সম্ভাবনা রয়েছে উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, কালিম্পং ও আলিপুরদুয়ারে।

## প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত জনজীবন, রবিবারও গুজরাটের একাধিক জেলায় বৃষ্টির সম্ভাবনা

আমেদাবাদ, ১ সেপ্টেম্বর (হি.স.): ভারী বৃষ্টির কারণে বিপর্যস্ত গুজরাটের জনজীবন। বিধ্বস্ত গুজরাটের বেশ কয়েকটি এলাকা। নদীর জল বেড়ে বন্যা পরিস্থিতি তৈরি করেছে। গুজরাটের বেশ কয়েকটি নদীর জল বিপদসীমার উপর দিয়ে বইছে। জল ঢুকেছে লোকালয়েও।

আরব সাগরের বুকে তৈরি হওয়া ঘূর্ণিঝড় 'আসনা' ক্রমশ ভারতীয় উপকূল থেকে দূরে পশ্চিম-উত্তর দিকে সরবে। কিন্তু রবিবারও গুজরাটে দুর্যোগের আশঙ্কা থেকেই যাচ্ছে। আবহাওয়া দফতর সূত্রে জানানো হয়েছে, জামনগর, পোরবন্দর, দ্বারকা এবং কচ্ছের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। মঙ্গলবার পর্যন্ত থাকছে বৃষ্টির আশঙ্কা।

## দেশের একাধিক রাজ্যে বৃষ্টিপাতের পূর্বাভাস

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.): ভারতের আবহাওয়া দফতর গুজরাটের সৌরাষ্ট্র, কচ্ছ, মহারাষ্ট্র এবং কর্ণাটক উপকূলে রবিবার ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। জানা গেছে, ঘূর্ণিঝড় 'আসনা' আরব সাগরের উত্তর-পূর্ব ও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হওয়ায় রবিবার সকাল পর্যন্ত এর তীব্রতা বজায় থাকবে। হাওয়া অফিস সূত্রে জানা গেছে, ঘূর্ণিঝড়টি পশ্চিম-দক্ষিণ পশ্চিম দিকে অগ্রসর হবে। তারপর ধীরে ধীরে দুর্বল হয়ে উত্তর-পশ্চিম আরব সাগরে নিম্নচাপে পরিণত হবে।

# উত্তাল হতে পারে সাগর, মৎস্যজীবীদের সমুদ্রে যাওয়ায় নিষেধাজ্ঞা

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.): বঙ্গোপসাগরে নিম্নচাপ ও আরব সাগরে তৈরি হয়েছে ঘূর্ণিঝড় 'আসনা'। যার ফলে উত্তাল থাকবে সমুদ্র। রবিবার মৎস্যজীবীদের সমুদ্রে যাওয়ায় নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। সমুদ্রে ৫০-৫৫ কিমি বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে বলে জানা যাচ্ছে আবহাওয়া দফতর সূত্রে।

উল্লেখ্য, ঘূর্ণিঝড় 'আসনা' আরব সাগরের উত্তর-পূর্ব ও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হওয়ায় রবিবার সকাল পর্যন্ত এর তীব্রতা বজায় থাকবে।

হাওয়া অফিস সূত্রে জানা গেছে, এরপর ঘূর্ণিঝড় পশ্চিম ও দক্ষিণ পশ্চিম দিকে অগ্রসর হবে। তারপর ধীরে ধীরে দুর্বল হয়ে উত্তর-পশ্চিম আরব সাগরে নিম্নচাপে পরিণত হবে।

ফলে ওড়িশা, ছত্তিশগড়, অন্ধ্রপ্রদেশ এবং তেলেঙ্গানায় ভারী বৃষ্টির সম্ভাবনা। তবে তেমনভাবে এর বিশেষ প্রভাব পড়বে না বাংলায়। এমনটাই খবর হাওয়া অফিস সূত্রে।

## আর জি কর কাণ্ডে প্রতিবাদ কর্মসূচি থেকে তৃণমূল নেত্রীদের বেফাস মন্তব্য, বিরোধীদের তীব্র প্রতিক্রিয়া

মালদা, ১ সেপ্টেম্বর(হি.স.): রাজ্যের বিভিন্ন জায়গায় আর জি কর কাণ্ডে দোষীদের কঠোর শাস্তির দাবিতে তৃণমূল কংগ্রেসের উদ্যোগে বিভিন্ন ব্লকে ধরনা কর্মসূচি পালিত হয়। মালদা জেলার হরিশ্চন্দ্রপুরে অনুষ্ঠিত এক ধরনা কর্মসূচিতে তৃণমূল নেতা-নেত্রীরা বিরোধী দল বিজেপিকে আক্রমণ করতে গিয়ে বিতর্কিত মন্তব্য করেন, যা নিয়ে রাজনৈতিক মহলে তীব্র প্রতিক্রিয়া শুরু হয়েছে।

তুলসীহাটায় হরিশ্চন্দ্রপুর ১ (বি) ব্লকে আয়োজিত এক ধরনা কর্মসূচিতে, ব্লক তৃণমূলের সভানেত্রী ও জেলা পরিষদ সদস্যা মর্জিনা খাতুন মঞ্চ থেকে বিজেপি নেতাদের খুঁটিতে বেঁধে রাখার নিদান দেন। তার অভিযোগ, বিজেপি রাজনৈতিক ফায়দা লোটার জন্য সম্পূর্ণ মিথ্যা অভিযোগ করছে। তার এই মন্তব্য নিয়ে মালদা জেলায় রাজনৈতিক উত্তেজনা তৈরি হয়েছে।

অন্যদিকে, হরিশ্চন্দ্রপুর ১ (এ) ব্লকে অনুষ্ঠিত আরেকটি ধরনা কর্মসূচিতে জেলা পরিষদ সদস্য ও জেলা তৃণমূলের সাধারণ সম্পাদক বুলবুল খান বিরোধীদের বাড়ি ঘেরাও করার আহ্বান জানান। তিনি অভিযোগ করেন, বিজেপি এবং তাদের ছাত্র সংগঠন শুধু নাটক করছে এবং সিবিআই তদন্তকে প্রভাবিত করার চেষ্টা করছে।

বিরোধী দলগুলি তৃণমূল নেত্রীদের এই ধরনের মন্তব্যের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়েছে। তাদের অভিযোগ, পুলিশ প্রথমে তথ্য-প্রমাণ ধামাচাপা দেওয়ার চেষ্টা করেছে, আর এখন তৃণমূল নেতারা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে এই ধরনের বেফাস মন্তব্য করছেন। বিরোধীদের অভিযোগ, তৃণমূল তথ্য-প্রমাণ লোপাটের জন্যই এখন রাস্তায় নেমে নাটক করছে।

## বিমানে বোমাতঙ্ক, হায়দরাবাদগামী বিমান নামলো নাগপুরে

জব্বলপুর, ১ সেপ্টেম্বর (হি.স.): আবারও বিমানে বোমাতঙ্ক। তার জেরে রবিবার তড়িঘড়ি ইন্ডিগোর একটি হায়দরাবাদগামী বিমানের যাত্রাপথ পরিবর্তন হলো।জানা গেছে, রবিবার জব্বলপুর থেকে হায়দরাবাদের উদ্দেশ্যে রওনা দিয়েছিল ইন্ডিগোর একটি বিমান। মাঝ আকাশে বোমা হামলার খবর পেয়েই বিমানটিকে নাগপুরে ঘুরিয়ে নেন চালক। ইন্ডিগোর তরফে বিবৃতি জারি করে জানানো হয়েছে, হায়দরাবাদ থেকে যাত্রাপথ পরিবর্তন করে মহারাষ্ট্রের নাগপুরে বিমান অবতরণের পর সকল যাত্রীকে নামিয়ে এনে শুরু হয় তল্লাশি।এক পুলিশ আধিকারিক জানান, একটি কাগজে বোমা হামলার হুমকি বার্তা ছিল, এটি বিমানের বাথরুমে পাওয়া যায়। তবে পুঙ্খানুপুঙ্খ তল্লাশির পরেও সন্দেহজনক কিছু পাওয়া যায়নি বলে তিনি জানিয়েছেন।

## ভারত-বাংলাদেশ সীমান্তে নিষিদ্ধ ইনজেকশন-সহ আটক এক ভারতীয়

দক্ষিণ দিনাজপুর, ১ সেপ্টেম্বর (হি.স.): বর্ডার সিকিউরিটি ফোর্সের (বিএসএফ) ১৩৭ তম ব্যাটালিয়ন চকগোপাল ভারত-বাংলাদেশ সীমান্তে এক ভারতীয় নাগরিককে নিষিদ্ধ ইনজেকশন-সহ আটক করেছে। ধৃত ভারতীয় নাগরিকের নাম রিপন মন্ডল (১৯)। রবিবার বিএসএফ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

বিএসএফ জানিয়েছে, রিপন মন্ডলকে জয়ন্তীপুর গ্রাম থেকে তার ই-রিকশায় গোপনে বাংলাদেশে নিষিদ্ধ ইনজেকশন পাচার করার সময় আটক করা হয়। তল্লাশি করে, বিএসএফ দল তার ই-রিকশা থেকে ৯৬৬ পিস নিষিদ্ধ ইনজেকশন, ১,৫৭৭ টাকা এবং একটি মোবাইল ফোন উদ্ধার করে। পরে ধৃতকে বাজেয়াপ্ত জিনিস-সহ হিলি থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

## তেলেঙ্গানায় প্রবল বৃষ্টি, বিঘ্নিত রেল পরিষেবা

হায়দরাবাদ, ১ সেপ্টেম্বর (হি.স.): ভারী বৃষ্টি তেলেঙ্গানায়। রাজ্যের বিভিন্ন এলাকা প্লাবিত হয়েছে। আবহাওয়া দফতর রবিবার ও সোমবার তেলেঙ্গানার একাধিক জেলায় ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে।

জানা গেছে, অবিরাম ভারী বর্ষণের ফলে মাহাবুবাবাদে জলমগ্ন হয়ে পড়েছে রেলপথ। কেসামুদ্রম এবং মাহাবুবাবাদের মধ্যে সংযোগকারী রেলপথে জল জমার ফলে ব্যাহত ট্রেন চলাচল। বিঘ্নিত যোগাযোগ ব্যবস্থা। বিজয়ওয়াড়া থেকে ওয়ারাঙ্গল, ওয়ারাঙ্গল থেকে বিজয়ওয়াড়া এবং দিল্লি থেকে বিজয়ওয়াড়া পর্যন্ত ট্রেন পরিষেবা ব্যাহত হয়েছে বলে জানা গেছে।

## গুরুতর অসুস্থ ফরেনসিক ডেমনস্ট্রেটর দেবাশিস সোম

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি. স.) : গুরুতর অসুস্থ সন্দীপ ঘোষ 'ঘনিষ্ঠ' ফরেনসিক ডেমনস্ট্রেটর দেবাশিস সোম। সংকটজনক অবস্থায় তাঁকে ভর্তি করা হয়েছে হাসপাতালে। আর জি কর কাণ্ডে একটানা সিবিআই জিজ্ঞাসাবাদের মুখোমুখি হয়েছিলেন তিনি। এমনকি কেষ্টপুরে তাঁর বাড়িতেও চলেছিল তল্লাশি অভিযান। পরিবার সূত্রে খবর, শনিবার রাতে আচমকাই তাঁর রক্তে শর্করার মাত্রার হেরফের ঘটতে শুরু করে। পরিস্থিতি খারাপ হলে তাঁকে তড়িঘড়ি করে বাইপাসের ধারের হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে আইসিইউতে ভর্তি রয়েছেন দেবাশিস।প্রসঙ্গত, আর জি কর হাসপাতালে মহিলা চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনায় সিবিআইয়ের নজরে রয়েছেন প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ। একাধিক অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। ইতিমধ্যেই আর্থিক দুর্নীতির অভিযোগে সন্দীপের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছেন

## কেসি ত্যাগীর ইস্তফা, জেডিইউ-এর নতুন মুখপাত্র রাজীব রঞ্জন

পাটনা, ১ সেপ্টেম্বর (হি.স.): জনতা দল ইউনাইটেডের (জেডিইউ) বরিষ্ঠ নেতা কেসি ত্যাগী দলের জাতীয় মুখপাত্রের পদ থেকে ইস্তফা দিয়েছেন। তাঁর জায়গায় দলের আরেক নেতা রাজীব রঞ্জন প্রসাদকে এই দায়িত্ব দেওয়া হয়েছে। দলের তরফে জানানো হ

জেডিইউ-এর তরফে জানানো হয়েছে, নীতীশ কুমার দলের জাতীয় মুখপাত্র হিসেবে নিযুক্ত করেছেন রাজীব রঞ্জন প্রসাদকে। তবে জেডিইউ এর একটি সূত্র জানাচ্ছে, কেসি ত্যাগী বেশ কিছু বিষয়ে দলের থেকে ভিন্ন সুরে কথা বলছিলেন। যে কারণে দলকে বিব্রত হতে হয়েছে। সেই কারণেই সরে যেতে হলো ত্যাগীকে, এমনটাই শোনা যাচ্ছে। যদিও কেসি ত্যাগী ব্যক্তিগত কারণ দর্শিয়ে পদত্যাগ করেছেন বলে জেডিইউ-এর তরফে জানানো হয়েছে।

## মেট্রোর যাত্রী ভাড়া থেকে আয়ে রেকর্ড, এক দিনে ছাড়াল এক কোটি টাকা

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.): কলকাতা মেট্রো রেল যাত্রী পরিবহণ থেকে আয়ে আরেকটি মাইলফলক ছুঁয়ে ফেলল। শনিবার কলকাতা মেট্রোর যাত্রী ভাড়া থেকে আয় এক দিনে এক কোটি টাকা অতিক্রম করেছে। ওই দিন ব্লু লাইন, গ্রিন লাইন-১ এবং গ্রিন লাইন-২ সহ মেট্রোর তিনটি রুটে মোট প্রায় ৬.৭৫ লক্ষ যাত্রী যাতায়াত করেছেন। এর মধ্যে ব্লু লাইনে সর্বাধিক প্রায় ৫.৭৫ লক্ষ যাত্রী পরিবহন করা হয়েছে। গ্রিন লাইন-১ এবং গ্রিন লাইন-২ এ প্রায় ৫০ হাজার করে যাত্রী যাতায়াত করেছেন। রবিবার মেট্রো রেল কর্তৃপক্ষ এক বিবৃতি জারি করে এমনটাই জানিয়েছে।

মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানান, "বিপুল সংখ্যক যাত্রী পরিবহনের মাধ্যমে কলকাতা মেট্রোর যাত্রী ভাড়া আয় ওইদিন ১.০১ কোটি টাকা অতিক্রম করেছে। উল্লেখ্য, শনিবার হওয়ায় ওইদিন কমার্শিয়াল পরিষেবা অরেঞ্জ লাইন এবং পার্পল লাইনে বন্ধ ছিল।"

## নিউটাউনে শ্যুটআউট: গুলিবিদ্ধ যুবকের মৃত্যু, অভিযুক্ত গ্রেফতার

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.): নিউটাউনের রাম মন্দির আইল্যান্ডের কাছে শনিবার রাতে ঘটে গেছে শ্যুটআউটের ঘটনা। স্থানীয় একটি চায়ের দোকানে চা খেতে বসেছিলেন ভাঙরের বাসিন্দা নাসিমুদ্দিন খান। সে সময় হঠাৎ করেই দুই দুষ্কৃতী মোটরবাইকে এসে নাসিমুদ্দিনের উপর এলোপাথাড়ি গুলি চালিয়ে দ্রুত ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। গুলিবিদ্ধ অবস্থায় তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে শেষমেশ হাসপাতালের চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

ইকোপার্ক থানার পুলিশ তদন্তে নেমে এই ঘটনার পেছনে বেশকিছু অসঙ্গতি লক্ষ্য করে। ভোর রাত থেকেই দুই ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করা হয়। পুলিশের জেরায় উঠে আসে নতুন তথ্য। পুলিশের সন্দেহ আরও দৃঢ় হয় এবং নাসিমুদ্দিনের ব্যবসার সঙ্গী কাজী রফিকুল ইসলামকে গ্রেফতার করে ইকোপার্ক থানার পুলিশ। এই ঘটনায় নিউটাউনের সাধারণ মানুষের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে।

## প্রবল বৃষ্টি, সোমবার হায়দরাবাদে ছুটি ঘোষণা স্কুলে

হায়দরাবাদ, ১ সেপ্টেম্বর (হি.স.): অবিরাম বৃষ্টিতে ভাসছে হায়দরাবাদ। জলমগ্ন প্রায় গোটা শহর। সোমবারও ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে সেখানে। এই প্রেক্ষিতে হায়দরাবাদের সমস্ত সরকারি ও বেসরকারি প্রাথমিক এবং উচ্চ বিদ্যালয় বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন। রবিবার হায়দরাবাদের জেলাশাসকের এক্স হ্যান্ডেলে এই ছুটির কথা ঘোষণা করা হয়। ছাত্রছাত্রীদের সুরক্ষার কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানানো হয়েছে।

# কৌশিকী অমাবস্যা: তারাপীঠে অনলাইন পুজোর প্রতারণা চক্র, সতর্কতার আহ্বান মন্দির কমিটির

তারাপীঠ, ১ সেপ্টেম্বর (হি.স.): কৌশিকী অমাবস্যার তিথি আসতেই তারাপীঠে ফের সক্রিয় হয়ে উঠেছে অনলাইনে পুজো দেওয়ার নামে প্রতারণা চক্র। ধর্মবিশ্বাসী মানুষজন পুজো দেওয়ার জন্য হাজার হাজার টাকা অনলাইনে পাঠিয়ে প্রতারিত হচ্ছেন বলে অভিযোগ। এই প্রসঙ্গে কয়েকদিন আগেই তারাপীঠ মন্দির কমিটির তরফ থেকে সিউড়ি সাইবার ক্রাইম শাখায় একটি অভিযোগ দায়ের করা হয়েছিল। অভিযোগের পর কিছুদিন প্রতারণার ঘটনা কম থাকলেও কৌশিকী অমাবস্যার আগে আবারও সক্রিয় হয়ে উঠেছে এই অসাধু চক্রটি, এমনই অভিযোগ। তারাপীঠ মন্দির কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে, মন্দিরের পক্ষ থেকে কোনও অনলাইন পুজো দেওয়ার ব্যবস্থা নেই। মন্দির কমিটির সভাপতি তারাময় মুখোপাধ্যায় জানান, 'আমাদের মন্দিরের কোনও অনুমোদিত অনলাইন ওয়েবসাইট নেই। তাই অনলাইন পুজোর নামে প্রতারণার ফাঁদে না পড়ে সতর্ক থাকতে হবে।' তিনি আরও জানান, 'যাঁরা পুজো দিতে চান, তাঁরা নিজেদের পরিচিত পুরোহিতের সঙ্গে যোগাযোগ করে পুজোর ব্যবস্থা করতে পারেন। কোনও অজানা অনলাইন লিঙ্কে বিশ্বাস করবেন না।

প্রসঙ্গত, করোনা মহামারির সময় থেকেই এই প্রতারণা চক্র সক্রিয় হয়ে ওঠে। করোনাকালে মানুষ অনলাইন নির্ভর হয়ে পড়ায়, সেই সুযোগকে কাজে লাগিয়ে প্রতারকরা দেব-দেবীর পুজোর নামেও অনলাইনে প্রতারণা শুরু করে। তাদের ফাঁদে পড়ে বহু ধর্মপ্রাণ মানুষ আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছেন।

উল্লেখ্য, কৌশিকী অমাবস্যা তারাপীঠ মন্দিরের অন্যতম বড় উৎসব, যেখানে লক্ষ লক্ষ ভক্তের সমাগম হয়। এবছরও সেই একই দৃশ্য দেখা যাবে বলে আশা করা হচ্ছে। তারাপীঠ চত্বরকে ইতিমধ্যেই কড়া নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে। তবে মন্দির কর্তৃপক্ষ ও প্রশাসন ধর্মপ্রাণ মানুষদের সতর্ক থাকার আবেদন জানিয়েছে, যাতে তাঁরা প্রতারণার শিকার না হন।

# মালদায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু নাবালক মাঝির, বন্যা কবলিত এলাকায় শোকের ছায়া

মানিকচক, ১ সেপ্টেম্বর (হি.স.): মালদার মানিকচকের বন্যা কবলিত ভূতনী এলাকায় ঘটে গেল এক মর্মান্তিক ঘটনা। শনিবার সন্ধ্যায় যাত্রী নিয়ে নৌকা পারাপারের সময় হাই ভোল্টেজ বিদ্যুৎ তারের সংস্পর্শে এসে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল কিশোর নাবালক মাঝি ছোটু চৌধুরীর। বাড়ি ভূতনীর দক্ষিণ চন্ডীপুর এলাকায়। দিনভর বন্যা কবলিত এলাকায় টাকার বিনিময়ে যাত্রী পারাপার করছিল ছোটু।

শনিবার সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ শেষবারের মতো মথুরাপুর ভূতনী ব্রিজের কাছ থেকে যাত্রী নিয়ে উত্তর চন্ডীপুরের খোশবোরটোলায় পৌঁছায় ছোটু। যাত্রা শেষে বাড়ি ফেরার প্রস্তুতি নিচ্ছিল সে, কিন্তু ঠিক সেই সময় কয়েকজন যাত্রী তাকে জোর করে ভূতনী ব্রিজের কাছে যেতে বাধ্য করে।

ব্রিজের দিকে যাওয়ার পথে মথুরাপুর শংকরটোলার কাছে তার নৌকার বৈঠার বাঁশ কোনওভাবে বিদ্যুতের এগারো হাজার ভোল্টবাহী তারে লেগে যায়, ফলে ঘটনাস্থলেই তার মর্মান্তিক মৃত্যু হয়।রবিবার সকালে খবর পেয়ে এন.ডি.আর.এফ-এর টিম ঘটনাস্থলে গিয়ে প্রায় এক ঘণ্টা ধরে তল্লাশি চালিয়ে কিশোর মাঝির নিথর দেহ উদ্ধার করে।

এই ঘটনায় ভূতনী এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। ঘটনার পরিপ্রেক্ষিতে রবিবার সকাল থেকে পুলিশ প্রশাসনের তরফে ভূতনী ব্রিজ সংলগ্ন এলাকায় সচেতনতামূলক মাইকিং করা হয়। সিভিক ভলান্টিয়াররা নৌকার মাঝিদের বিদ্যুতের তারের নিচ দিয়ে সাবধানে নৌকা চালানোর নির্দেশ দেন, যাতে ভবিষ্যতে এই ধরনের মর্মান্তিক ঘটনার পুনরাবৃত্তি না ঘটে।

# মালদার নির্যাতিতার পড়াশোনার সমস্ত দায়িত্ব নেবে রাজ্য সরকার, আশ্বাস দিলেন মন্ত্রী সাবিনা ইয়াসমিন

মালদা, ১ সেপ্টেম্বর (হি.স.): হবিবপুরে ঘটে যাওয়া নারকীয় ধর্ষণকাণ্ডে নির্যাতিতার পাশে দাঁড়িয়ে তার পড়াশোনা থেকে শুরু করে যাবতীয় সাহায্যের আশ্বাস দিলেন রাজ্যের উত্তরবঙ্গ উন্নয়ন জলপথ ও সেচ দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে রবিবার সকালে তিনি নির্যাতিতার বাড়িতে উপস্থিত হন এবং তার পরিবারের প্রতি সমবেদনা জানান।মন্ত্রীর সঙ্গে এদিন উপস্থিত ছিলেন হবিবপুর ব্লকের বিডিও, হবিবপুর ব্লক সভাপতি কিষ্টু মুর্মু, আদিবাসী নেতা অমল কিস্কু, তৃণমূল নেতা পিযূষ মন্ডল, সমীর সাহা-সহ একাধিক তৃণমূল নেতৃত্ব। মন্ত্রী প্রতিশ্রুতি দেন যে, রাজ্য সরকার সর্বদা নির্যাতিতার পাশে থাকবে এবং তার পরিবারের পাশে থাকার সর্বোত্তম সহায়তা করবে।মন্ত্রী সাবিনা ইয়াসমিন এও জানান যে, যদি পরিবার রাজি থাকে, তাহলে রাজ্য সরকার নির্যাতিতার পড়াশোনার সমস্ত দায়িত্ব গ্রহণ করবে। পাশাপাশি তিনি অভিযোগ করেন যে বিজেপি এই ঘটনাকে নিয়ে নোংরা রাজনীতি করার চেষ্টা করছে।মন্ত্রী আরও বলেন, 'ধর্ষক বিজেপি কর্মী হিসেবে এলাকায় পরিচিত, আমি চাই যে দোষীকে কঠোরতম শাস্তি দেওয়া হোক।'এই ঘটনা নিয়ে রাজনৈতিক মহলে উত্তেজনা তুঙ্গে উঠেছে। রাজ্যের প্রশাসনিক মহলও এই ঘটনাকে কেন্দ্র করে সতর্ক রয়েছে।

# ছত্রপতি শিবাজীর মূর্তি ভাঙার প্রতিবাদে মুম্বইয়ে বিক্ষোভ মিছিল উদ্ধব, শরদ পাওয়ারদের

মুম্বই, ১ সেপ্টেম্বর (হি.স.): গতবছর রাজকোট দুর্গে ৩৫ ফুট লম্বা ছত্রপতি শিবাজির মূর্তির উন্মোচন হয়েছিল। কিন্তু বছর ঘুরতে না ঘুরতেই সম্প্রতি ভেঙে পড়েছে সেই মূর্তি। এই ঘটনায় শোরগোল পড়ে গিয়েছে গোটা মহারাষ্ট্রে। অভিযোগ, নিম্নমানের নির্মাণসামগ্রী দিয়ে মূর্তি তৈরি করাতেই এই বিপত্তি। এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক তরজা।

বিরোধীরা শাসক গোষ্ঠীর বিরুদ্ধে ইতিমধ্যেই জায়গায় জায়গায় প্রতিবাদে সামিল হয়েছে।

রবিবার সকালে মহারাষ্ট্রের মহা বিকাশ আঘারি জোট ছত্রপতি শিবাজীর মূর্তি ভেঙে পড়ার ঘটনার প্রতিবাদে মুম্বইয়ের হুতাত্মা চক থেকে গেটওয়ে অফ ইন্ডিয়া পর্যন্ত এক প্রতিবাদ মিছিল করে। এনসিপি-এসসিপি প্রধান শরদ পাওয়ার, শিবসেনা (ইউবিটি) প্রধান উদ্ধব ঠাকরে, মহারাষ্ট্র কংগ্রেসের নানা পাটোলে-সহ বিভিন্ন দলের নেতারাও এই মিছিলে যোগ দেন।

# সেপ্টেম্বরের শুরুতেই বাড়ল বাণিজ্যিক সিলিন্ডারের দাম

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.): বাণিজ্যিক সিলিন্ডারের দাম বাড়ল আবার। প্রতি মাসের ১ তারিখ রান্নার গ্যাসের নতুন দাম প্রকাশ হয়। পয়লা সেপ্টেম্বর থেকে বর্ধিত দামে মিলবে বাণিজ্যিক সিলিন্ডার। উল্লেখ্য, আগস্টেও বাণিজ্যিক গ্যাস সিলিন্ডার পিছু দাম বেড়েছিল ৮.৫০ টাকা। সেবার কলকাতায় সিলিন্ডার পিছু দাম বেড়ে হয়েছিল ১,৭৬৪.৫০ টাকা। আর এবার সেই দাম আরও ৩৮ টাকা বেড়ে দাঁড়িয়েছে ১,৮০২.৫০ টাকা। এই নিয়ে দু'দফা মিলিয়ে বাণিজ্যিক সিলিন্ডারের দাম বাড়ল প্রায় ৪৭ টাকা।প্রসঙ্গত, বাড়িতে রান্নার কাজে যে ১৪.২ কেজির এলপিজি সিলিন্ডার ব্যবহার করা হয়, তার দামে কোনও পরিবর্তন ঘটছে না। গৃহস্থের রান্নার গ্যাসের দাম ৮২৯ টাকাই থাকছে বলে জানা গেছে।

# রাঁচিতে রবিবার থেকে আড়াই লক্ষ গ্রাহকের ঘরে চালু স্মার্ট মিটার

রাঁচি, ১ সেপ্টেম্বর (হি.স.): রাঁচি ও ধানবাদের প্রায় তিন লক্ষ বিদ্যুৎ গ্রাহকের পুরনো মিটার পরিবর্তন করে স্মার্ট মিটার দেওয়া হয়েছে। তার মধ্যে রাঁচিতেই প্রায় আড়াই লক্ষ গ্রাহকের ঘরে স্মার্ট মিটার বসানো হয়েছে। জানা গেছে, ১ সেপ্টেম্বর থেকে এই মিটার কার্যকরী হবে।

উল্লেখ্য, স্মার্ট মিটার রিচার্জ করলে তবেই গ্রাহকরা বিদ্যুৎ ব্যবহার করতে পারবেন। ঝাড়খণ্ড বিদ্যুৎ বিভাগ ১ সেপ্টেম্বর থেকে এই ব্যবস্থা চালু করেছে। যাদের বাড়িতে স্মার্ট মিটার বসানো হয়েছে তাদের পুরনো বিদ্যুৎ বিল জমা দিতে বলা হয়েছে। কিন্তু দেখা গেছে, পুরনো মিটারের বিদ্যুৎ বিল জমা দেননি অনেকেই। এই প্রেক্ষিতে বকেয়া বিদ্যুৎ বিল জমা দেওয়ার তারিখ ৩০ অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে বলে জানা গেছে। গ্রাহকদের মোবাইল নম্বর নথিভুক্ত করার জন্য বিশেষ ক্যাম্পের আয়োজন করা হবে বলেও জানা গেছে।

# বঙ্গোপসাগরে ভূমিকম্প, তীব্রতা ৫.১

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.): কেঁপে উঠলো বঙ্গোপসাগর। রবিবার সকাল ৯টা ১২ মিনিট নাগাদ ভূমিকম্প অনুভূত হয় বঙ্গোপসাগরে। ভারতের জাতীয় ভূতাত্ত্বিক কেন্দ্রের তরফে জানানো হয়েছে, রিখটার স্কেলে এই ভূমিকম্পের মাত্রা ছিল ৫.১।

বঙ্গোপসাগরে ভূমিকম্পর ফলে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জেও কিছুটা কম্পন অনুভূত হয়। তবে এর তীব্রতা ছিল অল্প। ভূমিকম্পের জেরে এখনও পর্যন্ত কোনও ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। উল্লেখ্য, বঙ্গোপসাগরে ভূমিকম্প নতুন নয়। এর আগেও একাধিকবার কেঁপে উঠেছে বঙ্গোপসাগর।

# হরেকরকম

হরেকরকম

হরেকরকম

## বাতেলা বাজ

অভিজিৎ মুখোপাধ্যায়

মহিলার নাম অপরাজিতা গাঙ্গুলী। বয়স আশির ঘরে। একদা কেন্দ্রীয় সরকারের অধীনে ডেসপ্যাচারের কাজ করতেন। যদিও পাড়ার লোকের কাছে তিনি নিজেকে অফিসার বলে পরিচয় দিয়ে রেখেছেন। সবাই তাকে সেই ভাবেই সমীহ করেন এবং মান্যতা দেন।

দৈনিক পত্রিকায় প্রকাশিত আমার একটি লেখা তাকে প্রায় পনেরো দিন আগে পড়তে দিয়ে এসেছিলাম। কালী পুজোর পরে সেটাই একদিন আনতে গিয়েছিলাম। সেদিন কথাচ্ছলে তিনি নিজের জীবন পাঁচালি শোনাতে গিয়ে এমন একটি কথা বলেছিলেন যে, আমি নিঃসন্দেহে অভিভূত হয়ে তাঁর মুখপানে অবাক দৃষ্টি মেলে বেশ কিছুক্ষণ নির্বোধের মতো তাকিয়ে ছিলাম। তিনি বিশুদ্ধ বামপন্থীদের সুরে মন্তব্য করেছিলেন — আচ্ছা, তুই বল আমাকে প্রতিমাসে পেনশন হিসেবে এতগুলো টাকা দেওয়ার কি প্রয়োজন ? তোর কাকুর পেনশনও তো আমি পাই। তাছাড়া এই বয়সে আমার খরচই বা কী। প্রসাধন বা সাজ-পোষাকের বালাই নেই, খাওয়া-দাওয়াও প্রায় তথৈবচ। দুপুরে একমুঠো ভাত আর রাতে হয় কোনদিন দুধ-মুরি বা দুধ-রুটি। এরজন্যে এতগুলো টাকা ?

উত্তরে বলেছিলাম — তুমি লিখে জানিয়ে দাও আমার টাকা চাই না তাহলেই ল্যাঠা চুকে যাবে। আমাদের সরকার সূর্যের ন্যায় অতিশয় মহানুভব। চোর-ছ্যাচোর, সাধু-সন্ত, ধনী-গরীব সবার প্রতি তার সমান দৃষ্টি। সূর্য আলো দিচ্ছে আর সরকার দিচ্ছে পেনশন। সূর্যের আলো তুমি না চাইলেও পাবে কিন্তু পেনশন না চাইলেই বন্ধ হয়ে যেতে পারে।

বৃদ্ধা নিরুত্তর। বেশ খানিকটা সময় অতিবাহিত হওয়ার পরে আমি অগত্যা সেখান থেকে বাড়ি ফিরে এসেছিলাম। আমি একদিন নিত্য প্রয়োজনীয় জিনিস কেনার তাগিদে পাড়ার দোকানে যাচ্ছিলাম। ঠিক সেই মূহুর্তে হঠাৎ দেখা বৃদ্ধার সঙ্গে। লাঠি হাতে গায়ে শাল জড়িয়ে তিনি স্থানীয় কালীবাড়ি থেকে বাড়ি ফিরছিলেন। ভদ্রতাসূচক আচরণ পূর্বক তাঁকে অভিবাদন জানিয়ে কেমন আছেন জিজ্ঞাসা করি।

তিনি আমার কথার গুরুত্ব না দিয়ে বললেন — আজ ক'দিন ধরেই ভাবছি তোকে একটা কথা জিজ্ঞাসা করবো। কিন্তু তোকে নাগালে পাচ্ছিলাম না। আচ্ছা, একটা কথা বল দেখি এম.সি.ডি.-র গাড়িতে চেপে যে ছেলে দুটো রোজ ময়লা নিতে আসে তাঁদের দশহরা আর দীপাবলী উপলক্ষে কত টাকা বকশিশ দিয়েছিস ?

বললাম --- দু'বারে মোট চারশো টাকা দিয়েছি। কিন্তু হঠাৎ এই কথা জিজ্ঞাসা করার মানে ?

-- ওরে ! এইভাবে কি টাকা ব্যায় করতে আছে ? ওরা তো নিজের ডিউটি পালন করছে। ওরা দিল্লী সরকারের অধীনস্থ বেতনভোগী কর্মচারী। ওরা মাস গেলে টাকা পায়। ওদের দিয়ে লাভ কি ? ওরা যখন আসে আমি দোতালার ব্যালকনি থেকে ময়লা ছুঁড়ে দেই। বাড়িতে তখন কেউ থাকে না। আমাকেই কাজটা করতে হয়। সেই সময় দেখেছি ওদের হাতে তোকে টাকা গুঁজে দিতে। তোর তো সংসার আছে রে বাবা। একটু বুঝে চলিস। আমার কাছেও হাত পেতেছিল। আমি মুখের উপর স্পষ্ট শুনিয়ে দিয়েছি।

বললাম — একটা কথা আছে, আপনি কি সেটা ভুলে গিয়েছেন ? "যতই করিবে দান ততই যাবে বেড়ে"।

-- ওসব বুজরুকি কথা আমার কাছে বলতে আসিস না। ভরা বালতি থেকে একঘটি জল নিলে বালতির জল কমেই যায় বাড়ে না কখনো। আমার মুখের কথা বিশ্বাস না হলে পরীক্ষা করে দেখিস।

## তেজপাতা চা আর কী কী রোগের ওষুধ খরচ বাঁচিয়ে দিতে পারে ?



বিরিয়ানি হোক কিংবা পায়েস, তেজপাতার গন্ধে প্রাণ জুড়িয়ে যায়। নিরামিষ, আমিষ যেকোনও রান্নাতেই তেজপাতা ব্যবহার করা যায়। তবে তেজপাতা শুধু রান্নায় স্বাদ আনে তা-ই নয়, এর স্বাস্থ্যগুণও অনেক। তেজপাতায় রয়েছে অ্যান্টি- অক্সিড্যান্ট, ভিটামিন এ, আয়রন, পটাশিয়াম, ম্যাগনেশিয়ামের মতো উপাদান। তেজপাতা যে শরীরের যত্ন নেয়, সেটা আর বলার অপেক্ষা রাখে না। বিশেষ করে কোলেস্টেরল যাঁদের রয়েছে, তেজপাতা নাকি ওষুধের মতো কাজ করে। পাশাপাশি ডায়াবিটিস, অন্ত্রের সমস্যাও কমিয়ে দেয় তবে শুধু রান্নায় দিলে চলবে না, সুফল পেতে হলে খেতে হবে তেজপাতার চা। কী কী গুণ রয়েছে তেজপাতার চায়ের?

১) নিয়মিত এই চা পান করলে শরীরে ইনসুলিনের মাত্রা নিয়ন্ত্রণে রাখা সম্ভব। টাইপ ২ ডায়াবিটিসের জন্য তেজপাতা খুবই কার্যকর।

২) শরীর থেকে দূষিত পদার্থ বার করে দেওয়ার নেপথ্যেও তেজপাতার হাতযশ রয়েছে। তাই রক্ত পরিশুদ্ধ করতে এই চা খেতেই পারেন।

৩) খাবার হজম করার উৎসেচক ক্ষরণে তেজপাতা বেশ উপকারী। দ্রুত খাবার ভাঙতে পারে তেজপাতার রস। ফলে যাঁরা অন্ত্রের সমস্যায় ভুগছেন, তাঁরা নিয়মিত তেজপাতার চা খেতেই পারেন।

৪) ক্যাফেক অ্যাসিড থাকে বলে হৃদযন্ত্রকে শক্তিশালী করে তুলতে পারে তেজপাতা। কোলেস্টেরলের মাত্রা কমিয়ে হার্ট অ্যাটাকের ঝুঁকি কমায়।

৫) তেজপাতায় অ্যান্টি- ব্যাক্টেরিয়াল ও মাইক্রোব্যাক্টেরিয়াল উপাদান থাকায় এটি ক্ষত সারাতে দারুণ ভাবে কাজ করে। সর্দি-কাশির সময়ে এই চা খেলে যথেষ্ট আরাম পাওয়া যায়। কী ভাবে বানাবেন তেজপাতার চা? একটি পাত্রে জল গরম করে তাতে চারটি তেজপাতা ও সামান্য দারচিনির গুঁড়ো মিশিয়ে নিয়ে মিনিট পাঁচেক ভাল করে ফুটিয়ে নিন। এ বার একটি কাপে ছেঁকে নিয়ে তাতে লেবু ও মধু মিশিয়ে পান করুন।

## হজমের গোলমাল রুখে দিতে পারে জোয়ান



জোয়ান মাত্রই হজম সহায়ক, এ কথা কে না জানে! কিন্তু এই মশলা যে শুধুই হজমজনিত সমস্যা সমাধানের হাতিয়ার নয়, তা কি জানেন? জোয়ানের আছে এমন অনেক গুণ, যা শারীরিক বহু সমস্যাকেই বশে রাখতে পারে। খাওয়াদাওয়ার পর এক চিমটে জোয়ান খাওয়ার অভ্যাস রয়েছে অনেকের। নিমন্ত্রণবাড়ি হোক বা নিজের বাড়িতেই ভারী খাওয়াদাওয়া জোয়ানের শরণ নেন অনেকেই।

ভাজা জোয়ান বা মশলা জোয়ানের চাহিদা এতটাই যে, বাস-ট্রামেও বিক্রি হয় সেই মশলা। কিন্তু হজমশক্তি বাড়ানো ছাড়া আর কী কী ভাবে জোয়ানের জল আপনাকে সাহায্য করতে পারে, জানেন?

১. জোয়ান বিপাকহার বৃদ্ধি করে। গবেষণায় জানা গিয়েছে এতে থাকা থাইমল "গ্যাস্ট্রিক জুস" ক্ষরণ বাড়িয়ে তুলতে পারে। যার ফলে বিপাকহার দ্রুত হয়। বিপাকহার বৃদ্ধি পাওয়ার অর্থ হল দ্রুত ক্যালোরি ক্ষয় হওয়া।

২. হজম ভাল হওয়ার জন্য খাওয়ার পর জোয়ান চিবিয়ে খেতে বলা হয়। বেশি খেলে অনেক সময় শরীরে অস্বস্তি হয়। পেট ফুলে যায়। উষ্ণ জলে নুন দিয়ে জোয়ান ভিজিয়ে খেলে সেই সমস্যার সমাধান হতে পারে।

৩. শরীরে জমা হওয়া টক্সিন বা বিষাক্ত পদার্থ বার করতে সাহায্য করে জোয়ানের জল। এর ফলে শরীর থাকে ঝরঝরে। গবেষণা বলছে, টক্সিন শরীর থেকে বেরিয়ে গেলে বিপাকহার বৃদ্ধি পায়। পাশাপাশি, হজমশক্তি বাড়ে। যা ওজন কমানোর জন্য জরুরি।


৪. ঠান্ডা লাগার ধাত কিংবা শ্বাসকষ্টজনিত সমস্যা নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে এই পানীয়। অ্যাজমা বা হাঁপানির সমস্যা থাকলেও জোয়ান ভেজানো জল খাওয়া যায়।

৫. অ্যান্টিব্যাক্টেরিয়াল এবং অ্যান্টিফাঙ্গাল উপাদানে সমৃদ্ধ জোয়ান। জোয়ান ভেজানো জল খেলে ব্যাক্টেরিয়াঘটিত সংক্রমণও নিয়ন্ত্রণে রাখা যায়।

কী ভাবে তৈরি করবেন জোয়ানের জল?

এক গ্লাস জলে এক চা চামচ জোয়ান রাতভর ভিজিয়ে রাখতে হবে। সকালে জলটা ভাল করে ফুটিয়ে ছেঁকে নিতে হবে। হালকা গরম থাকতে থাকতে জোয়ানের জল খেলে ফল মিলবে ভাল।

## কোমর ও পিঠের যন্ত্রণায় "অর্থপেডিক ম্যাট্রেস" আরাম দিতে পারে



বসা কিংবা শোয়ার দোষে কোমরে ব্যথা হয়। দীর্ঘ ক্ষণ চেয়ার-টেবিলে বসে কাজ করলেও এই ধরনের কষ্ট বাড়তে পারে। সেই কষ্ট বশে রাখতে কত কী না করেন! কিন্তু রাতে বাড়ি ফিরে বিছানায় পিঠ না দেওয়া পর্যন্ত শান্তি পান না। ব্যথার ওষুধের গুণে হয়তো ঘুমও চলে আসে। কিন্তু সকাল হতেই ব্যথা যে কে সেই। আসলে সমস্যা যে আরামের সেই গদিতেই লুকিয়ে রয়েছে, সে কথা হয়তো অনেকেই জানেন না।

কোমরের ব্যথা কত ধরনের হতে পারে?

১) অ্যাকিউট ব্যাক পেন:

কোমর, পিঠে চোট-আঘাত লাগলে বা প্রচুর খাটনি হলে এই ধরনের ব্যথা হতে পারে। ব্যথার ওষুধ খেয়ে কষ্ট সাময়িক ভাবে বশে রাখা যায়। কিন্তু তা নিরাময় হয় না। ভুল ম্যাট্রেস বা শোয়ার ভঙ্গির জন্যও এই ধরনের সমস্যা দেখা দিতে পারে।

২) ক্রনিক ব্যাক পেন:

স্লিপ ডিস্ক বা মেরুদণ্ডের কোনও সমস্যা থাকলে কোমরে এই ধরনের ব্যথা হয়। যা মাস তিনেক পর্যন্ত ভোগাতে পারে। ওষুধের পাশাপাশি ফিজিয়োথেরাপি, ব্যায়ামেরও প্রয়োজন হতে পারে।

৩) লোয়ার ব্যাক পেন:

দীর্ঘ ক্ষণ চেয়ারে বসে কাজ করার অভ্যাস, সায়াটিকার মতো সমস্যা থেকে লোয়ার ব্যাক পেন হতে পারে। শোয়ার ভঙ্গির জন্য পরিস্থির অবনতি হতে পারে। ৪) আপার ব্যাক পেন: চোট-আঘাত, বসা কিংবা শোয়ার দোষে অনেক সময়ে কোমর-সহ পিঠেও ব্যথা হতে পারে। খারাপ মানের ম্যাট্রেসে শুলে সেই ব্যথা-বেদনা অসহনীয় হয়ে উঠতে পারে।

কোমর, পিঠের ব্যথায় আরাম পেতে গদি কেন গুরুত্বপূর্ণ?

সারা দিন কাজের পর বিছানায় শরীর এলিয়ে দেওয়া মাত্রই ঘুম আসা স্বাভাবিক। কিন্তু সমস্যা হল কোমর, পিঠের ব্যথা! এই কষ্ট বশে রাখতে গদির যথেষ্ট ভূমিকা রয়েছে। দেহের ভার, মেরুদণ্ড স্বাভাবিক রাখতে ম্যাট্রেসের মান ভাল হওয়া প্রয়োজন। এ ছাড়া ম্যাট্রেসের উপর যে কুশনিং ব্যবস্থা রয়েছে, তা দেহের স্পর্শকাতর অংশ বা অস্থিসন্ধির উপর অতিরিক্ত চাপ ফেলতে দেয় না।

"অর্থপেডিক ম্যাট্রেস" কী? এই ধরনের কোমরে ব্যথা বশে রাখতে ইদানীং অনেকেই বিছানায় "অর্থপেডিক ম্যাট্রেস" পাতেন। খুব নরম কিংবা খুব শক্ত কোনটিই কিন্তু দেহের জন্য ভাল নয়। "অর্থপেডিক ম্যাট্রেস" এমন ভাবে তৈরি করা হয়, যাতে মেরুদণ্ড-সহ শরীরের বিভিন্ন অস্থিসন্ধি আলাদা করে আরাম পায়। কেন কিনবেন অর্থপেডিক ম্যাট্রেস?

ঘুম থেকে উঠে হাত-পা নাড়তে পারছেন না। পিঠ-কোমর এমনকি ঘাড়ও শক্ত হয়ে গিয়েছে? তা হলে অবশ্যই বিছানার পুরনো গদি বদলানোর প্রয়োজন রয়েছে। কাজ থেকে বাড়ি ফিরে বিছানায় শুয়েও শান্তি নেই। কোমরের ব্যথায় দু"চোখের পাতা এক করতে পারছেন না? অর্থপেডিক ম্যাট্রেস ব্যবহার করলে উপকার পেতে পারেন।

## শুধু টক দই খেতে ভাল না লাগলে এক চিমটে দারচিনি মিশিয়ে নিন



টক দই স্বাস্থ্যের জন্য ভাল। কিন্তু টক দইয়ের তো নিজস্ব কোনও স্বাদ নেই, তাই সকলের তা খেতে ভাল লাগে না। ফল কিংবা সব্জির সঙ্গে টক দই মিশিয়ে খান অনেকেই। সঙ্গে চাট মশলা কিংবা আমচুর মিশিয়ে নেন। তাতে স্বাদ এবং গন্ধ খানিকটা বদলে যায়। তবে পুষ্টিবিদেরা বলছেন, টক দইয়ের পুষ্টিগুণ এবং স্বাদ দুই-ই বৃদ্ধি করতে এই খাবারের মধ্যে মিশিয়ে নেওয়া যেতে পারে দারচিনি।

টক দইয়ের মধ্যে দারচিনি মিশিয়ে নিলে শরীরের কী কী উপকার হবে?

১) টক দই প্রোবায়োটিক জাতীয় একটি খাবার। আর দারচিনির মধ্যে রয়েছে অ্যান্টি মাইক্রোবায়াল উপাদান। এই দুইয়ের যুগলবন্দি অন্ত্রে ভাল ব্যাক্টেরিয়ার পরিমাণ বৃদ্ধি করে। বিপাকহার জনিত সমস্যাও বশে রাখা যায়।

২) রক্তের বাড়তি শর্করা নিয়ন্ত্রণে রাখতে পারে দারচিনি। ইনসুলিন হরমোনের ক্ষরণ এবং কার্যকারিতা সঠিক ভাবে পরিচালনা করতে টক দই এবং এই মশলাটির যথেষ্ট ভূমিকা রয়েছে।

৩) দারচিনির মধ্যে অ্যান্টিঅক্সিড্যান্ট রয়েছে ভরপুর মাত্রায়। শরীরে অক্সিডেটিভ স্ট্রেসের সমতা বজায় রাখতে সাহায্য করে এই মশলাটি। টক দইয়ের সঙ্গে মিশলে এই মশলার কার্যক্ষমতা বৃদ্ধি পায়। "পিসিওএস" কিংবা হরমোন জনিত নানা রকম সমস্যা রুখে দিতে পারে এই খাবার।

৪) শরীরে প্রদাহজনিত সমস্যা রুখে দিতে পারে টক দই এবং দারচিনির গুঁড়ো। প্রদাহ নিয়ন্ত্রণে রাখতে না পারলে হরমোনের ভারসাম্য বিঘ্নিত হবে।

৫) এই খাবার খেলে বিপাকহার ভাল হয়। তাই পরোক্ষ ভাবে ওজন নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে দারচিনি এবং টক দইয়ের মিশ্রণ। বার বার খাবার খাওয়ার ইচ্ছে দমন করতেও সাহায্য করে।

## পুজোয় প্রসাধনী হিসাবে মেকআবক্সে কি কি রাখতে হবে



পুজো এসেই গেল প্রায়। কেনাকাটি চলছে জোরকদমে। পুজোর আগে প্রসাধনী নিশ্চয়ই কিনবেন। লিপস্টিক, ব্লাশ, নেল পলিশ কিছু নতুন জিনিস না কিনলে যেন পুজো ঠিক জমে না। চটজলদি মেকআপ সেরে বেরিয়ে পড়া যাবে, এমন কিছু প্রসাধনীও রাখতে হবে মেকআপ কিটে। জেনে নিন, পুজোর আগে কী কী অবশ্যই কিনবেন?

চোখের মেকআপ

আইশ্যাডো অবশ্যই কিনবেন। লাল, পান্না-সবুজ, কালচে নীল, কমলার মতো রং দারুণ মানাবে সান্ধ্য-সাজে। কাজল পরলেই তা ঘেঁটে যায়। এমন কাজল চাই যা "স্মাজ" না করেই দীর্ঘ ক্ষণ চোখে থাকবে। সঙ্গে লাইনার বা মাস্কারাও কিনতে পারেন। লাইনার পরতে গেলে অনেকেরই হাত কাঁপে। তাঁরা পেনসিল লাইনার বা লাইনার পেন ব্যবহার করতে পারেন।

হাইলাইটার

হাইলাইটার লাগাতে ভুলবেন না পুজোয়। যদি আপনার কাছে না থাকে, তা হলে এ বছর কিনে নিন। ফাউন্ডেশন লাগানোর পর মুখে একটা আলগা দীপ্তি পেতে হাইলাইটার দরকার। গালের হাড়ে, কপালে সামান্য হাইলাইটার লাগিয়ে নিলে সাজটাই অন্যরকম হয়ে যাবে।

প্রাইমার

ত্বক যত মসৃণ হবে, মেকআপ তত ভাল বসবে। দেখতেও সুন্দর লাগবে। তাই প্রাইমার অবশ্যই কিনতে হবে।

ফাউন্ডেশন- নিজের ত্বকের রঙের সঙ্গে মানিয়ে ফাউন্ডেশন কিনুন। তবে মেকআপ করার অভ্যাস না থাকলে তরল ফাউন্ডেশন ব্যবহার করাই ভাল। মেলাতে সুবিধা হবে। ম্যাট ফাউন্ডেশন কিনতে পারেন। অন্য ফাউন্ডেশনের চেয়ে এগুলি অনেক বেশি দীর্ঘস্থায়ী। তাই অনেক ক্ষণ প্যান্ডেলে ঘুরলেও আপনার সাজ থাকবে একদম ছবির মতো।

কনট্যুর প্যালেট- হাইলাইটার আপনার মুখের সুন্দর দিকগুলো ফুটিয়ে তোলে আর কনট্যুর প্যালেট খুঁতগুলোকে ঢেকে দেয়। কী ভাবে কনট্যুর প্যালেট ব্যবহার করবেন তা জেনে নিন আগে। কনট্যুরিংয়ের জন্য সঠিক রং বেছে নেওয়া খুব জরুরি। খুব গাঢ় বা খুব হাল্কা রং দিয়ে কনট্যুরিং করলে তা ভীষণ কৃত্রিম দেখাতে পারে। ত্বকের রঙের চেয়ে এক বা দুই শেড গাঢ় কনট্যুর বেছে নেওয়া উচিত। মেকআপ হালকা রাখতে চাইলে ত্বকের রঙের সঙ্গে মিলিয়ে হালকা রং বেছে নেওয়া যেতে পারে।

ব্লাশ অন- মুখে লালচে আভা আনতে গেলে ব্যবহার করতে হবে ব্লাশ-অন। সাধারণত দু'রকম ব্লাশ পাওয়া যায়। একটি ক্রিম বেস এবং অন্যটি পাউডার বেস। ত্বক যদি শুষ্ক হয়, তা হলে ক্রিম বেস প্রসাধনী কিনবেন এবং তৈলাক্ত ত্বকের জন্য পাউডার বেস ব্লাশ অন কেনাই ভাল।

ঠোঁটের জৌলুস- ঠোঁটের যত্ন নিতে কিন্তু অনেক কিছুই দরকার। প্রথমেই একটা লিপ বাম রাখুন হাতের কাছে। কোনও রকম প্রসাধনী ছাড়া টিন্টেড লিপ বামেই অনেক কাজ হয়ে যায়। আর রাখুন লিপ লাইনার ও লিপস্টিক। তবে একটা লিপস্টিক নয়, অন্তত পক্ষে চারটি ভিন্ন শেডের লিপস্টিক রাখুন।

## বিভিন্ন কাজের মধ্যে ১০ মিনিটে ঘর গুছিয়ে ফেলবেন কী করে ?



অফিস থেকে সদ্য বাড়ি ফিরেছেন। এমন সময় হঠাৎ ফোন! ফোনের ওপার থেকে বন্ধু বললেন, তিনি আপনার বাড়ির কাছেই আছেন, ১০ মিনিটে আসছেন দেখা করতে। বন্ধু আসার খবরে আনন্দ তো হল, তবে কপালে চিন্তার ভাঁজও পড়ল। ঘরবাড়ির অবস্থা একেবারে অগোছালো। কোথাও জামাকাপড়ের পাহাড়, কোথাও আবার ছড়ানো রয়েছে অফিসের কাগজপত্র কিংবা বই।

ঘরের এই হাল বন্ধু দেখলেই বা কী ভাববে? কিন্তু হাতে সময় কম বলে, ঘাবড়ে যাবেন না। বরং মাথা ঠান্ডা রেখে কৌশল করে ঘর গুছিয়ে নিন। রইল ১০ মিনিটে ঘর গোছানোর ৫ উপায়।

১) সবার আগে বসার ঘরে ছড়িয়ে-ছিটিয়ে থাকা খেলনা, বই, কাগজপত্র, জামাকাপড় গুলি জায়গায় রাখুন। জামাকাপড় ভাঁজ করতে সময় লাগবে তাই সেগুলি আলমারিতে তুলে রাখুন। বইয়ের তাকে বই ও অফিসের কাগজপত্র ব্যাগে ভরুন। শিশুকে বলুন তার খেলনাগুলি যথাস্থানে রাখতে।

২) বাড়ির প্রতিটি শৌচালয় পরিষ্কার করার মতো সময় আপনার হাতে নেই। তাই অতিথি যে শৌচালয়টি ব্যবহার করবেন, সেটির বেসিন, টয়লেট সিট পরিষ্কার আছে কি না যাচাই করে নিন। শৌচালয় শুকনো রাখুন আর সুগন্ধি স্প্রে ছড়িয়ে দিন।

৩) রান্নাঘরে নজর দিতে ভুলবেন না। ধোয়া বাসনের স্তূপ থাকলে সেটি রান্নাঘরের আলমারিতে তুলে রাখুন। আর সিঙ্কে ব্যবহৃত বাসনের স্তূপ থাকলে সেটিতে ভাল করে গুছিয়ে রাখুন, ছড়িয়ে রাখবেন না। খুব ভাল হয় যদি সিঙ্কের নীচে কোনও ক্যাবিনেটে সেগুলি ভরে রাখতে পারেন কিছু ক্ষণের জন্য। রান্নাঘরের "কাউন্টার টপ" বা গ্যাস রাখার স্ল্যাবটি পরিষ্কার করে নিন।

৪) হাতে কিছুটা সময় থাকলে বসার ঘরে সেন্টার টেবিলে কিংবা টিভির ক্যাবিনেটে ধুলো থাকলে সেগুলি শুকনো কাপড় দিয়ে মুছে নিন।

৫)শেষমেষ ঘরে "রুম ফ্রেশনার" বা সুগন্ধি স্প্রে করে নিন। বাড়িতে ঢুকেই সুন্দর ফুলের গন্ধ নাকে এলে মন ভরে যাবে অতিথির।

## ঘোড়ার ডিম

মহুয়া রায়

এক যে ছিল ঘোড়া —
পা দুটো তাঁর খোঁড়া।
দিনের শেষে রোজ বিকেলে
বাঁধতো ডিমের তোড়া।
ঘোড়া নাকি ডিম পাড়ে না,
ঐ তো ঘোড়ার মস্ত ডিম।
ডিমের উপর উঠে ঘোড়া
নাচছে তা ধিন ধিন।
ছোটবেলায় ঘোড়ার ডিমের
গল্প গাথা শুনেছি
ডিম ফেটে ঠিক কি বেরোলো
আমরা কি কেউ জেনেছি ?
নাই বা শুনি, নাই বা জানি
থাক না সেটা গোপনে।
ঘোড়ার ডিমটা ঘোড়ারই থাক
আমরাও রাখি যতনে।।

# সুরক্ষা আরও বৃদ্ধি করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের লাংটিং স্টেশন ইয়ার্ডে টার্ন আউট পরিবর্তন



মালিগাঁও, ১ সেপ্টেম্বর, ২০২৪: ট্রেনের পরিচালনগত দক্ষতা এবং সুরক্ষা বৃদ্ধির লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের লামডিং ডিভিশন সফলভাবে লামডিং—বদরপুর হিল সেকশনে অবস্থিত লাংটিং ইয়ার্ডে পূর্বে বিদ্যমান ১ ইন ১২ ট্র্যাক টার্নআউট পরিবর্তন করে আরও অধিক সুরক্ষিত ১ ইন ১৬ টার্নআউট সেট স্থাপন করেছে। এই সফলতা একটি মাইল ফলক অর্জন হিসেবে চিহ্নিত হয়েছে, কারণ এই ধরনের আপগ্রেডেশন প্রথমবারের মতো এই জোনে গৃহীত ও বাস্তবায়িত হয়েছে। প্রকৃতপক্ষে, এই স্থাপনার সফলতার পর আরও ১২ টি টার্ন আউট ১ ইন ১৬ টার্নআউটে পরিবর্তনের পরিকল্পনা ইতিমধ্যেই প্রস্তুত করা হয়েছে যা লামডিং-বদরপুর হিল সেকশনের অধীনে লামডিং ডিভিশনে সম্পন্ন হবে এবং প্রকল্পগুলি ইতিমধ্যে অনুমোদিত ও বাস্তবায়নের পথে রয়েছে।

লাংটিং ইয়ার্ডের পূর্ববর্তী ১ ইন ১২ টার্নআউট (পয়েন্ট ১০১)৩.৫ ডিগ্রি কার্ভে স্থাপন করা হয়েছিল, যার ফলে ক্রসওভারে ৭.৫ ডিগ্রির একটি শার্প কার্ভেছার সৃষ্টি হয়েছিল। এই শার্প কার্ভেছার সুগম ট্রেন পরিচালনার ক্ষেত্রে চ্যালেঞ্জ সৃষ্টি করেছিল। ১ ইন ১৬ টার্ন আউট স্থাপনের মাধ্যমে, কার্ভেছার উল্লেখযোগ্যভাবে কমিয়ে ৫.৭৩ ডিগ্রি করা হয়েছে, ফলে ইয়ার্ডের মধ্য দিয়ে ট্রেনের সুরক্ষিত ও আরও দক্ষ পরিচালন সম্ভব হয়েছে। পরিবর্তন প্রক্রিয়াটি সতর্ক পরিকল্পনা ও কার্যকরীকরণের মাধ্যমে পরিচালিত হয়েছে এবং এমএফআই প্রযুক্তি ব্যবহার করে একাধিক রাউন্ড মেশিন ট্যাম্পিং করা হয়েছে যা ট্র্যাকগুলিকে আরও স্থিতিশীল করে এবং সঠিক অ্যালাইনমেন্ট নিশ্চিত করে।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে তার ট্রেন সংযোগ পরিকাঠামোর ক্রমাগত উন্নয়ন এবং আপগ্রেডেশনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আপগ্রেডেড লাংটিং ইয়ার্ড উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের উন্নত প্রযুক্তি এবং পদ্ধতি গ্রহণের প্রতি প্রতিশ্রুতির প্রমাণ, যা রেল অপারেশনের উচ্চ মান নিশ্চিত করে এবং বিদ্যমান লেআউটের চ্যালেঞ্জগুলিকে কমায়। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে তার যাত্রীদের সুরক্ষিত,দক্ষ এবং নির্ভরযোগ্য রেল পরিষেবা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং অঞ্চলটির ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য পরিকাঠামো উন্নয়নে বিনিয়োগ অব্যাহত রাখবে।

## অবসরে গেলেন বিএসএফ-এর মিজোরাম-কাছাড় ফ্রন্টিয়ারের আইজি অখিলেশ্বর

করিমগঞ্জ (অসম), ১ সেপ্টেম্বর (হি.স.) : সুদীর্ঘ ৩৭ বছরের বেশি, বর্ণিল পেশাগত জীবন সাফল্যের সাথে সম্পন্ন করে দেশরক্ষার দায়িত্ব পালনের মধ্য দিয়ে নিজের কর্মজীবন থেকে অবসর নিয়েছেন বিএসএফ-এর মিজোরাম-কাছাড় ফ্রন্টিয়ারের ইন্সপেক্টর জেনারেল অখিলেশ্বর সিং। তাঁৰ অবসর উপলক্ষ্যে শনিবার রাতে কাছাড় জেলার অন্তর্গত মাসিমপুরে অবস্থিত সেক্টর হেডকোয়ার্টারে বড়খানা, সাংস্কৃতিক অনুষ্ঠান সহ বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়।

বিদায়ী কর্মকর্তার সুন্দর জীবন ও সুস্থতা কামনা করে বক্তব্য পেশ করেছেন ফ্রন্টিয়ার সহ ব্যাটালিয়নের অন্যান্য আধিকারিকরা। পেশাগত ও ব্যক্তি জীবনের নানা দিক তুলে ধরে বক্তব্য পেশ করেন অনেকে। একজন সফল কর্মকর্তা হিসেবে তাঁর কর্মজীবনে পেশাগত দক্ষতার ছাপ রাখতে সক্ষম হয়েছেন বলে মতামত তুলেন ধরেন বক্তারা। সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী আইজি অখিলেশ্বর সিং সর্বস্তরের পদীধিকারী এবং সহকর্মীদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সাধারণ জনগণ, বিশেষ করে সীমান্তবর্তী এলাকার মানুষের বন্ধু হওয়ার লক্ষ্যে কাজ করার জন্য বিএসএফ কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান।তিনি বলেন, সীমান্তে বিএসএফ-এর কাজ চ্যালেঞ্জিং। প্রতিদিনই কোনও না-কোনও চ্যালেঞ্জ মোকাবিলা করতে হয়। দেশরক্ষার গুরুদায়িত্ব জওয়ানদের কাঁধে। তাই নিজেদের দায়িত্ব পালনে কোনও ধরনের কম্প্রমাইজের অবকাশ নেই।

প্রসঙ্গত, গত বছর মার্চ মাসে পদোন্নতি পেয়ে ফ্রন্টিয়ারের আইজি হিসাবে যোগদানকারী অখিলেশ্বর সিং প্রাথমিকভাবে ১৯৮৭ সালের অক্টোবরে সহকারী কমান্ড্যান্ট হিসাবে বিএসএফ-এ যোগদান করেন। কর্মজীবনে তিনি কোম্পানি সহ ব্যাটালিয়নকে অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সাথে নেতৃত্ব দিয়েছেন। ব্যাটালিয়নের স্টাফ অফিসার (অ্যাডজুট্যান্ট/কিউএম/টিআরজি অফিসার/ডিডিও) হিসেবে শৃঙ্খলার উচ্চমান বজায় রাখতে, অপারেশনের দক্ষ সমন্বয়, অভিযোগের সমাধান এবং জওয়ানদের অনুপ্রেরণা হিসেবে ব্যাটালিয়নের দৈনন্দিন কাজে সহায়তা করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা প্রদর্শন করে গেছেন তিনি। বিশাল পেশাদারী দক্ষতা এবং ক্রমাগত কঠোর পরিশ্রমের দরুন তিনি সফলভাবে সমস্ত প্রয়োজনীয় শর্তাবলি পূরণ করে নিয়মিত পদোন্নতি অর্জন করেছেন। অখিলেশ্বর সিং ছিলেন পেশাগতভাবে পরিপক্ক এবং সামাজিক। ১৯৯৪ সালে পিএমজি এবং ২০১৪ সালে পিএমএমএস অ্যাওয়ার্ড পেয়েছেন তিনি। আইজি হিসেবে মিজোরাম-কাছাড় ফ্রন্টিয়ার থেকে অবসর নেওয়ার আগে একই ফ্রন্টিয়ারে ২০১৫ থেকে ২০১৮ সালে ডিআইজি (অপারেশনস)-এর দায়িত্ব পালন করেছেন অখিলেশ্বর।

## আর জি কর আন্দোলনের মধ্যেই জুনিয়র চিকিৎসকদের টেলিমেডিসিন পরিষেবা, শহরের বিভিন্ন প্রান্তে অস্থায়ী ক্যাম্প

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.): আর জি কর মেডিকেল কলেজের জুনিয়র চিকিৎসকদের চলমান আন্দোলনের মাঝেও রোগীদের জন্য টেলিমেডিসিন পরিষেবা চালু করেছেন জুনিয়র চিকিৎসকেরা, যা গতকাল থেকে শুরু হয়েছে এবং এরই মধ্যে ভালো সাড়া পেয়েছে।রবিবার শহরের বিভিন্ন প্রান্তে অস্থায়ী ক্যাম্পের মাধ্যমে রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেছেন তাঁরা।

শহরের ছয়টি স্থানে পশ্চিমবঙ্গ জুনিয়র ডাক্তারদের ফ্রন্টের পক্ষ থেকে এই ক্যাম্পের আয়োজন করা হয়েছে। কলকাতার মেডিক্যাল কলেজ, আর জি কর মেডিকেল কলেজ, ন্যাশনাল মেডিক্যাল কলেজ-সহ একাধিক মেডিক্যাল কলেজের জুনিয়র ডাক্তাররা 'অভয়া ক্লিনিক' নামে এই অস্থায়ী ক্যাম্প পরিচালনা করেন। ক্যাম্পগুলির অবস্থান কুমারটুলি, ধর্মতলা ক্রসিং, রানুছায়া মঞ্চ, ন্যাশনাল মেডিক্যালের ২ নম্বর গেট, এন আর এস মেডিক্যালের ১ নম্বর গেট এবং কেপিসি মেডিক্যাল কলেজের পড়ুয়াদের উদ্যোগে ৮বি বাস স্ট্যান্ডে। এছাড়া ই এস আই হাসপাতালের পক্ষ থেকে বেহালায় একটি ক্যাম্প পরিচালিত হচ্ছে। এই ক্যাম্পগুলোতে সকাল ১০টা থেকে দুপুর ২টো পর্যন্ত রোগীদের দেখার ব্যবস্থা রয়েছে। বিশেষভাবে উল্লেখযোগ্য যে, প্রেসকিপশনে চিকিৎসকরা তাঁদের প্রতিবাদও প্রকাশ করেছেন। প্রেসকিপশনে লেখা হয়েছে, 'আর জি করের বিচার চাই, অপরাধচক্রের বিনাশ চাই।'

জুনিয়র চিকিৎসকেরা জানিয়েছেন, আপাতত প্রতি রবিবার এই অস্থায়ী ক্যাম্পগুলো পরিচালনা করা হবে, যাতে সাধারণ মানুষ সঠিক চিকিৎসা সেবা পেতে পারেন।

## বুন্ডেসলিগা: অপরাজেয় যাত্রা শেষ হয়ে গেল লেভারকুজেনের

জার্মানি, ১ সেপ্টেম্বর (হি.স.): দুই গোলে এগিয়ে গিয়েও জিততে পারল না লেভারকুজেন। তাদের অপ্রতিরোধ্য পথচলার পথে বাধা হয়ে দাঁড়ালো লাইপজিগ।

বুন্ডেসলিগায় শনিবার রাতে লেভারকুজেনকে তাদের মাঠেই ৩-২ গোলে হারাল লাইপজিগ। জার্মান লিগে শাবি আলোন্সোর দলের ৩৫ ম্যাচের অপরাজেয় যাত্রা শেষ হয়ে গেল এই পরাজয়ে।৪৬২ দিনের মধ্যে প্রথমবার বুন্ডেসলিগায় হারের স্বাদ পেল শাবি আলোন্সোর দল।

ম্যাচের ৩৮ মিনিটে দারুণ ফিনিশিংয়ে লেভারকুজেনকে এগিয়ে দেয় জেহেমি ফ্রিম্পং। সাত মিনিট পর আবার লেভাকুজেনের হয়ে ব্যবধান বাড়ান আলেক্স গ্রিমাল্দো।বিরতির আগে যোগ করা সময়ের সপ্তম মিনিটে একটি গোল শোধ করে দেয় লাইপজিগ। এরপর দ্বিতীয়ার্ধে ৫৭ মিনিটে লোইস ওপেন্ডা গোল করে ২-২ করেন। এরপর ৮০ মিনিটে বেলজিয়ান ফরওয়ার্ড লোইস ওপেন্ডাই জয়সূচক গোলটি করেন। এখান থেকে আর ম্যাচে ফিরতে পারেনি বুন্ডেসলিগা চ্যাম্পিয়নরা।

### ঝাড়খণ্ড সরকারকে নিশানা শিবরাজ সিংয়ের

রাঁচি, ১ সেপ্টেম্বর (হি.স.): কেন্দ্রীয় মন্ত্রী এবং ঝাড়খণ্ড বিধানসভা নির্বাচনে বিজেপির দায়িত্বপ্রাপ্ত শিবরাজ সিং চৌহান রবিবার নিশানা করলেন ঝাড়খণ্ড সরকারকে। তিনি বলেন, বর্তমান সরকার (হেমন্ত সোরেনের সরকার) রাজ্যকে পুরোপুরি ধ্বংস করে দিয়েছে। এই নির্বাচন রাজ্যকে বাঁচানোর নির্বাচন। তিনি আরও বলেন, মানুষ এবার বিজেপিকে ভোট দেবে।শিবরাজ বলেন যে, প্রতিদিন এখান থেকে নগদ উদ্ধার হচ্ছে। আদিবাসীদের জমি কেড়ে নেওয়া হচ্ছে।

## রবিবার শৈলেন মান্নার জন্মদিন

শান্তি রায়চৌধুরী: কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.): ভারতীয় ফুটবলের প্রবাদপ্রতিম ডিফেন্ডার ছিলেন শৈলেন মান্না। অলিম্পিক এবং এশিয়ান গেমসে নেতৃত্ব দিয়ে আন্তর্জাতিক ফুটবলে ভারতকে সম্মানের আসনে প্রতিষ্ঠিত করে শৈলেন মান্না এক নতুন ইতিহাস রচনা করেন। কুড়ি বছরের ফুটবলজীবনে ডিফেন্ডার হিসেবে খেললেও তিনি কোনওদিন হলুদ বা লাল কার্ড দেখেননি। অত্যন্ত বিনয়ী, মার্জিত স্বভাবের মানুষ ছিলেন তিনি। দলের অন্যদের খাওয়া না হলে নিজে খেতেন না। নিজের প্রিয় দল মোহনবাগানে খেলার জন্য কোনওদিন একটি টাকাও পারিশ্রমিক নেননি। তিনি এশিয়ার একমাত্র খেলোয়াড় যিনি ১৯৫৩ সালে ইংল্যান্ড ফুটবল অ্যাসোসিয়েশনের নির্বাচিত বিশ্বের ১০ জন সেরা অধিনায়কের তালিকায় স্থান পেয়েছিলেন। খেলোয়াড় হোক বা প্রশিক্ষক বা ক্লাবের কর্মকর্তা, সমস্ত রকম ভূমিকাতেই ভারতীয় ফুটবলের ইতিহাসে শৈলেন মান্নার অবদান অনস্বীকার্য।

১৯২৪ সালের ১ সেপ্টেম্বর হাওড়া জেলার ব্যাঁটরায় শৈলেন মান্নার জন্ম। মাত্র ১৪ বছর বয়সে তিনি ফুটবল খেলা শুরু করেন। ১৬ বছর বয়সে শৈলেন মান্না হাওড়া ইউনিয়ন ক্লাবে যোগ দেন। ১৯৪১ সালে ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের হয়ে খেলেন। ১৯৪২ সালে হাওড়া ইউনিয়ন ক্লাব ছেড়ে তিনি মোহনবাগান অ্যাথলেটিক ক্লাবে খেলা শুরু করেন। ১৯৬০ সালে অবসর নেওয়া পর্যন্ত দীর্ঘ আঠারো বছর তিনি মোহনবাগান ক্লাবের হয়েই খেলেছেন। মোহনবাগানের হয়ে সুদীর্ঘ বছর খেলার মধ্যে ১৯৫০ থেকে ১৯৫৫ সাল পর্যন্ত এই পাঁচ বছর তাঁকে মোহনবাগান ক্লাবের অধিনায়কের ভূমিকায় দেখা যায়। কিন্তু কখনওই তিনি এই ক্লাবের হয়ে খেলার জন্য কোনওরকম পারিশ্রমিক নেননি। তিনি জিওলজিকাল সার্ভে অফ ইন্ডিয়াতে চাকরি করতেন। সেখান থেকে পাওয়া বেতনেই সন্তুষ্ট ছিলেন তিনি। তাঁর অধিনায়কত্বেই মোহনবাগান ৫ বার ডুরান্ড কাপ এবং ৬ বার আই এফ এ শিল্ড জেতে।

শুধু জাতীয় স্তরেই নয়, আন্তর্জাতিক স্তরেও শৈলেন মান্না ভারতীয় ফুটবলকে এক নতুন উচ্চতায় নিয়ে গেছেন। ১৯৪৮ সালের লন্ডন অলিম্পিকে তিনি ভারতীয় জাতীয় ফুটবলের প্রতিনিধিত্ব করেন। ভারতীয় ফুটবলের ইতিহাসে এটি ছিল প্রথম আন্তর্জাতিক সফর। এই টুর্নামেন্টে শৈলেন মান্না ফ্রান্সের বিরুদ্ধে একটি ম্যাচে পেনাল্টি মিস করেন। ফ্রান্সের কাছে ২-১ গোলে হারলেও ভারতীয় ফুটবল টিমের একাগ্রতা সবার নজর কাড়ে। খালি পায়ে প্রতিপক্ষের বিরুদ্ধে হাল না ছেড়ে লড়াই করে যাওয়ার

## গঙ্গায় তলিয়ে যাওয়া কিশোরের দেহ উদ্ধার

বারাণসী, ১ সেপ্টেম্বর (হি.স.) : রবিবার উত্তর প্রদেশের আশি ঘাটে গঙ্গায় স্নান করতে গিয়ে গভীর জলে ডুবে মৃত্যু হয়েছে ঝাড়খণ্ডের এক কিশোরের। অনেক চেষ্টার পর ডুবুরিরা জল থেকে কিশোরের দেহ উদ্ধার করে। জানা গেছে, ঝাড়খণ্ডের বাসিন্দা বাবি (১৭) পরিবারের সঙ্গে আশি ঘাটে স্নান করছিল। তাকে গভীর জলের দিকে যেতে দেখে সেখানে উপস্থিত পুলিশকর্মীরা বাধা দিলেও বাবি তাদের কথা শোনেনি। বাবি বলতে থাকে যে, সে সাঁতার জানে। কিন্তু বাবি গভীর জলে তলিয়ে যায়। ডুবুরিরা তার দেহ উদ্ধার করলে পুলিশ বিএইচইউ ট্রমা সেন্টারে পাঠায়। সেখানে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

## কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত ব্যক্তির দেহ উদ্ধার, তদন্তে পুলিশ

হরিদ্বার, ১ সেপ্টেম্বর (হি.স.) : রবিবার উত্তরাখণ্ডের রুরকিতে জেল থেকে ছাড়া পাওয়া এক ব্যক্তির দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। জানা গেছে, নিহত হরিশ ওরফে মনি রুরকি গঙ্গানাহার কোতোয়ালি এলাকার আম্বর তালাব এলাকায় থাকতেন। গত শনিবার সকালেই হরিশ জেল থেকে ছাড়া পান। শনিবার সন্ধ্যায় পুরাতন তহসিল এলাকার মাছলি মহল্লা চকের কাছে তার মৃতদেহ পড়ে থাকতে দেখা যায়। দেহ উদ্ধারের পর এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। খবর পেয়ে গঙ্গানাহার কোতোয়ালির ইনচার্জ গোবিন্দ কুমার তার বাহিনী নিয়ে ঘটনাস্থলে পৌঁছান। পুলিশ ঘটনাস্থলে গিয়ে তথ্য সংগ্রহ করে। নিহতের হাতে জেল থেকে মুক্তির সিলমোহরও ছিল। পুলিশ বিষয়টি খতিয়ে দেখছে।

## আর জি কর কাণ্ডের প্রতিবাদে মিছিল বিহার বাঙালি কমিটির মহিলাদের

পাটনা, ১ সেপ্টেম্বর (হি.স.): আর জি কর কাণ্ডের প্রতিবাদে এবার রাস্তায় নামলেন বিহার বাঙালি কমিটির পাটুলিপুত্র শাখার মহিলারা। রবিবার বিহারের রাস্তায় প্ল্যাকার্ড হাতে স্লোগান দেন তাঁরা। এদিন অঘোরপ্রকাশ শিশুসদন থেকে দিনকর চক পর্যন্ত মিছিলে হাঁটেন তাঁরা।

তাঁরা জানান, দোষীদের চরম শাস্তি হোক। ফাঁসি হোক। দেশের সব মেয়ে যেন নিরাপদ থাকে তার ব্যবস্থা করতে হবে। আমাদের সুরক্ষা দিতে হবে। দোষীকে এমন শাস্তি দেওয়া হোক যাতে এরপর এমন ঘটনা ঘটানোর সাহস কেউ না পায়।

## কাশী বিশ্বনাথ মন্দির দর্শন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের

বারাণসী, ১ সেপ্টেম্বর (হি.স.): রবিবার দুপুরে কাশী বিশ্বনাথ মন্দির দর্শন করলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। একদিনের সফরে এসে তিনি মন্দির দর্শন ও বিগ্রহের পূজার পর অভিষেক করেন। তিনি দেশ ও রাজ্যবাসীর সুখ-শান্তি প্রার্থনা করেন। এসময় মুখ্যমন্ত্রীকে দেখে মন্দির প্রাঙ্গণে উপস্থিত ভক্তরা "হর হর মহাদেব" স্লোগান দিতে থাকেন। মুখ্যমন্ত্রীও তাঁদের হাত জোড় করে শুভেচ্ছা জানান। মন্দিরে দর্শন ও পূজার পর মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ কাশীর কোতোয়াল বাবা কালভৈরবের মন্দিরও দর্শন করেন ও সেখানেও পূজা করেন। তারপর একটি কর্মশালায় অংশগ্রহণের জন্য যান।

## বাংলাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষক পদে ২০৮ জনের নিয়োগ

ঢাকা, ১ সেপ্টেম্বর (হি.স.) : ৪০-তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ, কিন্তু পদ-স্বল্পতার দরুন ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য থেকে নন-ক্যাডার পদে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষক (প্রশিক্ষণবিহীন) নন-ক্যাডার দ্বিতীয় শ্রেণি হিসেবে উপজেলা/থানা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষকের শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে ২০৮ জনকে নিয়োগ প্রদান করেছে বাংলাদেশের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রলয়।

জনপ্রশাসন মন্ত্রালয়ের সুপারিশের ভিত্তিতে শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে এই নিয়োগ প্রদান করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রালয় গত ২৯ আগস্ট তাদের ওয়েবসাইটে এ সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি জারি করেছিল।

নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে আগামী ১৫ সেপ্টেম্বরের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে বলা হয়েছে।

অন্যথায় নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে বলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রালয়ের ওয়েবসাইটে জারিকৃত বিতপ্তি বলে দেওয়া হয়েছে।

## কুমারটুলিতে খোলা হল অভয়া ক্লিনিক, মিলছে দুয়ারে ডাক্তার পরিষেবা

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.): রবিবার কুমারটুলিতে খোলা হয়েছে অভয়া ক্লিনিক, যেখানে এলাকার সাধারণ মানুষ এবার পাবে দুয়ারে ডাক্তার পরিষেবা। কুমারটুলি মৃৎশিল্প সংস্কৃতি সমিতির কার্যালয়ে আর জি কর হাসপাতালের জুনিয়র ডাক্তারদের উদ্যোগে এই ক্লিনিকের উদ্বোধন করা হয়।

এই ক্লিনিকে কার্ডিওলজি, ইএনটি, জেনারেল মেডিসিন সহ বিভিন্ন বিভাগের রোগী দেখা হচ্ছে। অভয়া ক্লিনিকটি প্রতি রবিবার সকাল ১০টা থেকে দুপুর ২টো পর্যন্ত খোলা থাকবে।

পাশাপাশি, এখানে টেলিমেডিসিন পরিষেবাও চালু করা হয়েছে, যাতে দূরবর্তী রোগীরাও বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ নিতে পারেন। দুয়ারে ডাক্তার পরিষেবা পাওয়ায় এলাকার সাধারণ মানুষ খুবই খুশি। কুমারটুলির মানুষজনের কাছে এটি বিশেষ উপহার, কারণ এর ফলে চিকিৎসা পরিষেবা তাদের বাড়ির কাছেই সহজলভ্য হবে।

## আবারও মালদার হবিবপুরে ধর্ষণের অভিযোগ, অভিযুক্ত গ্রেফতার

মালদা, ১ সেপ্টেম্বর(হি.স.): আবারও ধর্ষণের অভিযোগ উঠল মালদার হবিবপুরে। অভিযোগ, মানসিক ভারসাম্যহীন এক যুবতীকে বাড়িতে ঢুকে ধর্ষণ করেছে গ্রামেরই এক ব্যক্তি। রবিবার এই ঘটনায় হবিবপুর থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযোগ পাওয়ার পরপরই পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করেছে।

যুবতীর আত্মীয়দের দাবি, ওই যুবতীর বাবা আগেই মারা গেছেন এবং তার দাদা ভিন রাজ্যে কাজ করেন। ঘটনার সময় যুবতীর মা মাঠে কাজ করতে গিয়েছিলেন। সেই সুযোগেই গ্রামের এক ব্যক্তি বাড়িতে ঢুকে মানসিক ভারসাম্যহীন যুবতীকে ধর্ষণ করে। বাড়িতে ফিরে মা ঘটনাটি তার মেয়ের মুখ থেকে জানতে পারেন এবং এরপরই হবিবপুর থানায় অভিযোগ দায়ের করেন।

গত ৪৮ ঘণ্টায় একই এলাকায় দুটি ধর্ষণের ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। হবিবপুর এলাকার বিজেপি বিধায়ক জুয়েল মুর্মু অভিযোগ করেন, 'একাধিক ঘটনা ঘটলেও পুলিশ প্রশাসন সঠিক সময়ে ব্যবস্থা নিচ্ছে না। ফলে একের পর এক ধর্ষণের ঘটনা ঘটছে। শাসক দল অভিযুক্তদের বাঁচানোর চেষ্টা করছে। এই ঘটনার উপযুক্ত ব্যবস্থা না নেওয়া হলে বৃহত্তর আন্দোলনে নামবে বিজেপি।' অন্যদিকে, জেলা তৃণমূল মুখপাত্র আশিস কুন্ডু পাল্টা দাবি করেন, 'মালদা জেলায় ঘটনার পরপরই পুলিশ দ্রুত ব্যবস্থা নিয়েছে। পশ্চিমবঙ্গ পুলিশ সবসময়ই যথাযথ ব্যবস্থা নেয়, যা বিজেপি শাসিত রাজ্যে দেখা যায় না।' এই ঘটনার পরিপ্রেক্ষিতে এলাকায় উত্তেজনা ছড়িয়েছে এবং পুলিশ প্রশাসন কড়া নজরদারি শুরু করেছে।

## মণিপুরের ইমফল পশ্চিমে নতুন করে হিংসা, হত মহিলা, জখম শিশু সহ তিন দুই পুলিশ কর্মী

ইমফল, ১ সেপ্টেম্বর (হি.স.) : মণিপুরের ইমফল পশ্চিম জেলার অন্তর্গত কাংচুপ অঞ্চলের কাউতরুক গ্রামে সংগঠিত গোলাগুলির ঘটনায় রাজ্যে আবারও উত্তেজনার সৃষ্টি হয়েছে। রাজ্য পুলিশের সদর দফতরের জনৈক আধিকারিক-সূত্রে জানা গেছে, আজ রবিবার বেলা প্রায় দুটা নাগাদ ইমফল পশ্চিম জেলার অন্তর্গত কাংচুপ অঞ্চলের কাউতরু গ্রামে সন্দেহভাজন কুকি জঙ্গিরা গুলি হামলা চালায়। এতে একজন অসামরিক মহিলা নাগরিক সুরবালা এনগাংবাম (৩১), তাঁর ১২ বছরের শিশু এবং একজন সাধারণ নাগরিক গুলিবিদ্ধ হন। তাঁদের ল্যাংফেলে 'আঞ্চলিক ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস'-এ নিয়ে যাওয়া হলে সুরবালা এনগাংবামকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক। বাকিদের হাসপাতালে ভরতি করে চিকিৎসা চলছে। এছাড়া দুই পুলিশ কর্মীও গুলিবিদ্ধ হয়েছেন।সূত্রটি জানিয়েছে, ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে সশস্ত্র পুলিশ বাহিনী যায়। জঙ্গি এবং পুলিশের মধ্যে শুরু হয় গোলাগুলি। এতে দুই পুলিশ কর্মী আহত হয়েছেন। আহত পুলিশ কর্মীদের চিকিৎসার জন্য ইমফলের 'রাজ মেডিসিটি'তে নিয়ে যাওয়া হয়েছে।

## লা লিগা: বার্সার ৭-০ গোল, রাফিনিয়ার হ্যাটট্রিক

বার্সেলোনা, ১ সেপ্টেম্বর (হি.স.): লা লিগা শিরোপা পুনরুদ্ধারের অভিযানে প্রথম চার ম্যাচেই জিতল বার্সেলোনা। শনিবার রাতে ঘরের মাঠে অলিম্পিক স্টেডিয়ামে রয়াল ভাইয়াদলিদের বিপক্ষে ম্যাচ জুড়ে আক্রমণের ঝড় তুলে ৭ গোলের ম্যাচ উপহার দিল বার্সা। দারুণ এক হ্যাটট্রিকও উপহার দিলেন রাফিনিয়া। ইউরোপের শীর্ষ পাঁচ লিগে এটি রাফিনিয়ার প্রথম হ্যাটট্রিক।

প্রথমার্ধে তিন গোল করে ম্যাচের নিয়ন্ত্রণ নেয় বার্সেলোনা। বিরতির পর আরও চারবার গোলের দেখা পায় বার্সা। রাফিনিয়ার তিনটি ছাড়া একটি করে গোল করেন রবের্ত লেভানদোভস্কি, জুল কুন্দে, দানি ওলমো ও ফেররান তরেস।ভাইয়াদোলিদের বিপক্ষে বড় ব্যবধানের জয়ের ফলে লা লিগা পয়েন্ট তালিকায় শীর্ষস্থানেই থাকল বার্সেলোনা। প্রথম চার ম্যাচ থেকে বার্সার পয়েন্ট ১২।

**PNIe-T No.:- 12/EE/DD/PWD(R&B)/2024-25**
**Dated. 29-08-2024.**

The Executive Engineer, PWD (R&B) Dharmanagar Division, Dharmanagar (N) Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following works:

Email address: eedmr.rnb@gmail.com

1. DNIT No.: 42/EE/DD/PWD(R&B)/2024-25. 2. DNIT No.: 43/EE/DD/PWD(R&B)/2024-25. 3. DNIT No.: 44/EE/DD/PWD(R&B)/2024-25. 4. DNIT No.: 45/EE/DD/PWD(R&B)/2024-25. 5. DNIT No.: 46/EE/DD/PWD(R&B)/2024-25. 6. DNIT No.: 47/EE/DD/PWD(R&B)/2024-25. 7. DNIT No.: 48/EE/DD/PWD(R&B)/2024-25.

Period of downloading of biding documents from 31-08-2024 to 07-09-2024. Deadline for online bidding :- 07-09-2024 up to 3:00 PM.

Date and Time of opening bid:- 07-09-2024 at 4.00 PM.

Place of opening of bids :- Executive Engineer, PWD (R&B), Dharmanagar Division, Dharmanagar,(N) Tripura.

For details please contact to the office of the undersigned.

For details please visit https://tripuratenders.gov.in

For and behalf of the Governor of Tripura.

**ICA/C/ 1359/24**

**Executive Engineer**
**PWD (R&B), Dharmanagar Division**
**Dharmanagar,(N) Tripura**

**PRESS NOTICE INVITING e-TENDER NO- e-PT-III /EE/RDUD/G/2024-2025**

DATED-28-08-2024

On behalf of the 'Governor of Tripura' The Executive Engineer, R.D Udaipur Division, Udaipur,Gomati District invites item wise rate e-tender from the eligible Bidders up to 15.00 Hrs on 07-09-2024 for the following work-

1. Procurement and supply of First class Bricks & First class straight Pickets at various worksite under Matabari/killa/kakraban/Tepania R.D Block,Udaipur R.D Division, Gomati District.

For and contact by e-mail to details visit website https://tripuratenders.gov.in rdud.division@gmail.com. Any subsequent corrigendum will be available in the website only.

**ICA/C/ 1362/24**

**(Er. T.K. Sarkar)**
**Executive Engineer**
**R.D Udaipur Division**
**Gomati District,Tripura.**

## ঘরের মাঠে আধিপত্য বিস্তার করে খেলেও হোঁচট খেল আর্সেনাল

লন্ডন, ১ সেপ্টেম্বর (হি.স.): গত দুই মরসুম রানারআপ মিকেল আর্তেতার শিষ্যরা। এবার তাদের লক্ষ্য ইংলিশ প্রিমিয়ার লিগের শিরোপা ঘরে তোলার। কিন্তু সে লক্ষ্যে শুরুতেই হোঁচট খেল গানাররা। তৃতীয় ম্যাচেই ঘরের মাঠে ব্রাইটন অ্যান্ড হোভ আলবিওনের সঙ্গে ১-১ গোলে ড্র করেছে তারা।ম্যাচের ৪৯তম মিনিটে লাল কার্ড দেখেন আর্সেনালের তারকা ডেকলান রাইস। যে কারণে ১০ জনের দল হয়ে যায় আর্সেনাল। তবুও ৩৮ মিনিটে গোল করেন জার্মান

**PNIe-T NO:-20/EE-1/2024-25, Dated 30/08/2024**

The Executive Engineer, Division No-1, PWD(R&B), Agartala, Tripura (W) invited tender from the eligible bidders up to 15.00 hours on 12-09-2024 for 06 (Six) Nos. Flood Damage Repair work. For details visit https://tripuratenders.gov.in or contact at Mobile No: 7004647849 for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.

**ICA/C/1366/24**

**EXECUTIVE ENGINEER**
**AGARTALA DIVISION**
**NO-I, PWD (R & B),**
**AGARTALA, WEST**
**TRIPURA**

## আর জি করের ঘটনায় নকশালবাড়িতে ধরনা কর্মসূচি তৃণমূলের

নকশালবাড়ি, ১ সেপ্টেম্বর (হি. স.) : আর জি কর মেডিক্যাল কলেজে মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় দোষীদের শাস্তির দাবিতে রাজ্য মহিলা তৃণমূল কংগ্রেসের ডাকে গোটা রাজ্যের পাশাপাশি নকশালবাড়িতে ধরনা কর্মসূচি পালন করলো নকশালবাড়ি ব্লক ২ মহিলা তৃণমূল কংগ্রেস।

রবিবার নকশালবাড়ির পানিঘাটা মোড় সংলগ্ন এলাকায় দুপুর থেকে এই ধর্না কর্মসূচি শুরু হয়েছে।সন্ধ্যা পর্যন্ত তা চলবে। দোষীদের অবিলম্বে গ্রেফতারের দাবী জানান মহিলা সভানেত্রী সজনী সুব্বা সহ উপস্থিত সকলে।

## এশিয়ান হাইওয়েতে দুর্ঘটনার কবলে মালবোঝাই লরি

নকশালবাড়ি, ১ সেপ্টেম্বর (হি. স.) : নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনার কবলে পড়লো মালবোঝাই লরি।নকশালবাড়ির এশিয়ান হাইওয়ে ২য়ের বেঙ্গাইজোতের ঘটনা।

এদিন ভোরে দিল্লি থেকে গাড়ির পার্টস নিয়ে অসম যাচ্ছিল লরিটি। নকশালবাড়ির বেঙ্গাইজোত সংলগ্ন এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে নয়ানজুলিতে উল্টে যায় লরিটি।পরে ক্রেনের সাহায্য ট্রাকটি তোলা হয়। যদিও ঘটনায় হতাহতের কোনো খবর নেই।

ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় নকশালবাড়ি থানার পুলিশ।গোটা ঘটনাটি খতিয়ে দেখছে পুলিশ।

## রাজ্যে ২ জায়গায় তল্লাশি চালিয়ে উদ্ধার আগ্নেয়াস্ত্র

বহরমপুর, ১ সেপ্টেম্বর (হি. স.) : রাজ একাধিক আগ্নেয়াস্ত্র উদ্ধার করল স্পেশাল টাস্ক ফোর্স(এসটিএফ)। গোপন সূত্রে খবরের ভিত্তিতে মুর্শিদাবাদের বহরমপুর ও বিধাননগরে তল্লাশি চালিয়ে তাজা কার্তুজও উদ্ধার করেছে। দুটি জায়গা থেকে ৩ জনকে গ্রেফতার করেছে এসটিএফ। বেআইনি অস্ত্র পাচারের খবর পেয়ে শনিবার রাতে বহরমপুরের মানকারা এলাকায় হানা দেয় এসটিএফ। দুই ব্যক্তিকে গ্রেফতার করে। ধৃতদের নাম আহাদ আলি মালিক এবং ইয়াকুব শেখ। দু'জনেরই বাড়ি মুর্শিদাবাদের বেলডাঙায়। তল্লাশি চালিয়ে ধৃতদের কাছ থেকে একটা ৯ এমএম সেমি অটোমেটিক পিস্তল, ৫টি দেশীয় ওয়ান শটার পিস্তল এবং ৪ রাউন্ড তাজা কার্তুজ পাওয়া যায়।

জানা গিয়েছে, ধৃত আহাদ আলি ভিনরাজ্য থেকে এই আগ্নেয়াস্ত্র কিনে এনেছিলেন। তারপর ইয়াকুব শেখকে তা দেন। ইয়াকুব শেখ আন্তঃরাজ্য অস্ত্র পাচারচক্রের কিংপিন। অস্ত্রগুলি ইয়াকুবের হাতে তুলে দিতে মোটরবাইকে চেপে এসেছিলেন আহাদ আলি। সেই মোটরবাইক বাজেয়াপ্ত করেছে এসটিএফ। অস্ত্র আইনে ধৃতদের বিরুদ্ধে বহরমপুর থানায় অভিযোগ দায়ের হয়েছে।

এসটিএফের আরেকটি দল শনিবার সন্ধ্যায় বিধাননগরের চিংড়িহাটার খালপোলের কাছে তল্লাশি অভিযান চালায়। এসটিএফের কাছে খবর ছিল, ওই এলাকায় অস্ত্র পাচারের জন্য জমায়েত হবে কয়েকজন। কিছুক্ষণ অপেক্ষার পর এক সন্দেহভাজনকে জিজ্ঞাসাবাদ করেন এসটিএফ আধিকারিকরা। তাঁর কাছে থাকা ব্যাগ পরীক্ষা করা হয়। ব্যাগ থেকে আগ্নেয়াস্ত্র ও কার্তুজ পাওয়া যায়। বিশ্বনাথ বিশ্বাস নামে ওই ব্যক্তিকে গ্রেফতার করা হয়। বছর বাষট্টির ওই ব্যক্তির বাড়ি নদিয়ার ধানতলায়। সবমিলিয়ে দুই জায়গায় তল্লাশি চালিয়ে ৭টি আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত করেছে এসটিএফ। উদ্ধার হয়েছে ২৯ রাউন্ড তাজা কার্তুজ।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## দল ছাড়লেন 'অসম তৃণমূল কংগ্রেস'-এর সভাপতি রিপুন বরা

গুয়াহাটি, ১ সেপ্টেম্বর (হি.স.) : 'অসম তৃণমূল কংগ্রেস' (টিএমসি)-এর সভাপতি রিপুন বরা আজ রবিবার দলের প্রাথমিক সদস্যপদ থেকে ইস্তফা দিয়েছেন। রাজ্যসভার প্রাক্তন সদস্য তথা ভারতীয় জাতীয় কংগ্রেসের অসম প্রদেশ কমিটির প্রাক্তন সভাপতি তথা অসমের প্রাক্তন শিক্ষামন্ত্রী রিপুনের দাবি, উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যের মানুষ এই দল (টিএমসি)-কে পশ্চিমবঙ্গের একটি 'আঞ্চলিক দল' হিসেবে বিবেচনা করেন। এই দলকে অসম তথা উত্তর-পূর্বাঞ্চলের মানুষ গ্রহণ করতে রাজি নন।

'অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেস'-এর সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কাছে প্রেরিত পদত্যাগপত্রে রাজ্যসভার প্রাক্তন সদস্য রিপুন বরা লিখেছেন, অসমে টিএমসিকে গ্রহণযোগ্য করে তুলতে তিনি পার্টি-সুপ্রিমো তথা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে বহু পরামর্শ দিয়েছিলেন, 'কিন্তু সেগুলি বাস্তবায়িত হয়নি।' 'গত দেড় বছর ধরে বহু চেষ্টা করে দলের সুপ্রিমোর সঙ্গে সাক্ষাৎকারের সুযোগ পাইনি।' দলের সেকেন্ড-ইন চিফের কাছে প্রেরিত পদত্যাগপত্রে রিপুন বরা আরও লিখেছেন, '২০২২ সালের এপ্রিলে তৃণমূল কংগ্রেসে (টিএমসি) যোগদানের পর থেকে, আমার দল এবং আমি অসমে দলের কাজ বাড়াতে অক্লান্ত পরিশ্রম করেছি, বিজেপিকে মোকাবিলা করতে টিএমসিকে একটি কার্যকর বিকল্প হিসেবে প্রতিষ্ঠিত করার চেষ্টা করেছি। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং আপনার নেতৃত্বে প্রভাবিত হয়ে টিএমসিতে যোগদানের সিদ্ধান্ত নিয়েছিলাম এবং আমি এই মিশনে আন্তরিকভাবে প্রতিশ্রুতিবদ্ধও ছিলাম।'

তিনি আরও লিখেছেন, "অসমে টিএমসি-র প্রচুর সম্ভাবনা রয়েছে। তবে পশ্চিমবঙ্গের একটি আঞ্চলিক দল হিসেবে টিএমসির উপলব্ধি সহ বেশ কয়েকটি পুনরাবৃত্তিমূলক সমস্যা আমাদের অগ্রগতিকে বাধাগ্রস্ত করেছে। এই উপলব্ধি মোকাবিলা করতে আমরা জাতীয় পর্যায়ে একজন অসমীয়া নেতার প্রয়োজন, টালিগঞ্জে ভারতরত্ন ডক্টর ভূপেন হাজরিকার বাসভবনকে হেরিটেজ সাইট হিসেবে ঘোষণা করা এবং কোচবিহারের 'মধুপুর সত্র' (যেখান থেকে অসমের সর্বশ্রেষ্ঠ সমাজ সংস্কারক মহাপুরুষ শংকরদেব বৈষ্ণব আন্দোলন শুরু করেন)-কে সাংস্কৃতিক কেন্দ্রে রূপান্তরিত করার মতো বেশ কিছু পরামর্শ দিয়েছিলাম। এই বিষয়গুলি সমাধান করতে আপনার এবং আমাদের প্রধান মমতা দিদির সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট নিশ্চিত করার জন্য গত দেড় বছর ধরে বারবার চেষ্টা করা সত্ত্বেও আমি ব্যর্থ হয়েছি।'

'অসমের জনগণ এমন দলকে মেনে নিতে রাজি নন, যাঁরা অন্য রাজ্যের বলে মনে করেন। এই চ্যালেঞ্জগুলির আলোকে এবং পর্যাপ্ত রেজোলিউশনের অভাবে আজ আমি এই কঠিন সিদ্ধান্ত নিতে বাধ্য হয়ে নিজেকে টিএমসি থেকে বিচ্ছিন্ন করার সিদ্ধান্ত নিয়েছি।'

## বাগডোগরা থানার উদ্যোগে পুলিশ দিবস পালন

শিলিগুড়ি, ১ সেপ্টেম্বর (হি.স.) : প্রতিবছরের মত এবছরও পুলিশ দিবস পালন করলো শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের বাগডোগরা থানার পুলিশ।

রবিবার শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক গার্ডের উদ্যোগে সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়।শিবিরে উপস্থিত ছিলেন শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের কমিশনার সি সুধাকর,ডিসিপি ট্রাফিক বিশ্বচাঁদ ঠাকুর সহ অন্যান্যরা।এদিনের শিবিরে এলাকার খুদেরা অংশ নেয়।খুদেদের নিয়ে কুইজ প্রতিযোগিতা এবং বিজয়ীদের পুরস্কার দেওয়া হয়।

এছাড়াও বৃক্ষরোপন কর্মসূচির পাশাপাশি গাছের চারা বিতরণ করা হয়।সেইসঙ্গে বাইক চালকদের মধ্যে সচেতনতা বাড়াতে হেলমেট ও স্কুলের পড়ুয়াদের স্কুল ব্যাগ বিতরণ করা হয়।

এদিন ডিসিপি ট্রাফিক বিশ্বচাঁদ ঠাকুর জানান, ছোটবেলা থেকেই শিশুদের মধ্যে অযথা পুলিশের প্রতি ভীতি সৃষ্টি করা হয়।যার জেরে পুলিশ ও সাধারণ মানুষের মধ্যে দূরত্ব তৈরি হয়।শুধু আইনশৃঙ্খলাই নয় যে কোন সমস্যায় পুলিশ সর্বদা সাধারণ মানুষকে সেবা দেওয়ার জন্য আগ্রহী।

## ইউএস ওপেন ২০২৪: বোপান্না-সুতজিয়াদি জুটি মিক্সড ডাবলসের কোয়ার্টার ফাইনালে উঠেছেন

নিউ ইয়র্ক, ১ সেপ্টেম্বর (হি.স.):ভারতের রোহান বোপান্না এবং তার ইন্দোনেশিয়ান সঙ্গী আলদিলা সুতজিয়াদি চলতি ইউএস ওপেন ২০২৪-এর মিশ্র দ্বৈত কোয়ার্টার ফাইনালে উঠেছেন।

রোহান বোপান্না ওআলদিলা সুতজিয়াদি জুটিঅস্ট্রেলিয়ার জন পিয়ার্স এবং চেক প্রজাতন্ত্রের ক্যাটেরিনা সিনিয়াকোভা জুটিকে ০-৬, ৭-৬(৫), ১-৭-এ এক ঘন্টা ১৩ মিনিটে দ্বিতীয় রাউন্ডের খেলায় পরাজিত করেন। বোপান্না জুটি প্রথম রাউন্ডে জার্মানির টিম পুয়েটজ এবং ডাচ খেলোয়াড় ডেমি শুয়ার্সের বিরুদ্ধে ৭-৬(৭), ৭-৫(৫) জিতেছিলেন।

বোপান্না এবং সুতজিয়াদি পরের রাউন্ডে চতুর্থ বাছাই ম্যাথু এবডেন এবং বারবোরা ক্রেজসিকোভার সঙ্গে খেলবেন।

## লক্ষ্য আরও সুরক্ষা, লাংটিং স্টেশন ইয়ার্ডে টার্নআউট পরিবর্তন এনএফ রেলের

গুয়াহাটি, ১ সেপ্টেম্বর (হি.স.) : ট্রেনের পরিচালনগত দক্ষতা এবং সুরক্ষা বৃদ্ধির লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের লামডিং ডিভিশন সফলভাবে লামডিং---বদরপুর হিল সেকশনে অবস্থিত লাংটিং ইয়ার্ডে পূর্বে বিদ্যমান ১-ইন ১২ ট্র্যাক টার্নআউট পরিবর্তন করে আরও অধিক সুরক্ষিত ১-ইন ১৬ টার্নআউট সেট স্থাপন করেছে।

এই সাফল্য একটি মাইলফলক অর্জন হিসেবে চিহ্নিত হয়েছে। কারণ এ ধরনের আপগ্রেডেশন প্রথমবারের মতো এই জোনে গৃহীত ও বাস্তবায়িত হয়েছে। প্রকৃতপক্ষে, এই স্থাপনার সফলতার পর আরও ১২টি টার্নআউট ১-ইন ১৬ টার্নআউটে পরিবর্তনের পরিকল্পনা ইতিমধ্যেই প্রস্তুত করা হয়েছে যা লামডিং-বদরপুর হিলসেকশনের অধীনে লামডিং ডিভিশনে সম্পন্ন হবে এবং প্রকল্পগুলি ইতিমধ্যে অনুমোদিত ও বাস্তবায়নের পথে। আজ রবিবার এক প্রেস বার্তায় উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা এ খবর জানিয়েছেন। তিনি জানান, লাংটিং ইয়ার্ডের পূর্ববর্তী ১-ইন ১২ টার্নআউট (পয়েন্ট ১০১) ৩.৫ ডিগ্রি কার্ভে স্থাপন করা হয়েছিল। যার ফলে ক্রসওভারে ৭.৫ ডিগ্রির একটি শার্প কার্ভেছার সৃষ্টি হয়েছিল। এই শার্প কার্ভেছার সুগম ট্রেন পরিচালনার ক্ষেত্রে চ্যালেঞ্জ সৃষ্টি করেছিল। ১-ইন ১৬ টার্নআউট স্থাপনের মাধ্যমে, কার্ভেছার উল্লেখযোগ্যভাবে কমিয়ে ৫.৭৩ ডিগ্রি করা হয়েছে। ফলে ইয়ার্ডের মধ্য দিয়ে ট্রেনের সুরক্ষিত ও আরও দক্ষ পরিচালন সম্ভব হয়েছে।

পরিবর্তন প্রক্রিয়াটি সতর্ক পরিকল্পনা ও কার্যকরীকরণের মাধ্যমে পরিচালিত হয়েছে এবং এমএফআই প্রযুক্তি ব্যবহার করে একাধিক রাউন্ড মেশিন ট্যাম্পিং করা হয়েছে, যা ট্র্যাকগুলিকে আরও স্থিতিশীল করে এবং সঠিক অ্যালাইনমেন্ট নিশ্চিত করে।

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে তার ট্রেন সংযোগ পরিকাঠামোর ক্রমাগত উন্নয়ন এবং আপগ্রেডেশনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আপগ্রেডেড লাংটিং ইয়ার্ড উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের উন্নত প্রযুক্তি এবং পদ্ধতি গ্রহণের প্রতি প্রতিশ্রুতির প্রমাণ, যা রেল অপারেশনের উচ্চমান নিশ্চিত করে এবং বিদ্যমান লেআউটের চ্যালেঞ্জগুলিকে কমায়। উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে তার যাত্রীদের সুরক্ষিত, দক্ষ এবং নির্ভরযোগ্য রেল পরিষেবা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং অঞ্চলটির ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য পরিকাঠামো উন্নয়নে বিনিয়োগ অব্যাহত রাখবে। বলা হয়েছে প্রেস বার্তায়।

## কৈলাসহর রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের প্লাটিনাম মহাযুবলী অনুষ্ঠানের সূচনা হল আজ

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১ সেপ্টেম্বর।।** রবিবার এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে কৈলাসহর রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের প্লাটিনাম মহাযুবলী অনুষ্ঠানের সূচনা করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের কেবিনেট মন্ত্রী সুধাংশু দাস।

কৈলাশহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উপলক্ষে বছর ব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রবিবার ছিল প্লাটিনাম জুবলী দিবসের উদ্বোধনী অনুষ্ঠান।

আর অনুষ্ঠানের শুরুতেই আজ সকাল ১১ টি নাগাদ মহাবিদ্যালয়ে স্থাপিত রামকৃষ্ণের মূর্তিতে মাল্যদান করেন কৈলাসহর রামকৃষ্ণ আশ্রমের মহারাজ জী এবং মন্ত্রী শ্রী সুধাংশু দাস। এরপর প্রাক্তন অধ্যাপজ সহ উপস্থিত অন্যান্য বিশিষ্ট জনেরা একে একে সবাই পুষ্পার্ঘ অর্পণ করেন। এরপর প্রদীপ প্রজ্জলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়।

এদিন কলেজের একটি রুমে আয়োজিত প্লাটিনাম জুবলি অনুষ্ঠানে মন্ত্রী ও মহারাজ ছাড়াও উপস্থিত ছিলেন বর্তমান প্রিন্সিপাল শ্রী পিনাকী পাল, প্রাক্তন অধ্যক্ষ অনিল চক্রবর্তী ,প্রাক্তন ছাত্র ডঃ দিলীপ মহন্ত। অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে সবাই তাহাদের বক্তব্যের মধ্যে কলেজে পুরনো স্মৃতি ও বিবেকানন্দের বাণী তুলে ধরেন।

## ফুলছড়ি পরমার্থ সাধক আশ্রমে বিশ্ব হিন্দু পরিষদের স্থাপনা দিবস পালিত

**নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ১ সেপ্টেম্বর।।** কমলপুরের ফুলছড়ি পরমার্থ সাধক আশ্রমের নাট মন্দিরে রবিবার নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে ধলাই জেলা বিশ্ব হিন্দু পরিষদের স্থাপনা দিবস এবং শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন করা হয়। আর এই অনুষ্ঠান ঘিরে সাধারণ মানুষের মধ্যে এদিন ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যায়।

কমলপুরের ফুলছড়ি পরমার্থ সাধক আশ্রমের নাট মন্দিরে ধলাই জেলা বিশ্ব হিন্দু পরিষদের স্থাপনা দিবস এবং শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উৎসব পালন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের ধর্ম প্রচারক চিত্তেশ দাশগুপ্ত, ধলাই জেলার বিশ্ব হিন্দু পরিষদের সভাপতি সঞ্জয় কুমার দাস, ধলাই জেলার বিশ্ব হিন্দু পরিষদের সভানেত্রী রিঙ্কু শীল, আর এস এস কার্যকর্তা সুভাষ দে সহ অন্যান্য বিশিষ্ট জনেরা।

অনুষ্ঠানের প্রথমে ধর্মীয় শৃঙ্খলা পালন করা সহ বিশ্ব হিন্দু পরিষদের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন অতিথিরা। এরপর অনুষ্ঠানের মাধ্যমে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন করা হয়। এতে মহকুমার বিভিন্ন সংস্থার শিল্পীরা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে বিশ্ব হিন্দু পরিষদের অসংখ্য কার্যকর্তা ও সমর্থকরা উপস্থিত ছিলেন। বিশ্ব হিন্দু পরিষদের স্থাপনা দিবস ও শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন করা নিয়ে আলোচনা করেন প্রান্তের ধর্ম প্রচারক চিত্তেশ দাশগুপ্ত ও ধলাই জেলা বিশ্ব হিন্দু পরিষদের সভাপতি সঞ্জয় কুমার দাস।

## এসোসিয়েশন অফ সার্ভিস ইঞ্জিনিয়ারস ত্রিপুরার উদ্যোগে বন্যা দুর্গতদের ত্রাণ সামগ্রী বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ১ সেপ্টেম্বর।।** রবিবার কল্যাণপুরের মোহরছড়ায় এসোসিয়েশন অফ সার্ভিস ইঞ্জিনিয়ারস ত্রিপুরা বা এসেট - এর উদ্যোগে কমলনগর এবং উত্তর কমলনগর পঞ্চায়েত এর প্রায় একশো বন্যা দুর্গতদের মধ্যে ত্রাণ সামগ্রী বিলি করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী। এছাড়াও ছিলেন কমলনগর পঞ্চায়েত এর প্রধান জ্যোতির্ময় দাস, উত্তর কমলনগর পঞ্চায়েত এর প্রধান মন্টি মন্ডল মল্লিক, ছিলেন কল্যাণপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান স্বপ্না সরকার দাস। এসেট এর পক্ষে ছিলেন ইন্দ্রজিৎ ভৌমিক, দেবাশীষ দেববর্মা প্রমুখ। বিধায়ক তার ভাষণে সংগঠন এর ভূমিকার প্রশংসা করে বলেন ভীষণ বন্যায় ক্ষতিগ্রস্ত দের সাহায্যে এই ভাবেই সকল কে এগিয়ে আসতে হবে।

## মেসিবিহীন ইন্টার মায়ামি জিতল বড় ব্যবধানে

নিউ ইয়র্ক, ১ সেপ্টেম্বর (হি.স.): মেসিকে ছাড়াই মেজর লিগ সকারে(এমএলএস) ভালো খেলে চলেছে ইন্টার মায়ামি। রবিবার সুয়ারেজের জোড়া গোলে শিকাগোকে ৪-১ গোলে হারাল তারা।

এই ম্যাচেও গোড়ালির চোট থেকে পুরোপুরি সেরে উঠতে না পারার জন্য মেসি এদিনের ম্যাচে খেলতে পারেননি। তা সত্ত্বেও এদিনের ম্যাচে বড় জয় পেল মেসিবিহীন মায়ামি। মেসি ছাড়াই গত ম্যাচেই এমএলএসের প্লে অফ নিশ্চিত করেছে মায়ামি।

এই ম্যাচে সুয়ারেজের জোড়া গোল ছাড়া বাকি দুটি গোলের একটি গোল হয়েছে আত্মঘাতী, আরেকটি গোল করেন রবার্ট টেলর। আর ম্যাচ শেষ হওয়ার দশ মিনিট আগে শিকাগোর হয়ে ব্যবধান কমান জর্জিয়স কুতসিয়াস।

## অবসর ঘোষণা ডোয়েন ব্র্যাভোর

মুম্বই, ১ সেপ্টেম্বর (হি.স.):অবসর ঘোষণা করলেন ডোয়েন ব্র্যাভো। ২০২২ সাল পর্যন্ত তিনি আইপিএলে চেন্নাই সুপার কিংসের হয়ে খেলেছেন মহেন্দ্র সিং ধোনি নেতৃত্বে। ২০২৩ মরসুম থেকে চেন্নাইয়ের বোলিং কোচের দায়িত্বও সামলাচ্ছেন তিনি। তবে আইপিএল ছাড়লেও ফ্রাঞ্চাইজি লিগগুলোতে খেলা তিনি ছাড়েননি। এখন খেলছেন ট্রিনবাগো নাইট রাইডার্সের হয়ে সিপিএলে। এখান থেকেই অবসর নেবেন ব্র্যাভো। এখনও পর্যন্ত সিপিএলে ১০৩টি ম্যাচ খেলেছেন ৪০ বছরের এই অলরাউন্ডার। করেছেন ১১৫৫ রান। ১২৮টি উইকেটও রয়েছে তাঁর ঝুলিতে।

ওয়েস্ট ইন্ডিজের হয়ে ৪০টি টেস্ট, ১৬৪টি এক দিনের ম্যাচ এবং ৯১টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন ব্র্যাভো। ২০২১ সালে শেষ বার জাতীয় দলের হয়ে খেলেছেন। ২০১২ এবং ২০১৬ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতেছেন। ২০০৪ সালে জিতেছিলেন চ্যাম্পিয়ন্স ট্রফি। আন্তর্জাতিক ক্রিকেটে প্রায় সাড়ে ছ'হাজার রান রয়েছে ব্র্যাভোর। ৩৬৩টি উইকেটও রয়েছে।

সমাজমাধ্যমে নিজের অবসরের সিদ্ধান্তের কথা জানিয়ে ব্রাভো লিখেছেন, "একটা দুর্দান্ত যাত্রা শেষ করতে চলেছি। আমার দেশবাসীর সামনে শেষ পেশাদার প্রতিযোগিতায় খেলে অবসর নেব। সেই দিনটার অপেক্ষায় রয়েছি।"

## রাজধানীতে বিরল

● প্রথম পাতার পর

চিহ্নিত করে পুলিশ। রবিবার এই প্রাণীটিকে তুলে দেওয়া হয় বনদপ্তরের হাতে। আর বনদপ্তরের কর্মীরা বিরল প্রজাতির প্রাণীটিকে নিয়ে যান সিপাহীজলা অভয়ারণ্যে।

## বন্যায় কবলিতদের পাশে ত্রিপুরা কর্মচারী সমন্বয় কমিটি (এইচ.বি. রোড) বিলোনীয়ার শিক্ষক কর্মচারীরা

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১ সেপ্টেম্বর।।** বন্যায় ক্ষতিগ্রস্তদের প্রাথমিক সাহায্য পৌঁছে দিতে রাস্তায় নেমেছে বিভিন্ন সামাজিক সংগঠন। এই উদ্দ্যোগে পিছিয়ে নেই বামপন্থী অঙ্গ সংগঠনগুলিও। এবারের বন্যায় সর্বস্ব হারিয়ে ফেলা পরিবারগুলিকে রান্নার বাসনপত্র তুলে দিয়ে রীতিমতো সাড়া ফেলে দিয়েছে, ত্রিপুরা কর্মচারী সমন্বয় কমিটি (এইচ.বি. রোড) বিলোনীয়ার শিক্ষক কর্মচারীরা।

রবিবার সকাল ১১টায়, বি সি নগর ব্লকের অন্তর্গত মাইছড়া, জিরতলী এলাকায় ৬০ পরিবারের হাতে রান্নার বসনপত্র তুলে দেন সমন্বয় কমিটির নেতৃত্বরা। এইদিন মাইছড়া দূর্গাবাড়ী নাটমন্দরে ত্রানশিবিরে উপস্থিত হয়ে এই সামগ্রী বিতরন করেন তারা। সামগ্রী বিতরন কালে সেখানে উপস্থিত হন বিসি নগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুতুল পাল বিশ্বাস। রাজনৈতিক ভাবে বিরোধী অবস্থানে থাকলেও এইদিন ভিন্ন চিত্র ফুটে উঠে শিবিরে।

কর্মচারী সমন্বয় কমিটির নেতারা রাজনৈতিক শৃষ্ঠাচারের অনন্য নজির গড়ে চেয়ারম্যান পুতুল পাল বিশ্বাসের হাতেই সামগ্রী বিতরন প্রক্রিয়ার সূচনা করেন। পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুতুল পাল বিশ্বাস ও কোন সংকোচ না রেখে বাম কর্মচারী নেতাদের সাথে মিলে গোটা ত্রান সামগ্রী প্রদানে সহায়তা করেন।

সমন্বয় কমিটির নেতৃত্বদের মধ্যে ছিলেন, বিভাগীয় সম্পাদক ধীমান চক্রবর্তী, সভাপতি জীবন শীল, সুনীল বৈদ্য, বিল্পব ভুইয়া, কর্মচারী নেতা সত্যনারায়ণ চক্রবর্তী, শুভ্রা বৈদ্য সহ অন্যরা। শুধু তাই নয়, গোটা কর্মসূচি সফল ভাবে সম্পর্ন করতে এলাকার বিজেপি নেতারাও সমর্থন জানিয়েছেন।

## দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবের এবারের থিম বিখ্যাত গ্র্যান্ড লিসোবোয়া হোটেল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** আগরতলা দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবে এবারের দুর্গাপুজোয় পাথর সেটিং মায়ের মূর্তী ছাড়াও বিখ্যাত গ্র্যান্ড লিসোবোয়া হোটেলের অনুকরণে তৈরি হচ্ছে প্যান্ডেল। রবিবার এক সাক্ষাৎকারে এই কথা জানান ক্লাব প্রতিনিধিরা।

প্রতিবারের মতো এবারও বড় বাজেটের পূজো করতে চলছে আগরতলার চিত্তরঞ্জন ক্লাব। পুজোর বাজেট এবং অন্যান্য কাজ পাঁচ ছয় মাস আগেই শুরু করে দিয়েছিল এই ক্লাব। তাই বন্যা পরিস্থিতিতে ক্ষতি সত্ত্বেও বড় বাজেটের পুজো ছোট করা সম্ভব হচ্ছে না।রবিবার দুর্গা পুজোর প্রস্তুতি নিয়ে এক সাংবাদিক সম্মেলন করে এ কথা জানান দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবের সভাপতি চিত্ত সাহা। এছাড়াও এদিনের সাংবাদিক সম্মেলনে পুজো কমিটির সভাপতি শিবু সাহা, পুজো কমিটির সম্পাদকসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। সম্মেলনে ক্লাব সভাপতি দুর্গা পুজোর সামগ্রিক বিবরণ দিতে গিয়ে জানান দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবের পূজোয় এবার বিশেষ আকর্ষণ থাকছে কলিকাতার মৃৎ শিল্পী নারু গোপাল দাসের পাথর সেটিং মায়ের মূর্তী। প্যান্ডেলে স্থানীয় শিল্পীদের প্রতিভাকে ত্রিপুরাবাসীর কাছে তুলে ধরার প্রয়াস রয়েছে। প্যান্ডেলটি তৈরি হচ্ছে বিখ্যাত গ্র্যান্ড লিসোবোয়া হোটেলের অনুকরণে।এছাড়াও পুজোর বিভিন্ন বিষয় নিয়ে এদিন বিস্তারিত আলোচনা করেন তিনি।

## মুখোমুখি সংঘর্ষে আহত

● প্রথম পাতার পর

দমকল বিভাগের কর্মীরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে আহত মহিলাকে হাসপাতালে নিয়ে গেছে। অপরদিকে রিক্সা চালককে পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

## তেলেঙ্গানা থেকে ত্রান

● প্রথম পাতার পর

তেলেঙ্গানা রেড সোসাইটির সভাপতি হিসেবে প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী আজ রওনা দিয়েছে ত্রিপুরার জন্য। ত্রিপুরার মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা হয়েছে, তেলেঙ্গানা রেড ক্রস সোসাইটির এই উদ্যোগকে তিনি সাধুবাদ জানিয়েছেন।'

## এমবিবি বিমানবন্দরে

● প্রথম পাতার পর

আগরতলা বিমানবন্দরের অধিকর্তা কে সি মিনা ও এয়ারপোর্ট ম্যানেজার স্মিতা প্রকাশ সহ এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস এর কর্মকর্তারা। রবিবার সকালে অনুষ্ঠানের শুরুতেই এয়ারপোর্টের ভিতরে প্রদীপ জ্বালিয়ে ও কেক কেটে নতুন ফ্ল্যাইটের শুভ সূচনা করা হয়।

এরপর আগরতলা থেকে ১৪০ জন প্যাসেঞ্জার নিয়ে কলকাতার উদ্দেশ্যে প্রথম যাত্রা শুরু করে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস। এই বিমানটি আগরতলা টু কলকাতা, আগরতলা টু গোহাটি, আগরতলা- কলকাতা টু দিল্লী রুটে চলাচল করবে।

## ৬ বাংলাদেশি নাগরিক ধৃত

● প্রথম পাতার পর

বাংলাদেশী নাগরিকদের ধরে তাদের ক্যাম্পে নিয়ে যায়। রবিবার বিএসএফের পক্ষ থেকে ধৃত ৬ বাংলাদেশী নাগরিকদের কমলপুর থানার হাতে তুলে দেয়।

ধৃতদের নাম রানা সূত্রধর (৫৮) পিতা মৃত গঙ্গাচরন সূত্রধর। গ্রাম-- ধলার পাড়। থানা--নবীগঞ্জ। জেলা--মৌলভীবাজার। শেলী সূত্রধর (৫০) স্বামী রানা সূত্রধর। দুলাল সূত্রধর (২৪) পিতা রানা সূত্রধর। সজীব সূত্রধর (১৯) পিতা রানা সূত্রধর। তমা সূত্রধর (৯) পিতা রাজীব সূত্রধর। এরা একি পরিবারের সদস্য। এবং এবং তাদের অনুপ্রবেশে সহযোগিতা করার জন্য নির্মল কুমার পিতা ভগীরথ কুমার নামে ওপর এক ব্যক্তিকে আটক করা হয়েছে। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে জানা গেছে, শনিবার রাতে তারা বাংলাদেশে অত্যাচারিত হয়ে সীমান্ত পেরিয়ে কমলপুরের বাঘাইছড়ি গ্রামে আসে।

## নিমন্ত্রন বাড়িতে

● প্রথম পাতার পর


জয়ন্ত চক্রবর্তী সহ আরো অন্যান্যরা। তখন একদল দুষ্কৃতী সমীরণ কর্মকারের বাড়িতে প্রবেশ করে চিৎকার চেঁচামেচি শুরু করে। ঘরের ভেতরে প্রবেশ করে তারা কোন এক মেয়েকে খুঁজতে থাকে বলে অভিযোগ। ওই মেয়েকে না পেয়ে সাথে সাথেই দুবৃত্তরা ঘরের আসবাবপত্র ভেঙ্গে চুরমার করে দেয়। পাশাপাশি সমীরণ কর্মকারের বাড়িতে উপস্থিত অতিথি সহ সমিরনকেও বেধড়ক মারধোর করে। এই ঘটনাগুলো তর আহত হন মোট পাঁচজন। দুষ্কৃতিকারীদের সঙ্গে পুলিশের পোশাক পরিহিত দুজন ছিলেন অভিযোগ।

এদিকে ঘটনার খবর পেয়ে সিটি কন্টোল থেকে এসে আহতদের উদ্ধার করে জিবিপি হাসপাতাল নিয়ে যাওয়া হয়। ঘটনার বিবরণ দিয়ে জয়ন্ত চক্রবর্তী এনসিসি থানায় রবিবার সকালে মামলা দায়ের করেছেন। উনার বক্তব্য দুষ্কৃতিকারীরা বিজেপি দলের সমর্থক। তাদের মোবাইল ফোন নিয়ে গেছে দুষ্কৃতিকারীরা। তবে কেন এ ধরনের আক্রমণ তা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। ঘটনাকে কেন্দ্র করে রহস্য দানা বাঁধে গোটা এলাকায়।

## প্রয়াত মন্ত্রী অনিল সরকারের

● আটের পাতার পর

অনিল সরকারের স্মৃতিতে শ্রদ্ধা জানিয়ে রতন কুমার ভৌমিক বলেন, বর্তমানে রাজ্যের গণতন্ত্র বলে কিছুই নাই। ২০১৮ সালের পর থেকে রাজ্যে গণতান্ত্রিক অধিকার ক্ষুন্ন হয়েছে। তাই গণতন্ত্র পুনরুদ্ধার করতে অন্যের সরকারের আদর্শে অনুপ্রাণিত হওয়ার জন্য দলীয় কর্মী সমর্থকদের আহ্বান জানান তিনি।



# শ্যামসুন্দর কোং চন্দ্র স্মৃতি লীগে আজ ব্লাড মাউথ - ফরোয়ার্ড, রামকৃষ্ণ - বুলেটস

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রথম ডিভিশন লীগ ফুটবলে আগামীকাল দুটি ম্যাচ অনুষ্ঠিত হবে। খেলা ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত শ্যামসুন্দর কোং জুয়েলার্স চন্দ্র মেমোরিয়াল প্রথম ডিভিশন লিগ ফুটবল টুর্নামেন্টের। বৃহস্পতিবার থেকে শুরু হয়ে ইতোমধ্যে টুর্নামেন্টের পাঁচটি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। প্রথম রাউন্ডে প্রতিটি দল একটি করে ম্যাচ খেলে নিয়েছে। আগামীকাল টুর্নামেন্টের চতুর্থ দিনে বিকেল তিনটায় দিনের প্রথম খেলায় ব্লাড মাউথ ক্লাব এবং ফরোয়ার্ড ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। প্রথম ম্যাচে জুয়েলস এসোসিয়েশন কে ন্যূনতম গোলে হারিয়ে ব্লাড মাউথ ক্লাব এক ধাপ এগিয়ে রয়েছে। প্রতিপক্ষ ফরোয়ার্ড ক্লাবকে প্রথম ম্যাচে রামকৃষ্ণ ক্লাবের সঙ্গে গোলশূন্য ড্র করে পয়েন্ট ভাগ করে নিতে হয়েছে। আগামীকাল সন্ধ্যা ছয়টায় ফ্লাডলাইটে দিনের দ্বিতীয় খেলায় রামকৃষ্ণ ক্লাব ও নাইন বুলেটস ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। এক ম্যাচ থেকে রামকৃষ্ণ ক্লাবের সংগৃহীত পয়েন্ট এক। এদিকে নাইন বুলেটস কিন্তু প্রথম খেলায় ১-২ গোলে এগিয়ে চলো সংঘের কাছে হেরে কিছুটা পিছিয়ে রয়েছে। আগামীকাল দুটি ম্যাচেই ৪টি দল সাফল্যের লক্ষ্যে মাঠে নামবে। আজ রবিবার বিরতি পেয়ে প্রতিটি দলের খেলোয়াড়রা প্রাসঙ্গিক অনুশীলনের ফাঁকে প্রথম ম্যাচের ভুল ত্রুটিগুলো নিয়ে আলোচনা করে নিয়েছে।

পয়েন্ট তালিকা : এ ডিভিশন লীগ ফুটবল

| দল | ম্যাচ | জয় | পরা: | ড্র | গোল | পয়েন্ট |
|---|---|---|---|---|---|---|
| টাউন ক্লাব | ১ | ১ | ০ | ০ | ২-০ | ০৩ |
| এগিয়ে চল | ১ | ১ | ০ | ০ | ২-১ | ০৩ |
| ব্লাডমাউথ | ১ | ১ | ০ | ০ | ১-০ | ০৩ |
| লালবাহাদুর | ১ | ০ | ০ | ১ | ১-১ | ০১ |
| ত্রিবেণী সংঘ | ১ | ০ | ০ | ১ | ১-১ | ০১ |
| ফরোয়ার্ড | ১ | ০ | ০ | ১ | ০-০ | ০১ |
| রামকৃষ্ণ ক্লাব | ১ | ০ | ০ | ১ | ০-০ | ০১ |
| নাইন বুলেটস | ১ | ০ | ১ | ০ | ১-২ | ০০ |
| জুয়েলস অ্যা: | ১ | ০ | ১ | ০ | ০-১ | ০০ |
| ফ্রেন্ডস ইউ: | ১ | ০ | ১ | ০ | ০-২ | ০০ |

# রাজ্যে খেলাধুলার উন্নয়ন, সমস্যা ও সমাধান নিয়ে গুরুত্বপূর্ণ বৈঠক আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। গুরুত্বপূর্ণ সরকারি বৈঠক অনুষ্ঠিত হচ্ছে আগামীকাল। মূলতঃ রাজ্যের খেলাধুলার উন্নয়ন ও বর্তমান সার্বিক পরিস্থিতি পাশাপাশি ক্রীড়া বিষয়ক বিভিন্ন সমস্যা নিয়ে এই গুরুত্বপূর্ণ বৈঠক আগামীকাল অনুষ্ঠিত হচ্ছে। যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়ের পৌরহিত্যে ক্রীড়া দপ্তরের এই গুরুত্বপূর্ণ বৈঠক আগামীকাল সকাল দশটায় শহীদ ভগৎ সিং যুব আবাসে কনফারেন্স হল-এ অনুষ্ঠিত হবে।

রাজ্যের খেলাধুলার উন্নয়ন সম্পর্কিত বিষয় হচ্ছে এক্ষেত্রে অন্যতম বিশেষ এজেন্ডা।

একক আলোচ্য বিষয়ের প্রেক্ষাপটে রাজ্যের খেলাধুলার সার্বিক পরিস্থিতি সম্পর্কে ক্রীড়া মন্ত্রী অবগত হবেন বলে কথা রয়েছে। রাজ্য ক্রীড়া দপ্তরের সমস্ত জেলা দপ্তর গুলির অফিসারদের সঙ্গেও মুখোমুখি কথা বলে জেলা এবং মহকুমা স্তরের খেলাধুলার বর্তমান পরিস্থিতি সম্পর্কে জানবেন।

একই সঙ্গে রাজ্য ক্রীড়া পর্ষদ পরিচালিত সমস্ত ইভেন্টের অ্যাসোসিয়েশন গুলোর মুখ্য কর্মকর্তাদের সাথেও খেলাধুলার বর্তমান পরিস্থিতি, এমন কি সাফল্যের পাশাপাশি ব্যর্থতা সহ সমস্ত বিষয় নিয়েই আলোচনা করবেন।

দীর্ঘক্ষণ আলোচনার উদ্দেশ্যে পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী এই গুরুত্বপূর্ণ বৈঠক বেলা ১১ টার পরিবর্তে ১ ঘন্টা এগিয়ে সকাল দশটা থেকে শুরু করা হবে বলে দপ্তর সূত্রে জানানো হয়েছে।

# প্যারা অলিম্পিক: রুবিনা ফ্রান্সিস শুটিংয়ে ব্রোঞ্জ জিতে ভারতকে পঞ্চম পদক এনে দিলেন

প্যারিস, ১ সেপ্টেম্বর (হি.স.): প্যারিস প্যারালিম্পিক্সের তৃতীয় দিনে শুটিংয়ে ব্রোঞ্জ পদক জিতে ভারতকে পঞ্চম পদক এনে দিয়েছেন রুবিনা। ১০ মিটার এয়ার পিস্তল এসএইচ ওয়ান ইভেন্টে পদক জিতলেন মধ্যপ্রদেশের এই শুটার। সেই সঙ্গে ভারতের প্রথম মহিলা পিস্তল শুটার হিসাবে প্যারালিম্পিক্সে পদক জয়ের কীর্তি গড়লেন তিনি। ২১১.১ স্কোর করে ব্রোঞ্জ পান ফ্রান্সিস।এরফলে প্যারালিম্পিক্সে শুটিং থেকে চতুর্থ পদক পেল ভারত। অলিম্পিক্সের মতো প্যারালিম্পিক্সেও প্যারিসে দেশকে গর্বিত করছেন শুটারেরা। অবনী লেখারা, মোনা আগরওয়াল এবং মণীশ নারওয়ালের পর পদক পেলেন ফ্রান্সিস।উল্লেখ্য, ২০২২ সালে প্যারা শুটিংয়ের বিশ্বচ্যাম্পিয়নশিপে সোনা জিতেছিলেন ফ্রান্সিস।

# প্যারিস প্যারালিম্পিক: তৃতীয় দিনের শেষে ভারত পদক তালিকায় ২২তম স্থানে

প্যারিস, ১ সেপ্টেম্বর (হি.স.): শনিবার পর্যন্ত ভারত পেয়েছে মোট ৫টি পদক। আপতত মেডেল তালিকায় ২২তম স্থানে ভারত। এই ৫টি পদকের মধ্যে রয়েছে ১টি সোনা, ১টি রুপো এবং ৩টি ব্রোঞ্জ। এই পদকগুলি এসেছে - প্যারা শুটিং থেকে ৪টি পদক। অবনী লেখারা মেয়েদের ১০ মিটার এয়ার রাইফেল স্ট্যান্ডিং এসএইচ-১ ইভেন্টে সোনা জেতেন। আর ওই ইভেন্টেই ব্রোঞ্জ পেয়েছেন মোনা আগরওয়াল। এ ছাড়া প্যারিস প্যারা গেমসে শুটিং থেকে দেশকে তৃতীয় পদক দিয়েছেন মনীশ নারওয়াল।

পুরুষদের ১০ মিটার এয়ার পিস্তল এসএইচ১ ইভেন্টে রুপো পান তিনি। এ বারের প্যারালিম্পিকে ভারতের চতুর্থ পদক আসে প্রীতি পালের হাত ধরে।

তিনি মেয়েদের ১০০ মিটার টি৩৫ ফাইনালে ব্রোঞ্জ পান। আর শনিবার ১০ মিটার এয়ার পিস্তল এসএইচ১ ইভেন্টে ব্রোঞ্জ পেয়েছেন ভারতের রুবিনা ফ্রান্সিস।

এদিকে শনিবার প্যারিস প্যারালিম্পিকে ব্যাডমিন্টন থেকে ভালো খবর ভারতের জন্য। পুরুষদের ব্যাডমিন্টনের এএস-৪ বিভাগে পদক নিশ্চিত হয়ে গিয়েছে ভারতের। ওই ইভেন্টে ভারতের সুকান্ত কদম এবং সুহাস যথিরাজ দুজনেই সেমিফাইনালে উঠেছেন।

# স্প্যানিশ ফুটবল: পালমাসের বিরুদ্ধে রিয়াল মাদ্রিদের হোঁচট

মাদ্রিদ, ৩১ আগস্ট (হি.স.): পালমাসের মাঠে বৃহস্পতিবার রাতে লা লিগার ম্যাচটি ১-১ গোলে শেষ হয়েছে। শুরুতে আলবের্তো মোলেইরোর গোলে পালমাস এগিয়ে যায়। দ্বিতীয়ার্ধে পেনাল্টি থেকে সমতা টানেন ভিনিসিউস জুনিয়র।

অথচ ম্যাচে আক্রমণে আধিপত্য ছিল রিয়াল মাদ্রিদের। তবে গোলমুখে তারা কার্যকরী হয়ে উঠতে না পারায় গোল করতে ব্যর্থ হয়েছে। শেষ মুহূর্তে কোনরকমে পেনাল্টি থেকে গোল করে লাস পালমাসের বিপক্ষে হার এড়াল কার্লো আনচেলত্তির দল।

লিগ শিরোপা ধরে রাখার অভিযানে প্রথম তিন ম্যাচের দুটিতে পয়েন্ট হারাল কার্লো আনচেলত্তির দল। ম্যাচে ৫ পয়েন্ট নিয়ে পঞ্চম স্থানে আছে শিরোপাধারীরা। ৯ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে বার্সেলোনা। আর ২ পয়েন্ট নিয়ে ১৬ নম্বরে আছে পালমাস।

# আমবাসায় রাজ্য স্তরীয় স্কুল দাবায় চ্যাম্পিয়নের লক্ষ্যে একান্তিকা, অনিকেত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। রাজ্যস্তরীয় স্কুল দাবা প্রতিযোগিতায় অনূর্ধ ১৪ বালিকা বিভাগে পশ্চিম জেলার একান্তিকা সরকার জয়ের ধারা অব্যাহত রেখে তিন রাউন্ডের শেষে ৩ পয়েন্ট পেয়ে শীর্ষে রয়েছে। সমসংখ্যক পয়েন্ট পেয়ে দ্বিতীয় শীর্ষে রয়েছে দক্ষিণ জেলার শ্যামাদ্রিতা সরকার। আগামীকাল চতুর্থ তথা অন্তিম রাউন্ডের খেলায় একান্তিকা ও শ্যামাদ্রিতা পরস্পরের মুখোমুখি হবে। এতে যে বিজয়ী হবে, সেই হবে এবারকার স্কুল দাবায় চ্যাম্পিয়ন। এছাড়া, গোমতী জেলার উদ্দীপ্তা ভৌমিক, সিপাহীজলা জেলার স্মিতা সিংহ, গোমতী জেলার শ্রীজা রায়, ধলাই জেলার শ্রেষ্ঠা সূত্রধর যথাক্রমে তৃতীয়, চতুর্থ পঞ্চম ও ষষ্ঠ স্থানে রয়েছে প্রত্যেকে দুই করে পয়েন্ট পেয়ে। অনূর্ধ ১৪ বালক বিভাগে খোয়াইয়ের অনিকেত ভৌমিক এবং ঋতেশ সেন দুজনেই অপরাজিত থেকে পাঁচ করে পয়েন্ট পেয়ে ভোকলসের ভিত্তিতে প্রথম ও দ্বিতীয় স্থানে রয়েছে। আগামীকাল সকাল ৯ টায় অন্তিম রাউন্ডের খেলায় এই দুজনের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হবে। যে জয়ী হবে সে পাবে চ্যাম্পিয়নের শিরোপা। এছাড়া, পশ্চিম জেলার আয়ুষ সূত্রধর এবং দক্ষিণ জেলার অনীশ মজুমদার ৪ করে পয়েন্ট পেয়ে যথাক্রমে তৃতীয় ও চতুর্থ স্থানে রয়েছে। গোমতী জেলার আদিত্য ভৌমিক সাড়ে তিন পয়েন্ট পেয়ে পঞ্চম শীর্ষে রয়েছে। এছাড়া, পরবর্তী ১২ জনের সংগৃহীত পয়েন্ট ৩ করে রয়েছে। এদিকে, অনূর্ধ ১৭ বালকদের বিভাগে পাঁচ রাউন্ডের খেলা শেষে সিপাহীজলা জেলার দেবময় বর্মন, চার পয়েন্ট পেয়ে শীর্ষে রয়েছে। এছাড়া, উত্তর ত্রিপুরা জেলার সোমরাজ চ্যাটার্জি, ঊনকোটি জেলার অনুভব সিনহা, গোমতী জেলার পৃথ্বীরাজ সাহা, উত্তর ত্রিপুরা জেলার সপ্তর্ষি দেব, খোয়াই জেলার সপ্তদ্বীপ দেবনাথ প্রত্যেকে চার করে পয়েন্ট পেয়ে দ্বিতীয় থেকে ষষ্ঠ স্থান পর্যন্ত অবস্থানে রয়েছে। আগামীকাল সকাল ৯ টায় অন্তিম রাউন্ডে তিনটি বোর্ডের খেলায় চ্যাম্পিয়ন ও রানার্স খেতাব নির্ধারিত হবে। উল্লেখ্য, শনিবার বিকেলে ধলাই জেলার আমবাসা-তে রাজ্য স্কুল দাবার আসর শুরু হয়েছে। প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিএসি-র চেয়ারম্যান পরিমল দেববর্মা। আগামীকাল তিনটি বিভাগের অন্তিম রাউন্ডের খেলা শেষ হলে প্রতিযোগিতার পরিসমাপ্তি ঘটবে এবং বিশেষ অনুষ্ঠানে বিজয়ীদের পুরস্কৃত করা হবে।

# শ্রীলঙ্কায় কমনওয়েলথ দাবায় অর্শিয়ার দ্বিতীয় স্বর্ণপদক, আরাধ্যা চতুর্থ


ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। কমনওয়েলথ যুব দাবায় অর্শিয়া দ্বিতীয় স্বর্ণপদক জয় করেছে। আজ, রবিবার শ্রীলঙ্কায় আয়োজিত আন্তর্জাতিক দাবার আসরে বিশেষ করে কমনওয়েলথ ইয়ুথ রেপিড চেজচ্যাম্পিয়নশিপ ২০২৪ অনূর্ধ ১৪ বালিকা বিভাগে ত্রিপুরার সোনার মেয়ে তথা ভারতের প্রতিনিধি অর্শিয়া দাস চ্যাম্পিয়ন শিরোপা অর্জন করে স্বর্ণপদক পেয়েছে। সাত রাউন্ডের খেলায় সাড়ে ছয় পয়েন্ট পেয়ে অর্শিয়া অপরাজিত চ্যাম্পিয়নের খেতাব নিয়ে স্বর্ণপদক পেয়েছে। একই বিভাগে ভারতের এস শানমাথি ৬ পয়েন্ট পেয়ে রৌপ্য পদক এবং রুহানি রাজ অশোদানী ৫ পয়েন্ট পেয়ে ব্রোঞ্জ পদক পেয়েছে। এদিকে অনূর্ধ ১০ বালিকা বিভাগে কমনওয়েলথ ইয়ঙথ রেপিড দাবা চ্যাম্পিয়নশিপে ত্রিপুরার আরেক সোনার মেয়ে তথা ওয়ার্ল ক্যান্ডিডেট মাস্টার আরাধ্যা দাস সাত রাউন্ডের খেলায় পাঁচ পয়েন্ট পেয়ে ভোকলস পয়েন্টের ভিত্তিতে চতুর্থ স্থান পেয়েছে। তিন দিন আগে বৃহস্পতিবারে আন্তর্জাতিক টুর্নামেন্টে অনূর্ধ ১৪ বালিকা বিভাগে ব্লিটজইভেন্টে ওয়ার্ল ক্যান্ডিডেট মাস্টার অর্শিয়া নয় রাউন্ডের খেলায় সাড়ে সাত পয়েন্ট পেয়ে চ্যাম্পিয়ন হয়ে স্বর্ণপদক পেয়েছিল। অনূর্ধ ১০ বছরের গ্রুপে ব্লিটজ ইভেন্টেও আরাধ্যা দাস চতুর্থ স্থান পেয়েছিল।

# আসামে পূর্বোত্তর ব্যাডমিন্টন : রাজ্য দল গঠনের সিলেকশন ট্রায়াল আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। রাজ্য দল গঠনের উদ্দেশ্যে সিলেকশন ট্রায়াল অনুষ্ঠিত হচ্ছে আগামীকাল। আসামে পূর্বোত্তর আসর তথা নর্থ ইস্ট ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হচ্ছে। আগামী সাত থেকে দশ সেপ্টেম্বর আসামে নর্থ ইস্ট ব্যাডমিন্টন চ্যাম্পিয়ন শিপে টিম পাঠানোর লক্ষ্যে রাজ্য দল গঠনের সিলেকশন ট্রায়াল ক্যাম্প ডেকেছে ত্রিপুরা ব্যাডমিন্টন এসোসিয়েশন। আগামীকাল রাজধানীর এন এস আর সি সি-তে সকাল আটটায় দল গঠনের বাছাই শিবির অনুষ্ঠিত হবে। অনূর্ধ ১৯ ছেলে ও মেয়ে এবং সিনিয়র পুরুষ ও মহিলা বিভাগে রাজ্য দল গঠন করা হবে। ইচ্ছুক ব্যাডমিন্টন খেলোয়াড়দের অংশগ্রহণের জন্য যথাসময়ে নির্দিষ্ট স্থানে উপস্থিত থাকার জন্য ত্রিপুরা ব্যাডমিন্টন এসোসিয়েশনের সম্পাদক রূপক সাহা অনুরোধ জানিয়েছেন।

# হলান্ডের টানা দ্বিতীয় হ্যাটট্রিক, শীর্ষে ম্যানসিটি

লন্ডন, ১ সেপ্টেম্বর (হি.স.):ইংলিশ প্রিমিয়ার লিগে দু সপ্তাহে দ্বিতীয় হ্যাটট্রিকের দেখা পেলেন হলান্ড। শনিবার রাতে লন্ডন স্টেডিয়ামে আর্লিং হলান্ডের হ্যাটট্রিকের সুবাদে স্বাগতিক ওয়েস্ট হ্যামকে ৩-১ গোলে হারাল ম্যানচেস্টার সিটি। আর এই জয়ে পয়েন্ট তালিকার শীর্ষে উঠে এল পেপ গার্দিওলার দল। ওয়েস্ট হ্যামের একমাত্র গোলটি সিটির রুবেন দিয়াসের আত্মঘাতী।১৯৯৪ সালের পর এই প্রথম প্রিমিয়ার লিগের কোনো খেলোয়াড় মরসুমে দলের প্রথম তিন ম্যাচের মধ্যে দুটিতেই হ্যাটট্রিক করলেন। আগের রেকর্ডটি ছিল ব্রাডফোর্ডের পল জুয়েলের।গত ম্যাচে ইপসউইচ টাউনের বিরুদ্ধে হ্যাটট্রিক করেছিলেন। শনিবার ওয়েস্ট হ্যামের বিপক্ষে হ্যাটট্রিক করলেন হলান্ড। লিগে তিন ম্যাচ খেলেই ৭ গোল করে ফেলেছেন হলান্ড। সব মিলিয়ে প্রিমিয়ার লিগে ৬৯ ম্যাচে ৭০ গোল করেছেন তিনি।



■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021-2023


# রক্তদানে দেশের মধ্যে সুনাম রয়েছে রাজ্যের ঃ মেয়র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** অল ত্রিপুরা বুক সেলার্স অ্যান্ড পাবলিশার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে রবিবার স্টুডেন্টস হেলথ হোম এক মেগা "রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল। এই রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার। রাজ্যের ব্লাড ব্যাংকের ভারসাম্য রক্ষা করার জন্য রক্তদানে এগিয়ে আসার আহ্বান রেখেছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা। আর মুখ্যমন্ত্রীর ডাকে সাড়া দিয়ে সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোগেও রক্তদান অব্যাহত রয়েছে রাজ্যে। রবিবার দি অল ত্রিপুরা বুক সেলার্স অ্যান্ড পাবলিশার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে স্টুডেন্টস হেলথ হোমে এক মেগা "রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল।

এই শিবিরে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার এবং ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয়গন চৌধুরী সহ অন্যান্যরা। অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে আগরতলা পুর নিগমের মেয়র বলেন রক্তের মধ্যে কোন ধর্ম লেখা থাকে না। যেকোনো কেউ রক্তদান করতে পারেন। রক্তের কোন বিকল্প নেই। তাই যারা রক্তদান করেন মানব ধর্মের শ্রেষ্ঠ ধর্ম পালন করে থাকেন। পাশাপাশি এই ধরনের আয়োজন করার জন্য দা অল ত্রিপুরা বুকসেলার্স এন্ড পাবলিশার্সদের ধন্যবাদ জানান মেয়র। এদিকে, রবিবার আগরতলার উজান অভয়নগর নিউ স্টার ক্লাবের নবনির্মিত ভবনের উদ্বোধন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। এই অনুষ্ঠানে উপস্থিত থেকে নবনির্মিত ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন আগরতলা পৌর নিগমের মেয়র দীপক মজুমদার।এছাড়াও এদিন নবনির্মিত ভবন উদ্বোধনের পাশাপাশি স্বেচ্ছায় এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল। শিবিরে স্বেচ্ছায় রক্তদান করেন ক্লাবের কর্মকর্তারা। এদিনের দুটি অনুষ্ঠানে মেয়র ছাড়াও বিশিষ্ট চিকিৎসক কনক চৌধুরী সহ ক্লাবের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। রক্তদান শিবিরে ৩০ জন্য রক্তদাতা স্বেচ্ছায় রক্ত দান করেন। অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে পুরো নিগমের মেয়র বলেন নিউ স্টার ক্লাব সবসময়ই সামাজিক কাজে এগিয়ে রয়েছে। পাশাপাশি সুন্দর সমাজ ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে নিউ স্টার ক্লাব অগ্রণী ভূমিকা নেবে, এই আশা ব্যক্ত করেন মেয়র দীপক মজুমদার।

## রাজনগরে ইন্ডি জোটের বিক্ষোভ মিছিল

**নিজস্ব প্রতিনিধি, কদমতলা, ১ সেপ্টেম্বর।।** বামগ্রেস ও বিজেপির সংঘর্ষের ঘটনায় বিজেপি সমর্থকদের গ্রেপ্তারের দাবিতে রাজনগরে ইন্ডিয়া জোটের বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ কর্মসূচি সংঘটিত হয়। কদমতলা ব্লক এলাকার রাজনগর গ্রাম পঞ্চায়েতে শপথ গ্রহণ অনুষ্ঠানকে ঘিরে বামগ্রেস ও বিজেপির মধ্যে মারামারির ঘটনাকে কেন্দ্র করে মামলা পাল্টা মামলায় সরগরম কদমতলার রাজনীতি।

ঘটনার দিনেই শাসক দল বিজেপি, বামগ্রেসের সাত জনের বিরুদ্ধে কদমতলা থানায় মামলা করেছিল এবং এরপরের দিনই ইন্ডিয়া জোটের নেতারা বিজেপির এগারো জনের বিরুদ্ধে পাল্টা মামলা করে কদমতলা থানায়। ঘটনা গত ৩০ আগস্ট দুপুর ১টা নাগাদ। ঐদিন যথারীতি কদমতলা ব্লক আধিকারিক ও পঞ্চায়েত অফিসারদের উপস্থিতিতে রাজনগর গ্রাম পঞ্চায়েতের শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয় রাজনগর কমিউনিটি হলে। যথারীতি অনুষ্ঠান পর্ব সুন্দরভাবেই সম্পূর্ণ হয়।

এরপরই সামান্য বিষয়কে কেন্দ্র করে দু"পক্ষের মধ্যে প্রথমে বাকবিতন্ডা শুরু হয়ে ও পরে মারামারির ঘটনা সংঘটিত হয়। এতে ঘটনাস্থলেই বিজেপির বেশ কয়েকজন কর্মী অল্পবিস্তর আহত হন। পরে মণ্ডল নেতারা খবর পেয়ে তাদের ঘটনাস্থল থেকে উদ্ধার করে। অপরদিকে বামগ্রেস শিবিরেরও বেশ কয়েকজন দলীয় কর্মী অল্পবিস্তর আহত হন বলে খবর। তাছাড়া এই ঘটনায় কমিউনিটি হলের চেয়ার টেবিল সহ অন্যান্য আসবাবপত্র ভেঙ্গে চুরমার করা হয়। সরকারি সম্পত্তি নষ্ট হওয়ায় এটা কোনভাবেই মেনে নিতে পারছেন না স্থানীয় সচেতন মহল।

এদিকে ঘটনার সঙ্গে সঙ্গেই বিজেপির মন্ডল সভাপতি থেকে শুরু করে মন্ডল নেতারা কদমতলা থানা ঘেরাও করে ঘটনায় জড়িতদের গ্রেফতারের দাবি জানায়। এর রেশ কাটতে না কাটতেই বিধায়ক ইসলাম উদ্দিন সহ বামগ্রেসের এক ঝাঁক কর্মীসমর্থকরা থানায় এসে বিজেপির এগারো জনের বিরুদ্ধে পাল্টা মামলা করেন।

এরই প্রতিবাদে শনিবার সন্ধ্যায় রাজনগর বাজারে সিপিএম কংগ্রেসের কর্মীরা যৌথভাবে বিক্ষোভ প্রতিবাদ কর্মসূচি সংঘটিত করে। বিক্ষোভ মিছিল করে পরে তারা সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে অভিযোগ জানান, বিজেপির সমর্থিতরা পরিকল্পিতভাবে পুলিশ প্রশাসনের সামনেই হামলা চালিয়েছে। তাই পুলিশ যেন এদের অতিসত্বর গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে আসে। এদিন তাদের এই বিক্ষোভ কর্মসূচির নেতৃত্বে ছিলেন রাজনগর অঞ্চল সম্পাদক জহরুল হক ও কংগ্রেস নেতা মানিক লাল দাস। তারা জানান, এখনই যদি পুলিশ সঠিক তদন্ত করে দোষীদের গ্রেপ্তার না করে তাহলে রাজ্য নেতাদের উপস্থিতিতে বৃহত্তর আন্দোলন সংঘটিত হবে কদমতলায়।

## প্রয়াত মন্ত্রী অনিল সরকারের ৮৬ তম জন্মবার্ষিকী পালিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** রবিবার প্রয়াত প্রাক্তন মন্ত্রী অনিল সরকারের ৮৬ তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করেছে ত্রিপুরাতে তপশিলি জাতিসংঘ সমিতি। এদিন রাজধানীর মেলার মাঠ থেকে তো আম্বেদকর ভবনে উনার জন্মবার্ষিকী উদযাপন করা হয়। এত প্রাক্তন মন্ত্রীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানিয়েছেন দলীয় নেতৃত্বরা। উপস্থিত ছিলেন সংগঠনের নেতা রতন কুমার ভৌমিক। এদিন প্রদত্ত প্রাক্তন মন্ত্রী ☞ ৬ এর পাতায় দেখুন



ত্রিপুরা গ্রামীন কৃষি ও সমবায় ব্যাংক এর ভাইস চেয়ারপার্সন পূর্ণিমা রায়ের নেতৃত্বে বন্যাত্রাণে মুখ্যমন্ত্রীর হাতে দশ হাজার টাকার চেক তুলে দিলেন সিস্টার নিবেদিতা ওমেন মাল্টিপারপাস সোসাইটির সদস্যরা।

## ধর্ষণকাণ্ডে জড়িতদের গ্রেপ্তার দাবি জানিয়ে পুলিশের দ্বারস্থ প্রদেশ মহিলা কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, সাব্রুম, ১ সেপ্টেম্বর।।** দক্ষিণ জেলা পুলিশ সুপারের দ্বারস্থ প্রদেশ মহিলা কংগ্রেস সভানেত্রী সর্বাণী ঘোষ সহ জেলা মহিলা কংগ্রেস সম্পাদক সম্পা দত্ত। পুলিশ সুপারের দ্বারস্থ হয়ে মহিলা কংগ্রেস নেতৃত্বরা দাবী জানান ,নাবালিকা ধর্ষণ কাণ্ডে জড়িতদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের।

এছাড়া রাজ্যের মহিলারা কেন নিরাপত্তা পাচ্ছে না প্রশ্ন তুলে এই ধরনের ঘটনা যেন পুনরাবৃত্তি না ঘটে ,পুলিশ প্রশাসন যাতে কঠোর পদক্ষেপ গ্রহণ করে সেই বিষয়ে আলোচনা করে দাবি জানান মহিলা কংগ্রেস নেতৃরা।

রবিবার দুপুর আড়াইটা নাগাদ দক্ষিণ জেলা পুলিশ সুপার কার্যালয়ে গিয়ে পুলিশ সুপার অশোক সীনহার সাথে সাক্ষাৎ করে এই দাবি জানান প্রদেশ মহিলা কংগ্রেস সভানেত্রী সহ জেলা সম্পাদক সম্পা দত্ত। উল্লেখ্য গত কিছু দিন পূর্বে সাব্রুম মহকুমার মনুবাজার থানাধীন এক নাবালিকা ধর্ষিতা হয় নিকট আত্মীয় বাড়ীতে বেড়াতে এসে। এই নাবালিকার বাড়িতে গেলেন ত্রিপুরা প্রদেশ মহিলা কংগ্রেস সভানেত্রী। জানা যায় নাবালিকাটি চারজন যুবক দ্বারা ধর্ষনের শিকার হয়েছিল। ঘটনা জানাজানি হতেই এই নিয়ে মামলা হয় মনু বাজার থানাতে।

মামলা হওয়ার পর পুলিশ চারজনের মধ্যে দুই জন কে গ্রেপ্তার করলেও বাকি দোষীদের এখন অবধি গ্রেপ্তার করতে পারে নি পুলিশ। আজ ত্রিপুরা মহিলা কংগ্রেসের এক প্রতিনিধি দল মেয়েটির পরিবারের সাথে কথা বলেন এবং পরিবারের পাশে থাকার আশ্বাস প্রদান করেন পাশাপাশি দোষীদের কঠোর শাস্তির দাবি জানিয়েছেন।

## বিরোধী শিবির ছেড়ে বিজেপিতে যোগদান করলেন ভোটাররা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** রবিবার কৃষ্ণপুর বিধানসভার এক যোগদান সভায় বিভিন্ন দলত্যাগ করে ১০০ জন ভোটার যোগ দিলেন বিজেপি দলে। এদিন নবাগতদের গেরুয়া পতাকা দিয়ে স্বাগত জানান জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা।

রবিবার কৃষ্ণপুর বিধানসভার জনজাতি মোর্চার উদ্যোগে এক যোগদান সভার আয়োজন করা হয়েছিল। এদিন বিধানসভার হলুদিয়াতে আয়োজিত যোগদান সভায় উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা।

অনুষ্ঠানে বিভিন্ন দল ত্যাগ করে ৪২ টি পরিবারের ১০০ জন ভোটার যোগদান করেন ভারতীয় জনতা পার্টি দলে। এদিন নবাগতদের গেরুয়া পতাকা দিয়ে স্বাগত জানিয়ে নিজদলে বরণ করেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। যোগদান সভায় বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী বলেন বর্তমানে প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদর মোদীজির নেতৃত্বে ভারতবর্ষ বিকাশের দিকে অগ্রগতি হচ্ছে। প্রধানমন্ত্রীর নির্দেশে এবং রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর ডাক্তার মানিক সাহার নেতৃত্বে ত্রিপুরায় যেভাবে উন্নয়ন হচ্ছে তার নিরিখেই আজ রাজ্যের মানুষ বিজেপি দলে শামিল হচ্ছেন।

## বন্যার্তদের পাশে সাউথ ত্রিপুরা ইউথ ফোরামের সাড়া জাগানো উদ্যোগ

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১ সেপ্টেম্বর।।** বন্যা কবলিত এলাকায় গিয়ে দুর্গত মানুষের পাশে দাঁড়ালো সাউথ ত্রিপুরা ইউথ ফোরাম।

আজ ১লা সেপ্টেম্বর দক্ষিণ জেলার দুটি মহকুমার আটটি বাছাইকৃত বিধ্বস্ত এলাকায় গিয়ে ত্রাণ সামগ্রী নিয়ে পীড়িত মানুষের হাতে তুলে দেয় সদস্যরা। জামা কাপড়, প্রসাধনী সামগ্রী,মশারী, শুকনো খাবার,পঠন সামগ্রী, ঔষধ, রান্নার বাসন,পানীয় জল,নিত্য প্রয়োজনীয় পণ্য সহ রকমারি জিনিস ছিল ত্রাণ সামগ্রীর মধ্যে। সাব্রুম মহকুমার পোয়াংবাড়ী এবং ধনীচন্দ্র পাড়া সহ চারটি শিবির, শান্তিরবাজার মহকুমার গার্দাঙ , ছয়ঘরিয়া,লাউগাঙ এবং সোনার টিলা এলাকার বন্যা দুর্গত শিবিরগুলোতে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।

সোনার টিলা উচ্চ বিদ্যালয়ে ফোরামের উদ্যোগে আয়োজিত হয় মেগা স্বাস্থ্য শিবির।

এখানে ১২১ রোগী বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে স্বাস্থ্য পরিষেবা বিনামূল্যে ঔষধ গ্রহনের সুযোগ নেন। পোয়াংবাড়ী হাই স্কুলে আয়োজিত স্বাস্থ্য শিবিরে ২০৩ জন রোগী অনুরূপ পরিষেবার সুযোগ নেন।সুবিধাভোগীরা সবাই এমন বড় পরিসরে উদ্যোগ নেবার জন্য সাউথ ত্রিপুরা ইউথ ফোরামের সদস্যদের ভূয়সী প্রশংসা করেন। আগামী দিনেও সমাজ ভাবনায় এ ধরনের উদ্যোগ জারি থাকবে বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়।

## বন্যাদুর্গতদের পাশে দুর্গা চৌমুহনীর বাজার ব্যবসায়ী সমিতি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** রাজ্যের বন্যা দুর্গতদের সাহায্যের জন্য এবার এগিয়ে আসলো দুর্গা চৌমুহনীর বাজার ব্যবসায়ী সমিতি। রবিবার এক অনুষ্ঠানের মাধ্যমে ব্যবসায়ি সমিতির পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর ত্রান তহবিলে পনেরো হাজার এক টাকা তুলে দেওয়া হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার।

রাজ্যে ভয়াবহ বন্যা পরিস্থিতির ফলে ১৫ হাজার কোটি টাকা ক্ষয়ক্ষতি হয়েছে। আর এই দুর্যোগপূর্ণ পরিস্থিতি উত্তরণ করতে হলে সরকারের পাশাপাশি সবার সহযোগিতা প্রয়োজন। তাই মুখ্যমন্ত্রীও সবাইকে সহযোগিতা করার আহবান করেছেন। যদিও মুখ্যমন্ত্রীর আহবানে সাড়া দিয়ে নানাভাবে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে বিভিন্ন সংগঠন। বিভিন্ন ক্লাব সংগঠনের পাশাপাশি ব্যক্তিগতভাবেও এগিয়ে আসছে জনগণ। তারই চিত্র অব্যাহত রয়েছে রাজ্যে। রবিবার বন্যা দুর্গতদের সাহায্যে হাত বাড়িয়ে দিল দুর্গা চৌমুহনী বাজার ব্যবসায়ী সমিতি। তারা বন্যা দুর্গতদের জন্য মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ১৫০০১ টাকা তুলে দেন। এদিনের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর ত্রান তহবিলে দেওয়া টাকা গুলো মেয়র দীপক মজুমদারের হাতে তুলে দিলেন দুর্গা চৌমুহনী ব্যবসায়ী সমিতির প্রতিনিধিরা।

## উত্তর জেলায় অনুষ্ঠিত হলো নাগরিক সংবর্ধনা অনুষ্ঠান

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১ সেপ্টেম্বর।।** ধর্মনগর বিবেকানন্দর সার্ধশতবার্ষিক ভবনে অনুষ্ঠিত হলো নাগরিক সংবর্ধনা। ধর্মনগরের বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে ধর্মনগর পৌর পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও ৫৬বিধানসভার অন্তর্গত নব নির্বাচিত জেলা পরিষদের সম্মানিত সদস্য সদস্যাগণ, কালাছড়া পঞ্চায়েতের সমিতির সম্মানিত ভাইস চেয়ারম্যান, গ্রাম পঞ্চায়েতের সম্মানিত প্রধান, উপপ্রধান সহ সকল সম্মানিত সদস্য - সদস্যাগণের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সকল নব নির্বাচিত পঞ্চায়েত, সমিতি, জেলা পরিষদ, প্রধান উপপ্রধানদের হতে সম্মাননা প্রদান তুলে দেন অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা।অনুষ্ঠানে গ্রাম শহরের সকল বিজেপির নেতৃত্ব ও কার্যকর্তা ভাই বোন, কাউন্সিলরগণ এবং প্রচুর বিজেপি সমর্থকগণ উপস্থিত ছিলেন এক কথায় ধর্মনগর বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে কোনায় কোনায় ছিল পরিপূর্ণ।

বিজেপির জেলা নেতৃত্ব করুণাময় নাথ, রবীন্দ্র সূত্রধর, হারান দাস এবং গায়ত্রী ঘোষ। তাছাড়া মন্ডল সভাপতি শ্যামল নাথ, বিজেপি নেতা অশোক দত্ত, জগৎজ্যোতি দেব সকলের উপস্থিতিতে সাফল্যমন্ডিত হয়ে ওঠে এই নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানটি।

## উদ্ভাবনী সামাজিক সংস্থার উদ্যোগে ত্রাণ বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১ সেপ্টেম্বর।।** উত্তর ত্রিপুরা জেলার উদ্ভাবনী সামাজিক সংস্থা সারা বছরই প্রাকৃতিক দুর্যোগ সহ সকল পরিস্থিতিতে সমাজের অসহায় মানুষদের পাশে থেকে মানুষের জন্য ধারাবাহিকভাবে সেবামূলক কাজ করে চলছে। সংস্থার কর্মসূচি রাজ্যে ঘটে যাওয়া বন্যাতেও তার ব্যতিক্রম হয়নি। সম্প্রতি রাজ্যের বিভিন্ন এলাকায় বন্যা বিভীষিকাময় এই ভয়াবহ পরিস্থিতিতে রাজ্যের বিভিন্ন জেলায় হাজার হাজার মানুষ যখন অসহায় অবস্থায় বিভিন্ন ত্রাণ শিবিরে আশ্রিত এই পরিস্থিতিতে বন্যা দুর্গতদের পাশে দাঁড়িয়েছে সামাজিক সংস্থার সদস্যরা। শনিবার উদ্ভাবনী সামাজিক সংস্থার উদ্যোগে গোমতি জেলার শালগড়া , আমতলী এবং বনদোয়ার এলাকায় বন্যার্তদের মধ্যে প্রয়োজনীয় বিভিন্ন খাদ্য সামগ্রী, স্বাস্থ্য সম্বন্ধীয় সামগ্রী ও কাপড় বিতরণ করা হয় প্রথম পর্যায়ে।

বর্তমান এই সংকটময় পরিস্থিতিতে সমস্ত মানুষদের পাশে একে অন্যের দাঁড়ানো আমাদের সকলের উচিত। সংস্থার পক্ষ থেকে ত্রাণ সামগ্রী বিতরণ আগামী দিনেও নিয়মিতভাবে চলবে। এই সংকটময় পরিস্থিতি থেকে দ্রুত উত্তরণের জন্য করুণাময় ঈশ্বরের কাছে প্রার্থনা সংস্থার সকল সদস্যদের।

## রাজ্যে বন্যায় আর্থিক সহায়তার জন্য

## প্রধানমন্ত্রী সহ বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী ও জনগনকে ধন্যবাদ জানাল রাজ্য বিজেপি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** রাজ্যের বন্যা পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকারের সাহায্যের জন্য ধন্যবাদ জানিয়ে রবিবার বিকেলে বিজেপি প্রদেশ কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। পাশাপাশি কেবিনেটের বিভিন্ন সিদ্ধান্তের জন্যও রাজ্য সরকারকে এদিনের সাংবাদিক সম্মেলন থেকে ধন্যবাদ জানানো হয়।

এদিনের এই সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ প্রবক্তা সুব্রত চক্রবর্তী এবং প্রদেশ সাধারণ সম্পাদক তথা বিধায়ক ভগবান চন্দ্র দাস।

রাজ্যের দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে বন্যা পীড়িতদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য সাধ্যমত চেষ্টা করেছে রাজ্য সরকার।

সেই সাথে বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থান তৈরি করা এবং যারা বিভিন্ন জায়গায় কর্মরত রয়েছেন তাদের আর্থিক সঙ্গতিবৃদ্ধির জন্য পদক্ষেপ নিয়েছে রাজ্য সরকার। সেই মোতাবেক গতকাল কেবিনেটের মিটিংয়ে জেআরবিটি গ্রুপ ডি পদে আড়াইহাজার পরীক্ষার্থীর ফল প্রকাশ ও নিয়োগ, ১০০০ পুলিশ কনস্টেবল পদে যে ইন্টারভিউ নেওয়া হয়েছিল তার ফল প্রকাশ নিয়োগ সহ একাধিক সিদ্ধান্তের কথা জানানো হয়। রাজ্য সরকারের এই জনমুখী সিদ্ধান্তের পাশাপাশি রাজ্যে ভয়াবহ বন্যায় প্রতিটি নিহত পরিবারকে ২ লক্ষ টাকা এবং আহত পরিবারদের পঞ্চাশ হাজার টাকা প্রদানের ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জি।

রবিবার প্রদেশ কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলন করে এই সমস্ত সিদ্ধান্তের জন্য রাজ্য সরকারের পাশাপাশি প্রধানমন্ত্রী কে ধন্যবাদ জানায় বিজেপি দল। এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ প্রবক্তা সুব্রত চক্রবর্তী, প্রদেশ বিজেপি সাধারণ সম্পাদক ভগবান চন্দ্র দাস এবং রাজ্যের মিডিয়া ইনচার্জ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে প্রদেশ প্রবক্তা প্রধানমন্ত্রী ও রাজ্য সরকারকে ধন্যবাদ জানানোর পাশাপাশি রাজ্যের ভয়াবহ দুর্যোগপূর্ণ পরিস্থিতি থেকে উত্তরণের জন্য মধ্যপ্রদেশ, উত্তর প্রদেশ, অরুনাচল প্রদেশ, আসাম, ছত্রিশগড় রাজ্যও সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। তাই এদিনের সম্মেলন থেকে সেই রাজ্যগুলোর মুখ্যমন্ত্রী এবং জনগণকেও ধন্যবাদ জানান। অন্যদিকে শপথ গ্রহণ নিয়ে কয়েকটি স্থানে দলীয় বিশৃঙ্খলার বিষয় নিয়ে আলোচনা করতে গিয়ে প্রদেশ সাধারণ সম্পাদক ভগবান চন্দ্র দাস বলেন এবিষয়ে বিজেপি দল কঠোর মনোভাব গ্রহণ করেছে। দলীয় শৃঙ্খলা ভঙ্গের বিরুদ্ধে যারাই জড়িত থাকবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবে বিজেপি দল।

## বর্তমানে রাজ্যের ক্লাবগুলি সামাজিক কাজে অগ্রণী ভূমিকা রাখছে: রাজীব ভট্টাচার্য



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** আগরতলা জগহরমুড়াস্থিত সরোজ সংঘ ক্লাবের ৬০ তম প্রতিষ্ঠা দিবসকে কেন্দ্র করে রবিবার রক্তদান শিবির সহ বেশ কয়েকটি কর্মসূচি পালন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপি দলের প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য। আগরতলা জগহরিমুড়াস্থিত সরোজ সংঘ ক্লাবের ৬০ তম প্রতিষ্ঠা দিবস কে কেন্দ্র করে রবিবার রক্তদান শিবির সহ বেশ কয়েকটি কর্মসূচি পালন করা হয়। এদিন একদিকে চলে রক্তদান অন্যদিকে তার পাশাপাশি চারটি বিভাগের চলে অঙ্কন প্রতিযোগিতা। সরোজ সংঘ ক্লাবের ৬০ তম বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার অভিভাবক তথা বিজেপি দলের প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য।এছাড়াও স্থানীয় কাউন্সিলর অঞ্জনা দাস, সমাজসেবক চন্দ্র শেখর দেব, ক্লাব সভাপতি-সম্পাদক সহ আরো অনেকে উপস্থিত ছিলেন। অঙ্কন প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিরা।অনুষ্ঠান চলাকালীন এক সাক্ষাৎকারে প্রদেশ বিজেপি সভাপতি বলেন এক সময়ে ক্লাবগুলোর মধ্যে দেখা যেত মাসুল পাওয়ারের প্রতিযোগিতা। কিন্তু বর্তমানে রাজ্যের ক্লাবগুলো সামাজিক কাজে অগ্রণী ভূমিকা পালন করছে। সরোজ সংঘ ক্লাবের খেলাধুলার পাশাপাশি এই ধরনের ভূমিকা গ্রহণের প্রশংসা করেন প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য।

## নির্দেশকে উপেক্ষা করে ভারতরত্ন সংঘের পুজোর আয়োজন, বাধা মানতে নারাজ এলাকাবাসী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।।** পুলিশ প্রশাসনের বাধা সত্বেও মাঠ পরিষ্কার করে দুর্গা পুজো করার উদ্যোগ নিয়েছে উষাবাজার ভারতরত্ন সংঘের এলাকাবাসী। রবিবার এক সাক্ষাৎকারে এলাকাবাসী জানান দুর্গাপুজো করার জন্যই তারা পরিষ্কারের কাজ শুরু করেছেন।

আগরতলা উষাবাজার ভারতরত্ন সংঘ ক্লাবটি সরকারি খাস জায়গায় গড়ে তোলার কারণে বেশ কিছুদিন আগে ভেঙ্গে দিয়েছিল প্রশাসন। আর এই ক্লাবের জায়গায় প্রতিবারের মতো এবারও দুর্গা পুজো করার জন্য রবিবার পরিষ্কারের কাজে হাত দিয়েছেন ক্লাব সদস্য ও এলাকাবাসী।

এদিন ক্লাব সদস্য ও এলাকাবাসীরা পুরো মাঠ পরিষ্কার করতে আসার পর তাদের বাধা দেয় পুলিশ প্রশাসন। স্থানীয়রা যাতে এই মাঠ পরিষ্কার না করে তার জন্য পরিষ্কার জানিয়ে দেয় প্রশাসন। কিন্তু এলাকাবাসীর পাল্টা বক্তব্য বিগত ৭০ বছর ধরে তারা এই মাঠে পুজো করে আসছেন। তাহলে হঠাৎ করে কেন তাদেরকে বাধা দেওয়া হচ্ছে। তারা পুজো করবে বলে প্রশাসনের নিকট চিঠি প্রেরণ করেছেন।

কিন্তু প্রশাসনের তরফ থেকে কোন ধরনের উত্তর এখনো দেওয়া হয়নি। প্রশাসন এই ধরনের ভূমিকা নিয়ে নানা প্রশ্ন তুলছেন এলাকাবাসী। এলাকাবাসীদের বক্তব্য হল হাতেগোনা কয়েকদিন পরেই বাঙ্গালীদের শ্রেষ্ঠ পার্বণ দুর্গাপূজা। আর এই পার্বনকে সামনে রেখেই তারা মাঠ পরিষ্কার কাজে হাত লাগিয়েছিলেন বলে উল্লেখ করেন স্থানীয় মানুষ।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।

8th-6th page -2024 darpan print.pmd 2 02-09-2024, 01:02